# বিজ্ঞান ও যোগাযোগ প্রযুক্তি
# Science and Communication Technology

## ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়

২০১৪ সালে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়কে একীভূত করে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সৃষ্টি করা হয়।

### ক) ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

- *বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (Bangladesh Telecommunication Regulatory Commission - BTRC)* কার্যক্রম শুরু করে ২০০২ সালের ৩১ জানুয়ারি। এর তত্ত্বাবধানে দেশের প্রথম কৃত্রিম উপগ্রহ 'বাংলাদেশ-১' (পূর্বনাম বঙ্গবন্ধু-১) মহাকাশযান ফ্যালকন-৯ ব্লক ৫ এর সাহায্যে ফ্লোরিডার কেনেডি স্পেস সেন্টার থেকে যুক্তরাষ্ট্রের স্থানীয় সময় ১১ মে, ২০১৮ বিকাল ৪টা ১৪ মিনিটে (বাংলাদেশ সময় ১২ মে, ২০১৮ রাত ২টা ১৪ মিনিটে) উৎক্ষেপণ করা হয়। এর মধ্য দিয়ে বিশ্বের ৫৭তম স্যাটেলাইট ক্ষমতাধর দেশের তালিকায় যুক্ত হয় বাংলাদেশ। এটি একটি ভূস্থির উপগ্রহ (Geostationary satellites : GEO)। 'বাংলাদেশ-১' স্যাটেলাইট প্রকল্প আন্তর্জাতিক টেলিকমিউনিকেশন সংস্থার (ITU) 'রিকগনিশন অফ এক্সিলেন্স' পুরস্কার পেয়েছে।



বাংলাদেশ-১ স্যাটেলাইটের প্রতিকৃতি

| | |
|---|---|
| আয়ুষ্কাল | ১৫ বছর |
| উৎক্ষেপণ-কারী | SpaceX California, (USA) |
| নির্মাতা ও রক্ষণাবেক্ষণ | Thales Alenia Space (France) |
| কক্ষপথ | ১১৯.১° পূর্ব দ্রাঘিমাংশ |
| কক্ষপথে দ্রুতি | ৩.০৭ কি.মি. /সে. |
| ট্রান্সপন্ডার | ৪০টি |

- *বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (Bangladesh Satellite Company Limited - BSCL)* - বঙ্গবন্ধু-১ স্যাটেলাইট এর উৎক্ষেপণ পরবর্তী কার্যক্রম পরিচালনা, স্থল স্টেশন থেকে উপগ্রহকে নিয়ন্ত্রণ করা, বিপণন ও বিক্রয় সেবা ইত্যাদির জন্য BSCL (পূর্বনাম BCSCL) প্রতিষ্ঠিত হয়েছে। গাজীপুরের জয়দেবপুরে স্যাটেলাইটটির মূল গ্রাউন্ড কন্ট্রোল স্টেশন স্থাপিত হয়। বিকল্প নিয়ন্ত্রণ কেন্দ্র হিসেবে রাঙ্গামাটির বেতবুনিয়া গ্রাউন্ড স্টেশনটি ব্যবহার করা যাবে।
- *বাংলাদেশ সাবমেরিন কেবল কোম্পানি লিমিটেড (Bangladesh Submarine Cable Company Limited -BSCCL)*
- *বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানি লিমিটেড (Bangladesh Telecommunication Company Limited - BTCL)* : ২০০৮ সালে বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড (BTTB) পাবলিক লিমিটেড কোম্পানিতে রূপান্তরিত হয়ে বিটিসিএল হিসেবে যাত্রা শুরু করে।
- *টেলিটক বাংলাদেশ লিমিটেড* : বাংলাদেশের একমাত্র রাষ্ট্রায়ত্ত মোবাইল ফোন অপারেটর প্রতিষ্ঠান।
- *টেলিফোন শিল্প সংস্থা লি.* (টেশিস) সদর দপ্তর গাজীপুরের টঙ্গীতে অবস্থিত। 'দোয়েল' টেশিস কর্তৃক তৈরি ও অ্যাসেম্বেলকৃত বাংলাদেশের প্রথম ল্যাপটপ বা নোটবুক।
- *ডাক অধিদপ্তর*

### খ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (ICT Division)

- *বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ* : হাইটেক পার্ক মূলত উচ্চ তথ্য প্রযুক্তি নির্ভর বিশেষ স্থান। কর্তৃপক্ষের অধীনস্থ উল্লেখযোগ্য পার্ক সমূহ নিম্নরূপ-
  - কালিয়াকৈর হাই-টেক পার্ক, , গাজীপুর : বাংলাদেশের প্রথম হাই-টেক পার্ক।
  - সফটওয়্যার টেকনোলজি পার্ক, বেজপাড়া, যশোর
  - হাই-টেক পার্ক, রাজশাহী (নির্মীয়মাণ)
  - হাই-টেক পার্ক, সিলেট (নির্মীয়মাণ)
- *বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)* : আগারগাঁও, ঢাকা। প্রতিষ্ঠা ১৯৯০ সালে। বিসিসির 'ফোর টায়ার ন্যাশনাল ডেটা সেন্টার' গাজীপুর জেলার কালিয়াকৈরে অবস্থিত।

## MCQ Solution

**১. বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ডের বর্তমান নাম কি?** [সমাজসেবা অধিদপ্তরের ফিল্ড সুপারভাইজার : ১৭]

ⓚ BTTB ⓛ BTCC
ⓖ BTCL ⓘ BTRC **উত্তর: গ**

**২. BTRC-এর পূর্ণরূপ কোনটি?** [৩২তম বিসিএস/ চবি (ই ইউনিট) : ১৪-১৫]

ⓚ Bangladesh Telecommunication Regulatory Corporation
ⓛ Bangladesh Telecommunication Regulatory Commission
ⓖ Bangladesh Telegraphic Regulatory Commission
ⓘ Bangladesh Telegraphic Regulatory Corporation **উত্তর: খ**

Scanned with CamScanner

৩. বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন কখন চালু হয়? [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]
ⓚ ১৯৭২ সালে ⓚh ১৯৮১ সালে
ⓖ ১৯৯৮ সালে ⓖh ২০০২ সালে উত্তর: ঘ

৪. বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ কিসের নাম? [SFDF'র মাঠ সংগঠক : ২৩]
ক উপগ্রহের খ নৌজাহাজের
গ মহাকাশ যানের ঘ যুদ্ধ জাহাজের উত্তর: ক

৫. বাংলাদেশের প্রথম স্যাটেলাইটের নাম- [রেলপথ মন্ত্রণালয়ের কম-কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২৩/ পরিবেশ অধিদপ্তরের গবেষণাগার সহকারী : ২৩]
ক বাংলা-১ খ বঙ্গবন্ধু
গ বঙ্গবন্ধু-১ ঘ আকাশ-১ উত্তর: গ

৬. বঙ্গবন্ধু-১ স্যাটেলাইট কোন দেশ থেকে উৎক্ষেপণ করা হয়? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ২১]
ক রাশিয়া খ ফ্রান্স
গ যুক্তরাজ্য ঘ যুক্তরাষ্ট্র উত্তর: ঘ

৭. বঙ্গবন্ধু কৃত্রিম উপগ্রহ-১ কোন জায়গা থেকে মহাকাশে উৎক্ষেপণ করা হয়? [NSI'র জুনিয়র ফিল্ড অফিসার : ২১]
ক স্কটল্যান্ড খ ভার্জিনিয়া
গ ফ্লোরিডা ঘ টেক্সাস উত্তর: গ

৮. **Bangabandhu Satellite 1 was launched from which place?** [Sonali, Janata Bank Ltd. Senior Officer (IT) : 18] *Or,*
বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ কোন স্পেস সেন্টার থেকে উৎক্ষেপণ করা হয়? [BPSC'র ব্যক্তিগত কর্মকর্তা : ২৪/ NSI এর ফিল্ড অফিসার : ২১]
ⓐ Zurich Space Center
ⓑ London Space Center
ⓒ Kennedy Space Center
ⓓ New York Space Center **Ans. c**

৯. বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ বহনকারী রকেটের নাম কি? [বাংলাদেশ রেলওয়ে বুকিং সহকারী : ২৪/ পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা : ২২]
ক ফ্যালকন-৯ খ ফ্যালকন-৮
গ ফ্যালকন-৭ ঘ ফ্যালকন-৬ উত্তর: ক

১০. বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ কবে উৎক্ষেপণ করা হয়? [অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তরের অডিটর : ২৪/ বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ২৩]
ক ১০ মে, ২০১৮ খ ০৯ জুন, ২০১৮
গ ১১ মে, ২০১৮ ঘ ১২ জুন, ২০১৮ উত্তর: গ

১১. বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ বাংলাদেশের মান সময় কত তারিখে মহাকাশে উৎক্ষেপণ করা হয়? [MRA'র সহকারী পরিচালক : ২৩]
ক ১১ মে, ২০১৮ খ ১২ এপ্রিল, ২০১৮
গ ১২ মে, ২০১৮ ঘ ১১ জুন, ২০১৮ উত্তর: গ

১২. বাংলাদেশ মহাকাশে স্যাটেলাইট প্রেরণকারী কততম দেশ? [বাংলাদেশ ডাক বিভাগের পোস্টম্যান : ২৪/ BRTC-এর কন্ডাক্টর-ডি : ২২]
ক ৪০তম খ ৫৭তম
গ ৪৭তম ঘ ৩৭তম উত্তর: খ

১৩. বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ কোন ধরনের কৃত্রিম উপগ্রহ? [BPSC'র সহকারী ইঞ্জিনিয়ার : ২২]
ক GEO খ LEO
গ MEO ঘ কোনটিই নয় উত্তর: ক

১৪. বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মেয়াদকাল (Life span) কত বছর? [SFDF'র মাঠ সংগঠক : ২৩/ সিজিডিএফ কার্যালয়ের অডিটর : ১৯]
ক ১০ খ ১২
গ ১৫ ঘ ১৮ উত্তর: গ

১৫. বাংলাদেশের প্রথম উপগ্রহ 'বঙ্গবন্ধু- ১' উৎক্ষেপণকারী সংস্থা- [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২/ ১১তম বিজেএস পরীক্ষা : ১৭]
ক স্পেস এক্স খ থ্যালেন্স অ্যানেলিয়া স্পেস
গ অ্যারিয়েন স্পেস ঘ নাসা স্পেস এক্স উত্তর: ক

১৬. **The headquarter of SpaceX is located in-** [Janata Bank Ltd. Asst. Executive Officer: 19]
ⓐ California ⓑ London
ⓒ New York ⓓ Moscow **Ans. a**

১৭. কোন দেশের প্রতিষ্ঠান বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ তৈরি করেছে? [SFDF'র মাঠ সংগঠক : ২৪/ রাবি (বি ইউনিট : গ্রুপ-২) : ২০-২১]
ক মার্কিন যুক্তরাষ্ট্র খ ফ্রান্স
গ ইংল্যান্ড ঘ জার্মানি উত্তর: খ

১৮. বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর নির্মাতা প্রতিষ্ঠানের নাম কী? [LGED'র অফিস সহকারী : ২৩/ BHBFC'র ডেটা এন্ট্রি অপারেটর : ২৩]
ক থ্যালেস এ্যালেনিয়া খ স্পেস এক্স
গ নাসা ঘ স্পটনিক উত্তর: ক

১৯. বঙ্গবন্ধু-১ উপগ্রহটি মহাকাশে কোন দ্রাঘিমায় স্থাপিত? [ডাক অধিদপ্তরের এস্টিমেটর : ১৮]
ক ১২১.৫ খ ১১৯.১
গ ১০৭.৯ ঘ ১১০.০ উত্তর:
ব্যাখ্যা: বঙ্গবন্ধু-১ উপগ্রহটি মহাকাশের ১১৯.১° পূর্ব দ্রাঘিমায় স্থাপিত।

২০. বঙ্গবন্ধু স্যাটেলাইট তার কক্ষপথে ঘুরার দ্রুতি হলো- [BPSC'র ইস্ট্রাক্টর : ২৩]
ক 4K $ms^{-1}$ খ 3.07 km $sec^{-1}$
গ 4.07 km $sec^{-1}$ ঘ 5.07 km $sec^{-1}$ উত্তর: খ

২১. বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর ট্রান্সপন্ডার সংখ্যা কয়টি? [খুলনা বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৮-১৯]
ক ২০ খ ৩০
গ ৪০ ঘ ৫০ উত্তর: গ

২২. **Satellite Communication works through-** [Combined 5 Banks Officer (General) : 22]
ক Radar খ Fiber Optic Cable
গ Transponder ঘ TV signal উত্তর: গ

Scanned with CamScanner

২৩. **বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর নিয়ন্ত্রক সংস্থার নাম কী?** [বন অধিদপ্তরের অফিস সহকারী কাম-কম্পিউটার : ২৩]

**উত্তর:** বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লি. (BSCL)।

২৪. **বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর গ্রাউন্ড স্টেশন কোথায় স্থাপন করা হয়?** [স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনিশিয়ান : ২৩/ চবি (বি ইউনিট) : ১৯-২০]

ⓚ গাজীপুর ও বেতবুনিয়া ⓚ মানিকগঞ্জ ও কেরানীগঞ্জ
ⓖ চট্টগ্রাম ও খুলনা ⓖ ঢাকা ও গাজীপুর **উত্তর:** ক

২৫. **Where is the secondary ground station of Bangagandhu Satellite-1 located?** [IFIC Bank Ltd. Transaction Service Officer : 19]

ⓐ Gazipur ⓑ Betbunia
ⓒ Farnce ⓓ Russia **Ans.** b

২৬. **BTCL এর পূর্ণনাম কোনটি?** [ইসলামী বিশ্ব: (সি-ইউনিট) : ০৯-১০]

ⓚ Bangladesh Telephone Company Limited
ⓚ Bangladesh Telecommunication Company Limited
ⓖ Bangladesh Telex Company Limited
ⓖ None of them **উত্তর:** খ

২৭. **বাংলাদেশের টেলিফোন শিল্প সংস্থা কোথায় অবস্থিত?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ঝিলাম) : ১৩]

ⓚ খুলনা ⓚ টঙ্গী
ⓖ পতেঙ্গা ⓖ বগুড়া **উত্তর:** খ

২৮. **DOEL ল্যাপটপ প্রস্তুতকারী প্রতিষ্ঠান-** [যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২৩/ কৃষি মন্ত্রণালয়ের ডাটা এন্ট্রি অপারেটর : ২১]

ⓚ টেশিস ⓚ বিটিআরসি
ⓖ বিসিসি ⓖ ইন্টেল কর্পোরেশন **উত্তর:** ক

২৯. **বাংলাদেশে তৈরি ল্যাপটপ–** [BPDB'র নিরাপত্তা প্রহরী : ২৩/ কৃষি মন্ত্রণালয়ের ডাটা এন্ট্রি অপারেটর : ২৩]

ⓚ শাপলা ⓚ দোয়েল
ⓖ যমুনা ⓖ এসার **উত্তর:** খ

৩০. **The submarine cable project is under the supervision of which ministry?** [Bangladesh Development Bank Limited officer : 14]

*Or,*

**'সাবমেরিন ক্যাবল' প্রকল্পটি কোন মন্ত্রণালয়ের কার্যক্রম?** [২৫তম বিসিএস/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৩-১৪]

ⓐ Finance (অর্থ)
ⓑ Foreign (পররাষ্ট্র)
ⓒ Postal & Telecommunication (ডাক ও টেলিযোগাযোগ)
ⓓ Science & ICT (বিজ্ঞান ও প্রযুক্তি) **Ans.**

**ব্যাখ্যা:** সঠিক উত্তর ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়।

৩১. **হাইটেক পার্ক কী?** [বাংলাদেশ নির্বাচন কমিশনের স্টোর কিপার : ২৩]

ⓚ তথ্য প্রযুক্তি কেন্দ্র ⓚ আধুনিক লাইব্রেরী
ⓖ বিনোদন কেন্দ্র ⓖ কোনটিই নয় **উত্তর:** ক

৩২. **বঙ্গবন্ধু হাইটেক সিটি কোন জেলায় অবস্থিত?** [পররাষ্ট্র মন্ত্রাণায়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২]

ⓚ রাজশাহী ⓚ গাজীপুর
ⓖ চট্টগ্রাম ⓖ খুলনা **উত্তর:** খ

৩৩. **তথ্যপ্রযুক্তি খাতের উন্নয়নে দেশের প্রথম হাইটেক পার্ক (Hi-Tech Park) কোথায় অবস্থিত?** [গ্রামীণ ব্যাংক এর শিক্ষানবিস অফিসার : ২৩/ ভূমি মন্ত্রণালয়ের অফিস সহায়ক : ২৩]

ⓚ ঢাকা জেলার সাভার
ⓚ চট্টগ্রাম জেলার রাউজান
ⓖ গাজীপুর জেলার কালিয়াকৈর
ⓖ সিলেট জেলার বিয়ানি বাজার **উত্তর:** গ

৩৪. **বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কত সালে প্রতিষ্ঠিত হয়?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর : ২১]

ⓚ ১৯৮৮ ⓚ ১৯৮৯
ⓖ ১৯৯০ ⓖ ১৯৯১ **উত্তর:** গ

৩৫. **বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের 'ফোর টায়ার ন্যাশনাল ডাটা সেন্টার' কোথায় অবস্থিত?** [ডিসি কার্যালয় গাজীপুরের হিসাব সহকরী : ২৩]

**উত্তর:** গাজীপুর জেলার কালিয়াকৈরে।

## ডাক যোগাযোগ

**ইতিহাস**

১৯৭১ (২৯ জুলাই) মুজিবনগর সরকার ৮টি স্মারক প্রচারণামূলক ডাকটিকিট চালু করে। এটি বাংলাদেশের




প্রথম ডাকটিকিট। নকশাকার ছিলেন বিমান মল্লিক। টিকিট বিক্রয়ের জন্য দায়িত্ব দেয়া হয় 'বাংলাদেশ ফিলাটেলিক এজেন্সি' নামের প্রতিষ্ঠানকে।

১৯৭২ (একুশে ফেব্রুয়ারি) শহিদ মিনারের ছবি সম্বলিত ডাকটিকিট প্রকাশিত হয়। এটি ছিল স্বাধীনতার পর প্রকাশিত প্রথম ডাকটিকিট। ২০ পয়সা মূল্যমানের এই ডাকটিকিটটির নকশাকার ছিলেন বিপি চিতনিশ।




Scanned with CamScanner

(২৬শে মার্চ) স্বাধীনতা সংগ্রামের প্রতীক হিসাবে আগুনের ফুলকি সম্বলিত ডাকটিকিট প্রকাশিত হয়। এই ডাকটিকিটটির নকশাকার ছিলেন নিতুন কুন্ডু।



## বাংলাদেশ ডাক বিভাগ

'সেবাই আদর্শ' মূলমন্ত্র নিয়ে অদ্যাবধি দেশ সেবায় নিয়োজিত 'বাংলাদেশ ডাক বিভাগ'। বাংলাদেশ ডাক বিভাগ আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে ১৯৭১ সালের ২০ ডিসেম্বর। ১৯৭৩ সালের ৭ ফেব্রুয়ারি বাংলাদেশ ইউনিভার্সাল পোস্টাল ইউনিয়নের (ইউপিইউ) সদস্যপদ লাভ করে। ১৯৮৬ সালের ২২ ডিসেম্বর থেকে বাংলাদেশের ডাক কোড ব্যবস্থা চালু হয়।




**জনবল :** বাংলাদেশ ডাক বিভাগ এর প্রধান কর্মকর্তার পদবি মহাপরিচালক (Director General)। সমগ্র বাংলাদেশ পাঁচটি ডাক অঞ্চলে বিভক্ত এবং প্রতি অঞ্চলের প্রধান একজন পোস্ট মাস্টার জেনারেল।

### সেবাসমূহ

| | |
|---|---|
| GEP | ১৯৮৪ সালের ১৯ ফেব্রুয়ারি থেকে 'Guaranteed Express Post' চালু করে দেশের অভ্যন্তরীণ জরুরি ডাক বিলির ব্যবস্থা করা হয়। |
| *EMS* | চিঠিপত্র, ডকুমেন্টস এবং জিনিসপত্র ৭২ ঘণ্টার মধ্যে বিশ্বের বিভিন্ন দেশে পাঠানো সম্ভব হয়। |
| *E-POST* | ২০০০ সালের ১৬ আগস্ট দেশে ইলেকট্রনিক মেইল সার্ভিস চালু হয়। |
| *EMTS* | ২০১০ সালে 'Electronic Money Transfer Service' চালু হয় - যার মাধ্যমে মোবাইল ফোন ব্যবহার করে দেশের বিভিন্ন অঞ্চলে টাকা পাঠানো সম্ভব হয়। |
| *E-PAY* | ২০১২ সালে 'পোস্ট ই-পে' নামে মোবাইল ব্যাংকিং শুরু করে। |
| *নগদ* | ২০১৯ সালে মোবাইল ব্যাংকিং সেবা বা ডিজিটাল আর্থিক সেবা 'নগদ' চালু হয়। ২০২৩ সালে 'নগদ ফাইন্যান্স পিএলসি' নামে নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান হিসেবে অনুমোদন লাভ করে নগদ। |

**পোস্টাল জাদুঘর :** বাংলাদেশ ডাক বিভাগ দেশের ডাক ইতিহাস-ঐতিহ্য সংরক্ষণের লক্ষ্যে ১৯৮৫ সালে ঢাকা জিপিওতে একটি পূর্ণাঙ্গ ডাক জাদুঘর স্থাপন করে। ১৯৬৬ খ্রিষ্টাব্দে ঢাকা জিপিওতে ক্ষুদ্র পরিসরে এ জাদুঘরটির যাত্রা শুরু হয়।

**পোস্টাল একাডেমি :** ডাক বিভাগের কর্মকর্তা-কর্মচারীগণের প্রশিক্ষণের লক্ষ্যে ১৯৮৬ সালে রাজশাহীতে দেশের একমাত্র 'পোস্টাল একাডেমি' প্রতিষ্ঠিত হয়।

## MCQ Solution

**১. বাংলাদেশের ডাক বিভাগের মনোগ্রামে লেখা থাকে -** [টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক : ০৪]
ⓚ সেবাই আদর্শ ⓚ সদা জাগ্রত
ⓖ সেবা, আদর্শ ও সততা ⓖ সেবা ও সততা **উত্তর: ক**

**২. বাংলাদেশ ডাক বিভাগের শ্লোগান কি?** [শিক্ষা মন্ত্রণালয়ের উপসহকারী প্রকৌশলী (ড্রাফটসম্যান) : ২২]
ⓚ সেবাই ধর্ম ⓚ সেবাই আদর্শ
ⓖ সেবাই মানবতা ⓖ সেবাই শ্রেষ্ঠ **উত্তর: খ**

**৩. বাংলাদেশে সর্বপ্রথম কবে থেকে ডাক বিভাগের কার্যক্রম শুরু হয়?** [পোস্টমাস্টার জেনারেল কার্যালয় (খুলনা অঞ্চল) এর মেইল অপারেটর : ২৩]
ⓚ ১৯৭১ সালের ২০ ডিসেম্বর
ⓚ ১৯৭১ সালের ২৫ মার্চ
ⓖ ১৯৭১ সালের ১৭ এপ্রিল
ⓖ ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর **উত্তর: ক**

**৪. ডাক বিভাগের সর্বোচ্চ পদের নাম কি?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর : ১৬]
ⓚ পোস্ট মাস্টার জেনারেল ⓚ জেনারেল পোস্ট মাস্টার
ⓖ ডাইরেক্টর জেনারেল অব বাংলাদেশ পোস্ট অফিস
ⓖ ডাইরেক্টর অব পোস্ট মাস্টার **উত্তর: গ**

**৫. বাংলাদেশে পোস্টাল কোড চালু হয়-** [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৫-১৬]
ⓚ ১৯৮৬ সালে ⓚ ১৯৮৫ সালে
ⓖ ১৯৭৫ সালে ⓖ ১৯৮০ সালে **উত্তর: ক**

**৬. 'পোস্টাল কোড' কী নির্দেশ করে?** [মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা : ১৬]
ⓚ ডাক বিভাগের নাম ⓚ প্রাপকের ঠিকানা
ⓖ চিঠি লেখার স্থান ⓖ পোস্ট অফিসের নাম **উত্তর: ঘ**

**৭. বাংলাদেশের সর্বপ্রথম ডাকটিকিট চালু হয়েছিল কত সালে?** [জেলা ও দায়রা জজ আদালত, খুলনা এর জারীকারক : ২৪]
**উত্তর:** ২৯ জুলাই, ১৯৭১।

**৮. মুজিবনগর সরকারের ডাকটিকিটের ডিজাইনার কে ছিলেন?** [ইসলামী বিশ্ববিদ্যালয় (জি-ইউনিট) : ১৫-১৬]
ⓚ কামরুল হাসান ⓚ জয়নুল আবেদীন
ⓖ বিমান মল্লিক ⓖ হাশেম খান **উত্তর: গ**

**৯. বাংলাদেশের প্রথম ডাকটিকেটের ডিজাইনার কে ছিলেন?** [CAAB এর নিরাপত্তা অপারেটর : ২১]
ⓚ কামরুল ইসলাম ⓚ নিতুন কুণ্ড
ⓖ কাইয়ুম চৌধুরী ⓖ বিমান মল্লিক **উত্তর: ঘ**

১০. **স্বাধীনতার প্রথম ডাকটিকিটে কোন ছবি ছিল?** [BPSC'র সিনিয়র স্টাফ নার্স : ২৩/ DSHE'র কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২২]
ⓚ জাতীয় স্মৃতিসৌধ ⓚ লালবাগের কেল্লা
ⓖ সোনা মসজিদ ⓖ বাংলাদেশের ম্যাপ **উত্তর: ঘ**

১১. **স্বাধীনতার পর প্রথম ডাকটিকিটে কোন ছবি ছিল?** [২৪তম বিসিএস]
ⓚ জাতীয় স্মৃতিসৌধ ⓚ লালবাগের কেল্লা
ⓖ সোনা মসজিদ ⓖ শহিদ মিনার **উত্তর: ঘ**

১২. **স্বাধীনতার সংগ্রামের বীর মুক্তিযোদ্ধাদের স্মৃতিস্বরূপ ডাক টিকিট প্রকাশ করা হয়েছিল কত সালে?** [পোস্টমাস্টার জেনারেল কার্যালয় (খুলনা অঞ্চল) এর মেইল অপারেটর : ২৩]
ⓚ ১৯৭২ ⓚ ১৯৭৩
ⓖ ১৯৭৪ ⓖ ১৯৭১ **উত্তর: ক**

১৩. **জি.ই.পি এর পূর্ণ ব্যাখ্যা হচ্ছে -** [ঢাকা বিশ্ব: (গ ইউনিট) : ৯৪-৯৫]
ⓚ জেনারেল ইকনমিক পজিশন
ⓚ গ্যারান্টেড এক্সপ্রেস পোস্ট
ⓖ গ্লোবাল ইকনমিক পজিশন
ⓖ কোনোটিই নয় **উত্তর: খ**

১৪. **বাংলাদেশ ডাক বিভাগ গ্যারান্টেড এক্সপ্রেস পোস্ট কখন চালু করে?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৪]
ⓚ ১০ জানুয়ারি, ১৯৮২ ⓚ ২৪ জানুয়ারি, ১৯৮৩
ⓖ ১৯ ফেব্রুয়ারি, ১৯৮৪ ⓖ ২৮ ফেব্রুয়ারি, ১৯৮৪ **উত্তর: গ**

১৫. **GEP ব্যবহার করা হয় ...... যোগাযোগের জন্য।** [বাংলাদেশ ডাক বিভাগ পরিদর্শক : ১৬]
ⓚ অভ্যন্তরীণ ⓚ আন্তর্জাতিক
ⓖ ক ও খ উভয় ⓖ গোপনীয় **উত্তর: ক**

১৬. **বাংলাদেশে e-Post চালু হয় কত সালে?** [বাংলাদেশ ডাক বিভাগ পরিদর্শক : ১৬]
ⓚ ২০০০ ⓚ ২০০১
ⓖ ২০০৫ ⓖ ২০১৬ **উত্তর: ক**

১৭. **বাংলাদেশ ডাক বিভাগের মোবাইল ব্যাংকিং সেবার নাম কী?** [জাককানইবি (ডি ইউনিট) : ১৮-১৯]
ⓚ রকেট ⓚ নগদ
ⓖ বিকাশ ⓖ দ্রুত **উত্তর: খ**

১৮. **বাংলাদেশে ডাক জাদুঘরটি অবস্থিত-** [বাংলাদেশ ডাক বিভাগ উপজেলা পোস্টমাস্টার: ১৬]
ⓚ ঢাকায় ⓚ চট্টগ্রামে
ⓖ খুলনায় ⓖ রাজশাহীতে **উত্তর: ক**

১৯. **বাংলাদেশের একমাত্র 'পোস্টাল একাডেমি' কোথায় অবস্থিত?** [২৭তম বিসিএস/ [রাবি (বি ইউনিট : গ্রুপ-১): ২০-২১]
ⓚ রাজশাহী ⓚ ঢাকা
ⓖ চট্টগ্রাম ⓖ খুলনা **উত্তর: ক**

## টেলি যোগাযোগ

**ডিজিটাল ফোন :** সরাসরি আন্তর্জাতিক ডায়লিং-এর সুবিধা নিয়ে বাংলাদেশের প্রথম স্বয়ংক্রিয় ডিজিটাল আন্তর্জাতিক ট্রাঙ্ক এক্সচেঞ্জ (ITX) স্থাপিত হয় ১৯৮৩ সালে ঢাকায়। বাংলাদেশের আন্তর্জাতিক ডায়ালিং কোড +৮৮০। ১৯৯০-৯১ অর্থবছরে ঢাকা টেলিযোগাযোগ অঞ্চলে ছয়টি এক্সচেঞ্জ স্থাপনের মধ্য দিয়ে বিটিটিবি স্থানীয় ডিজিটাল এক্সচেঞ্জ চালু করে। ৪ জানুয়ারি, ১৯৯০ সালে দেশে ডিজিটাল ফোন চালু হয়।

**সেলুলার মোবাইল ফোন :** ১৯৮৯ সালের শেষ দিকে 'প্যাসিফিক বাংলাদেশ টেলিকম লি.' বাংলাদেশে প্রথম সেলুলার মোবাইল ফোন সেবা প্রদানের অনুমতি পায়। ৮ আগস্ট, ১৯৯৩ কোম্পানিটি সেলফোন সেবা দিতে শুরু করে। পাওনা পরিশোধে ব্যর্থ হওয়ায় ২০১৬ সালের ২০ অক্টোবর বিটিআরসি 'সিটিসেল' এর কার্যক্রম বন্ধ করে দেয়। বাংলাদেশে বর্তমানে মোবাইল অপারেটরের সংখ্যা চার। যথা-

| *ব্র্যান্ড নাম* | *যাত্রা শুরু* | *তথ্যকণিকা* |
|---|---|---|
| গ্রামীণফোন | ১৯৯৭ | বাংলাদেশের বৃহত্তম মোবাইল ফোন অপারেটর। |
| রবি (পূর্বনাম একটেল) | ১৯৯৭ | প্রথম জিপিআরএস (মোবাইল ইন্টারনেট) ব্যবস্থা চালু করে। |
| টেলিটক | ২০০৪ | ২০১২ সালে দেশে প্রথম থ্রিজি প্রযুক্তি চালু করে। |
| বাংলালিংক (পূর্বনাম সেবা) | ২০০৫ | আমস্টারডাম ভিত্তিক কোম্পানি গ্লোবাল টেলিকম হোল্ডিং (পূর্বনাম ওরাসকম টেলিকম হোল্ডিং) এর ব্যবস্থাপনায় পরিচালিত হয়। |

১৯ ফেব্রুয়ারি, ২০১৮ চতুর্থ প্রজন্মের (4G) সেবার যুগে প্রবেশ করে দেশের মোবাইল ফোন প্রযুক্তি।

**ভূ-উপগ্রহ :** বহির্বিশ্বের সাথে দেশের টেলিযোগাযোগ স্থাপন করা, বিশ্বের টেলিভিশনের অনুষ্ঠান সরাসরি অথবা রেকর্ড করে দর্শকদের দেখানোর ব্যবস্থা এবং দুর্যোগ ও আবহাওয়ার পূর্বাভাস প্রদান ভূ-উপগ্রহ কেন্দ্র এর কর্মকাণ্ডের অংশ।

| *ভূ-উপগ্রহ কেন্দ্র* | *অবস্থান* | *প্রতিষ্ঠাকাল* |
|---|---|---|
| বেতবুনিয়া | কাউখালী, রাঙ্গামাটি | ১৪ জুন, ১৯৭৫ |
| তালিবাবাদ | গাজীপুর | ১৯৮২ |
| মহাখালী | ঢাকা | ১৯৯৪ |
| সিলেট | সিলেট | ১৯৯৫ |

**ইন্টারনেট :** নব্বইয়ের দশকের শেষের দিকে, স্থানীয় কিছু পরিষেবা প্রদানকারী সংস্থা বুলেটিন বোর্ড সিস্টেম (বিবিএস)

Scanned with CamScanner

পদ্ধতিতে ডায়াল-আপের সাহায্যে সীমিত পরিসরে ই-মেইল ব্যবহারের সুযোগ সৃষ্টি করে। ১৯৯৫ সালে অফলাইন ই-মেইলের মাধ্যমে সীমিত আকারে এদেশে প্রথম ইন্টারনেটের ব্যবহার শুরু হয়। অনলাইন ইন্টারনেটের যুগে পদার্পণের লক্ষ্যে ১৯৯৬ সালে দেশে ভিস্যাট স্থাপন করা হয় এবং দু'টি বেসরকারি ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার (আইএসপি) কোম্পানিকে ভিস্যাটের মাধ্যমে সেবা প্রদানের অনুমতি প্রদান করা হয়। ফলে দেশে অনলাইন ইন্টারনেট সংযোগের বিস্তৃতি ঘটতে শুরু করে। দেশে ইন্টারনেট সেবা দানকারী প্রতিষ্ঠানসমূহের সংগঠন Internet Service Providers Association of Bangladesh (ISPAB)।

ক্রমবর্ধমান গ্রাহকদের ইন্টারনেট সুবিধা ও উচ্চ গতি সম্পন্ন ব্যান্ডউইথ সেবা দিতে বাংলাদেশ পর্যায়ক্রমে দুটি সাবমেরিন ক্যাবলের সঙ্গে যুক্ত হয়।

| সাবমেরিন কেবল | SEA-ME-WE-4 | SEA-ME-WE-5 |
|---|---|---|
| দৈর্ঘ্য | ১৮,৮০০ কি.মি. | ২০,০০০ কি.মি. |
| ল্যান্ডিং স্টেশন | ঝিলং ঝা, কক্সবাজার | কুয়াকাটা, কলাপাড়া, পটুয়াখালী |
| সংযুক্ত হয় | ২১ মে, ২০০৬ | ১০ সেপ্টেম্বর, ২০১৭ |
| ব্যান্ডউইথ | ৩০০ জিবিপিএস | ১৫০০ জিবিপিএস |

SEA-ME-WE = South East Asia-Middle East-West Europe

## MCQ Solution

১. **বাংলাদেশের আন্তর্জাতিক ডায়ালিং কোড কত?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১৯-২০]
ⓚ +৯৯৯ ⓚ +৮৮০
ⓖ +৮৬০ ⓖ +০১৮ **উত্তর: খ**

২. **বাংলাদেশের ডিজিটাল এক্সচেঞ্জ প্রথম প্রতিষ্ঠিত হয়?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক : ০৫]
ⓚ রংপুরের মিঠাপুকুর ⓚ ঢাকা
ⓖ চট্টগ্রাম ⓖ দিনাজপুর **উত্তর: খ**

৩. **বাংলাদেশে সর্বপ্রথম ডিজিটাল টেলিফোন ব্যবস্থা কবে চালু হয়?** [২৬তম বিসিএস]
ⓚ ৪ জানুয়ারি, ১৯৯০ ⓚ ৩ ফেব্রুয়ারি, ১৯৯০
ⓖ ৩ মার্চ, ১৯৯০ ⓖ ৪ জানুয়ারি, ১৯৯১ **উত্তর: ক**

৪. **বাংলাদেশের প্রথম মোবাইল কোম্পানির নাম কি?** [পোস্টমাস্টার জেনারেল কার্যালয় (খুলনা অঞ্চল) এর মেইল অপারেটর : ২৩]
ⓚ প্যাসিফিক বাংলাদেশ টেলিকম লি.
ⓚ গ্রামীণ ফোন টেলিকম লি.
ⓖ ওরাসকম টেলিকম লি.
ⓖ ওয়ারিদ টেলিকম লি. **উত্তর: ক**

৫. **বাংলাদেশের প্রথম মোবাইল কোম্পানি কোনটি?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ০৮-০৯]
ⓚ একটেল ⓚ সিটিসেল
ⓖ গ্রামীণ ⓖ বাংলালিংক **উত্তর: খ**

৬. **বাংলাদেশের নিচের কোন তারিখে প্রথম সেল ফোন চালু হয়?** [মেডিকেল : ০৯-১০]
ⓚ ১৬ ডিসেম্বর, ২০০৫ ⓚ ৮ আগস্ট, ১৯৯৩
ⓖ ২৫ নভেম্বর, ১৯৯৩ ⓖ ২৬ মার্চ, ১৯৯৮ **উত্তর: খ**

৭. **Banglalink TM is a subsidiary of-** [Bank Alfalah Ltd. MTO : 05]
ⓐ Worldtel ⓑ Orascom Telecom Holding
ⓒ Warrith Telecom ⓓ None of them **Ans. b**

৮. **How many mobile phone companies are operating in Bangladesh?** [Janata Bank Ltd Senior Officer : 11]

*Or;*

**বাংলাদেশে বর্তমানে মোবাইল ফোন কোম্পানি কয়টি?** [বিআরডিবি এর সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ০৬]
ⓐ 5 ⓑ 6 ⓒ 4
ⓓ 7 ⓔ None of them **Ans. c**

৯. **বাংলাদেশে 4G সেবা চালু হয় কবে?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১৮-১৯]
ⓚ ১৯ মার্চ, ২০১৮ ⓚ ২৬ মার্চ, ২০১৮
ⓖ ১৯ ফেব্রুয়ারি, ২০১৮ ⓖ ১৯ এপ্রিল, ২০১৮ **উত্তর: গ**

১০. **বাংলাদেশের ভূ-উপগ্রহ কেন্দ্রের সংখ্যা কয়টি?** [১৫তম বিসিএস]
ⓚ এক ⓚ দুই
ⓖ তিন ⓖ চার **উত্তর: ঘ**

১১. **বাংলাদেশের প্রথম উপগ্রহ ভূ-কেন্দ্র কোথায় অবস্থিত?** [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রদর্শক (পদার্থ) : ২১]
ⓚ পাবনা ⓚ রাঙ্গামাটি
ⓖ গাজীপুর ⓖ খাগড়াছড়ি **উত্তর: খ**

১২. **বাংলাদেশের প্রথম ভূ-উপগ্রহ কেন্দ্র –** [গণপূর্ত অধিদপ্তরের অফিস সহায়ক : ২৩/ বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৫]
ⓚ টেকনাফ ⓚ বেতবুনিয়া
ⓖ মহাখালী ⓖ কালিয়াকৈর **উত্তর: খ**

১৩. **'বেতবুনিয়া' ভূ-উপগ্রহ কেন্দ্র কোন জেলায় অবস্থিত?** [BPSC'র সহকারী প্রটোকল অফিসার : ২৪/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ঝিলাম) : ১৩]
ⓚ চট্টগ্রাম ⓚ কক্সবাজার
ⓖ রাঙ্গামাটি ⓖ বান্দরবান **উত্তর: গ**

১৪. **বেতবুনিয়া উপগ্রহ ভূ-কেন্দ্র উদ্বোধন করা হয় –** [ডাক বিভাগের হিসাব সহকারী : ২২/ রাজশাহী বিশ্ব: (এ ইউনিট) : ১৬-১৭]
ⓚ ১৪ জুন, ১৯৭৫ ⓚ ১ জুলাই, ১৯৭৫
ⓖ ১৪ জুন, ১৯৭৬ ⓖ ১৪ জুলাই, ১৯৭২ **উত্তর: ক**

Scanned with CamScanner

১৫. তালিবাবাদ উপগ্রহ ভূ-কেন্দ্রটি কোন জেলায় অবস্থিত? [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর : ১১]
ⓚ নরসিংদী ⓚ গাজীপুর
ⓖ চট্টগ্রাম ⓖ পার্বত্য চট্টগ্রাম উত্তর: খ

১৬. তালিবাবাদ উপগ্রহ ভূ-কেন্দ্রটি চালু হয়- [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (হোয়াংহো) : ১৩]
ⓚ ১৯৮০ সালে ⓚ ১৯৮১ সালে
ⓖ ১৯৮২ সালে ⓖ ১৯৯৩ সালে উত্তর: গ

১৭. বাংলাদেশে কবে প্রথম অফলাইন ই-মেইল চালু হয়? [DMLC'র জুনিয়র শিক্ষক : ২৪/ জাককানইবি (এ ইউনিট) : ১৯-২০]
ⓚ ১৯৯৪ ⓚ ১৯৯৩
ⓖ ১৯৯২ ⓖ ১৯৯৫ উত্তর: ঘ

১৮. বাংলাদেশে সর্বপ্রথম ইন্টারনেট সিস্টেম চালুর সন- [ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর সাঁট মুদ্রাক্ষরিক : ২৫/ ১৭তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল) : ২২]
ⓚ ১৯৯৫ ⓚ ১৯৯৬
ⓖ ১৯৯৭ ⓖ ১৯৯৮ উত্তর: ক

১৯. বাংলাদেশে ইন্টারনেট ব্যবহার সবার জন্য উন্মুক্ত করা হয়- [BREB'র কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী : ২৩]
ⓚ ১৯৯০ সালে ⓚ ১৯৯৬ সালে
ⓖ ১৯৯৮ সালে ⓖ ২০০১ সালে উত্তর: খ

২০. বাংলাদেশ ইন্টারনেট সেবা প্রদানকারী সংগঠনটির নাম - [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ৭ - সমাজবিজ্ঞান) : ১৫-১৬]
ⓚ ইন্টারনেট ম্যানেজমেন্ট অব বাংলাদেশ
ⓚ ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এসোসিয়েশন অব বাংলাদেশ
ⓖ ইন্টারনেট সার্ভিস অব বাংলাদেশ
ⓖ এসোসিয়েশন অব ইন্টারনেট সার্ভিসেস উত্তর: খ

২১. সাবমেরিন ক্যাবল ব্যবহৃত হয় কোন ক্ষেত্রে? [যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অফিস সহায়ক : ২৩]
উত্তর: টেলিযোগাযোগ।

২৩. In which year was Bangladesh connected to Submarine cable SEA-ME-WE-4?/ বাংলাদেশ কোন বছর সাবমেরিন ক্যাবল SEA-ME-WE-4 এর সাথে যুক্ত হয়? [Sonali Bank Ltd. Senior Officer : 10]
ⓐ 2008 ⓑ 2006
ⓒ 2000 ⓓ 1998 Ans. b

২৪. 'সি-মি-উই-৪' সাবমেরিন ক্যাবল লাইনটির আনুমানিক দৈর্ঘ্য কত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১২-১৩]
ⓚ ২ হাজার কিমি ⓚ ১২ হাজার কিমি
ⓖ ২০ হাজার কিমি ⓖ ৩০ হাজার কিমি উত্তর:
ব্যাখ্যা: 'সি-মি-উই-৪' সাবমেরিন ক্যাবল লাইনটির দৈর্ঘ্য ১৮,৮০০ কি.মি.।

২৫. বাংলাদেশের কোথায় সাবমেরিন ল্যান্ডিং স্টেশন স্থাপন করা হয়? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ফিন্যান্স) : ০৭-০৮]
ⓚ চট্টগ্রাম ⓚ সেন্টমার্টিন
ⓖ কক্সবাজার ⓖ খুলনা উত্তর: গ

২৬. বাংলাদেশে নিচের কোন স্থানটি সাবমেরিন ক্যাবলের ল্যান্ডিং স্টেশন? [বেরোবি (বি-ইউনিট) : ১৭-১৮]
ⓚ মহেশখালী ⓚ ডুলাহাজরা
ⓖ ঝিলংঝা ⓖ নারিকেল বীথি উত্তর: গ

২৭. বাংলাদেশের দ্বিতীয় সাবমেরিন ক্যাবল ল্যান্ডিং স্টেশন কোথায়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬]
ⓚ কুয়াকাটা (পটুয়াখালী)
ⓚ ঝিলংঝা (কক্সবাজার)
ⓖ পারকি (চট্টগ্রাম)
ⓖ হাতিয়া (নোয়াখালী) উত্তর: ক

## বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

- *বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন* (Bangladesh Atomic Energy Commission - BAEC) : পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহারের লক্ষ্যে ১৯৭৩ সালে বাংলাদেশ আণবিক শক্তি কমিশন প্রতিষ্ঠিত হয়। ১৯৮৮ সালে প্রতিষ্ঠানটির নাম পরিবর্তন করে 'বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন' রাখা হয়। ঢাকার শের-ই-বাংলা নগরের আগারগাঁওয়ে এর সদর দপ্তর অবস্থিত।

- *বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ* (Bangladesh Council of Scientific and Industrial Research - BCSIR) রাজধানী ঢাকার ধানমণ্ডির ড. কুদরত-এ-খুদা সড়কে অবস্থিত। এটি সাইন্স ল্যাবরেটরি নামেও পরিচিত।

- *বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার-ব্যান্সডক* (Bangladesh National Scientific and Technical Documentation Center -BANSDOC) : রাজধানীর আগারগাঁওয়ে অবস্থিত।

- *জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর* বাংলাদেশের একমাত্র বিজ্ঞান জাদুঘর। ১৯৬৫ সালের ২৬ এপ্রিল ঢাকা আগারগাঁওয়ে প্রতিষ্ঠিত হয়। জাদুঘরের ছাদে ১৯৯০ সালে দেশের প্রথম মানমন্দির স্থাপন করা হয়। বাংলাদেশের প্রথম পূর্ণাঙ্গ বেসরকারি মহাকাশ পর্যবেক্ষণ ও গবেষণা কেন্দ্র (মানমন্দির) স্থাপিত হয়েছে গাজীপুরের শ্রীপুরে।

- *নভোথিয়েটার, ঢাকা* (পূর্বনাম: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার) ২০০৪ সালে স্থাপিত হয়। ঢাকার বিজয় সরণিতে অবস্থিত। স্থপতি আলী ইমাম।

Scanned with CamScanner

- *বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট :* সমুদ্র সম্পদের উপর গবেষণা, সম্পদ আহরণ এবং এর সর্বোচ্চ বহুমুখী ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে কক্সবাজার জেলার রামুতে স্থাপিত হচ্ছে 'জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট'।

## MCQ Solution

১. **বাংলাদেশে পরমাণু শক্তি কমিশন গঠিত হয় কোন সালে?** [২৭তম বিসিএস/ ঢাবি (ডি ইউনিট, সকাল) : ২০-২১]
ⓚ ১৯৭২ সালে ⓛ ১৯৭৩ সালে
ⓖ ১৯৭৫ সালে ⓘ ১৯৯৭ সালে **উত্তর: খ**

২. **বাংলাদেশ আণবিক শক্তি সংস্থা (BAEC)-এর প্রধান কার্যালয় কোথায়?** [বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ডেন্ট : ০৭]
ⓚ সাভার ⓛ গাজীপুর
ⓖ কালুরঘাট ⓘ ঢাকা **উত্তর: ঘ**

৩. **কোনটি ভুল?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]
ⓚ BANSDOC : Bangladesh Scientific and Technical Documentation Centre
ⓛ BCSIR : Bangladesh Cultural Scientific and Industrial Research
ⓖ GIS : Geographical Information System
ⓘ ECNEC : Executve Committee of the National Economic Council **উত্তর: খ**

৪. **BCSIR এর পূর্ণরূপ কী?** [BFIDC'র নিরাপত্তা প্রহরী : ২৪]
**উত্তর:** Bangladesh Council of Scientific and Industrial Research.

৫. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার কোথায় অবস্থিত?** [বাংলাদেশ রেলওয়ের গার্ড (গ্রেড-২) : ২২]
ⓚ আগারগাঁও, শেরে বাংলা নগর
ⓛ বিজয় সরণী, তেজগাঁও
ⓖ মিরপুর ⓘ শাহবাগ **উত্তর: খ**

৬. **নভোথিয়েটারের স্থপতি কে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১০-১১]
ⓚ আবদুল্লাহ খালেদ ⓛ শামীম শিকদার
ⓖ আলী ইমাম ⓘ কামরুল হাসান **উত্তর: গ**

৭. **জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর প্রতিষ্ঠিত হয় কখন?** [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ০৪]
ⓚ ১৯৭৫ সালে ⓛ ১৯৭৬ সালে
ⓖ ১৯৭৭ সালে ⓘ ১৯৯০ সালে **উত্তর:**
**ব্যাখ্যা:** জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর ১৯৬৫ সালের ২৬ এপ্রিল প্রতিষ্ঠিত হয়।

৮. **বাংলাদেশের বিজ্ঞান জাদুঘর কোথায় অবস্থিত?** [সমবায় অধিদপ্তরের কাম-কম্পিউটার অপারেটর : ২৩/ ১০ম শিক্ষক নিবন্ধন (স্কুল ২): ১৪]
ⓚ ঢাকার শাহবাগে ⓛ ঢাকার আগারগাঁওয়ে
ⓖ সোনারগাঁয়ে ⓘ ঢাকার ইসলামপুরে **উত্তর: খ**

৯. **বাংলাদেশের প্রথম পূর্ণাঙ্গ বেসরকারী মহাকাশ গবেষণা কেন্দ্র কোথায় অবস্থিত?** [কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর উচ্চমান সহকারী : ২৩]
**উত্তর:** গাজীপুরের শ্রীপুরে।

১০. **জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৬-১৭]
ⓚ ঢাকা ⓛ চট্টগ্রাম
ⓖ সন্দ্বীপ ⓘ কক্সবাজার **উত্তর: ঘ**

Scanned with CamScanner

# বাংলাদেশের সম্পদ
# Resource of Bangladesh

## কৃষিজ সম্পদ

### কৃষি মন্ত্রণালয়

বাংলাদেশ কৃষিপ্রধান দেশ। বাংলাদেশের কৃষি ধান প্রধান নিবিড় স্বয়ংভোগী। বাংলাদেশে প্রতিবছর হাজার হাজার একর কৃষিজমি কৃষি বহির্ভূত কাজে ব্যবহৃত হওয়ায় আবাদি জমির পরিমাণ হ্রাস পাচ্ছে।

জিডিপিতে কৃষি খাতের অবদান (ক্রমহ্রাসমান)




*জাতীয় কৃষি পুরস্কার* (পূর্বনাম: রাষ্ট্রপতি পুরস্কার) কৃষি উন্নয়নে গবেষণা ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ দেয়া হয়।

কৃষি মন্ত্রণালয়ের উল্লেখযোগ্য অঙ্গপ্রতিষ্ঠানগুলো নিম্নরূপ-

- *বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট* (Bangladesh Rice Research Institute - BRRI) এর সদর দফতর গাজীপুর জেলার জয়দেবপুরে অবস্থিত। BRRI কর্তৃক উদ্ভাবিত উল্লেখযোগ্য উচ্চফলনশীল ধানের জাত হলো-

| | |
|---|---|
| বি আর ২ | ধানটির জনপ্রিয় নাম মালা। এ ধানের মুড়ি খুব ভাল হয়। |
| বি আর ৪ | ব্রিশাইল নামেও পরিচিত। |
| ব্রি ২৮ | বন্যাপ্রবণ এলাকার জন্য উপযোগী। |
| ব্রি ৩৩ | উত্তরবঙ্গের মঙ্গা এলাকার জন্য উপযোগী ধান। |
| ব্রি ৪০, ৪১ | উপকূলের লবণাক্ত এলাকায় চাষের উপযোগী। |
| ব্রি ৫০ | বাংলামতি নামেও পরিচিত। বাংলামতি এক ধরনের সুগন্ধিজাতীয় ধান। |
| ব্রি ৫৬, ৫৭ | খরা প্রবণ এলাকায় চাষ করা হয়। |

- *বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইন্সটিটিউট* (Bangladesh Institute of Nuclear Agriculture - BINA), ময়মনসিংহ। বিনা উদ্ভাবিত উচ্চফলনশীল ধানের জাত হলো-

| | |
|---|---|
| ইরাটম-২৪ | গামা রশ্মি প্রয়োগের মাধ্যমে ইরি-৮ ধানের বংশগতি ধারায় স্থায়ী পরিবর্তনের মাধ্যমে জাতটি উদ্ভাবিত হয়। |
| বিনা-৮, ৯ | লবণ সহিষ্ণু ধানের নতুন জাত। |

- *কৃষি সম্প্রসারণ অধিদপ্তর* (Department of Agricultural Extension - DAE) এর প্রধান কার্যালয় ঢাকার ফার্মগেটের খামারবাড়িতে অবস্থিত।
- *বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন* (Bangladesh Agricultural Development Corporation – BADC) সারাদেশে কৃষি উপকরণ (যেমনঃ বীজ, সার প্রভৃতি) উৎপাদন, সংগ্রহ, পরিবহন, সংরক্ষণ ও বিতরণ ব্যবস্থা টেকসই করে থাকে।
- *বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট* (Bangladesh Agricultural Research Institute - BARI) দেশের বৃহত্তম বহুবিধ ফসল গবেষণা প্রতিষ্ঠান। গাজীপুরের জয়দেবপুরে অবস্থিত। বারির উল্লেখযোগ্য অঙ্গপ্রতিষ্ঠান হলো-
  - মসলা গবেষণা কেন্দ্র, শিবগঞ্জ, বগুড়া
  - ডাল গবেষণা কেন্দ্র, ঈশ্বরদী, পাবনা
  - ফল গবেষণা কেন্দ্র, বিনোদপুর, রাজশাহী
- *বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল* (Bangladesh Agricultural Research Council - BARC), ফার্মগেট, ঢাকা।
- *বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট* (Bangladesh Jute Research Institute - BJRI), মানিক মিয়া এভিনিউ, ঢাকা।

✓ জুটন হলো পাট ও তুলার আঁশের মিশ্রণে তৈরি বিশেষ ধরনের তন্তু। ড. মোহাম্মদ সিদ্দিকুল্লাহ 'জুটন' এর আবিষ্কারক। বিংশ শতাব্দীর সত্তরের দশকে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটের বিজ্ঞানীরা জুটনের তৈরি বেশ কিছু সামগ্রী উদ্ভাবন করেন।


ড. মাকসুদুল আলম

✓ বাংলাদেশের বিজ্ঞানীরা ২০১০ সালের জুন মাসে তোষা পাটের এবং ২০১৩ সালে দেশি পাটের জীবন রহস্য উন্মোচন করেন। পাটের জীন রহস্য উন্মোচনকারী দলের নেতা ড. মাকসুদুল আলম। গবেষক দলটির নাম ছিল 'স্বপ্নযাত্রা'। তিনি ১৯৫৪ সালের ১৪ ডিসেম্বর ফরিদপুর জেলায় জন্মগ্রহণ করেন। ড.

Scanned with CamScanner

মাকসুদুল আলম পাটের জিনোম ছাড়াও পেঁপে, রাবার এবং ছত্রাকের জীবন রহস্য উন্মোচন করেন। বাংলাদেশকে পাট ও ছত্রাকের জীবন রহস্য উন্মোচনের স্বীকৃতি দেয় WIPO।

- *বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট* (Bangladesh Sugarcrop Research Institute - BSRI), ঈশ্বরদী, পাবনা : পূর্বে এর নাম ছিল বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট।

## বস্ত্র ও পাট মন্ত্রণালয়

জাতীয় বস্ত্র দিবস - ৪ ডিসেম্বর
জাতীয় পাট দিবস - ৬ মার্চ

মন্ত্রণালয়টির উল্লেখযোগ্য সংস্থাসমূহ নিম্নরূপ-

- *বাংলাদেশ বস্ত্র কারখানা করপোরেশন* (Bangladesh Textile Mills Corporation - BTMC)
- *বাংলাদেশ পাটকল করপোরেশন* (Bangladesh Jute Mills Corporation - BJMC) : ড. মোবারক আহমদ খান পাটের আঁশ থেকে পলিমার তৈরির পদ্ধতি উদ্ভাবন করেন।
- *বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড* (Bangladesh Sericulture Development Board - BSDB), রাজশাহী।

## MCQ Solution

১. **বাংলাদেশের কৃষি কোন প্রকারের?** [৩৫তম বিসিএস]
ⓚ ধান প্রধান নিবিড় স্বয়ংভোগী
ⓖ স্বয়ংভোগী মিশ্র ⓚ ধান-প্রধান বাণিজ্যিক
ⓘ স্বয়ংভোগী শস্য চাষ ও পশুপালন **উত্তর: ক**

২. **বাংলাদেশে মোট দেশজ উৎপাদনে কৃষিখাতের অবদান -** [৩৮তম বিসিএস]
ⓚ নিয়মিতভাবে বৃদ্ধি পাচ্ছে
ⓚ অনিয়মিতভাবে বৃদ্ধি পাচ্ছে
ⓖ ক্রমহ্রাসমান ⓘ অপরিবর্তিত থাকছে **উত্তর: গ**

৩. **'রাষ্ট্রপতি পুরস্কার' প্রদান করা হয় -** [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বি ইউনিট, সেট ২) : ১৬-১৭]
ⓚ শিল্প উন্নয়নের জন্য ⓚ শ্রেষ্ঠ শিল্প উদ্যোক্তার জন্য
ⓖ কৃষি উন্নয়নের জন্য ⓘ শিক্ষায় অবদানের জন্য **উত্তর: গ**

৪. **ধান গবেষণা ইন্সটিটিউটের সংক্ষিপ্ত নাম কি?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি.এর কার্গো হেলপার : ২১]
ⓚ BRRI ⓚ IRRB
ⓖ BARI ⓘ BIRR **উত্তর: ক**

৫. **The acronym B.R.R.I stands for -** [Bangladesh Bank Assistant director : 08]
ⓐ British Rural Research Institute
ⓑ Bangladesh Road and Railway Institute
ⓒ Bangladesh Rice Research Institute
ⓓ Bangladesh Rice Research Institution **Ans. c**

৬. **বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]
ⓚ জয়দেবপুর ⓚ ময়মনসিংহ
ⓖ ঢাকা ⓘ দিনাজপুর **উত্তর: ক**

৭. **বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (Bangladesh Rice Research Institute - BRRI) এর সদর দফতর কোথায় অবস্থিত?** [সমন্বিত ৫ ব্যাংকের অফিসার (ক্যাশ) : ২১]
ⓚ কুমিল্লা ⓚ গাজীপুর
ⓖ কুষ্টিয়া ⓘ রংপুর **উত্তর: খ**

৮. **ব্রিশাইল কি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৩]
ⓚ একটি উন্নত মানের ধানের নাম
ⓚ একটি উন্নত মানের পাট
ⓖ এক ধরনের গমের নাম ⓘ একটি নদীর নাম **উত্তর: ক**

৯. **সবচেয়ে উচ্চ ফলনশীল কোনটি?** [DYD'র সহকারী পরিচালক : ১৪]
ⓚ সাতিশাইল ⓚ মালা ইরি
ⓖ নাইজারশাইল ⓘ পাজাম **উত্তর: খ**

১০. **উত্তরাঞ্চলে 'মঙ্গার ধান' বলে পরিচিত-** [রাবি (ফিন্যান্স) : ০৭-০৮]
ⓚ ব্রি-৩৩ ⓚ বি আর ২৮
ⓖ স্বর্ণা ⓘ বি আর ২২ **উত্তর: ক**

১১. **বাংলামতি কী?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইউনিট-এ : গ্রুপ-১) : ২০-২১]
ⓚ এক প্রকার ধান ⓚ একটি আন্তঃনগর ট্রেনের নাম
ⓖ এক প্রকার গম ⓘ নদীর নাম **উত্তর: ক**

১২. **খরা সহনশীল জাতের ধান হচ্ছে -** [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৬-১৭]
ⓚ ব্রি ধান ৫৬ ⓚ ব্রি ধান ৫৭
ⓖ ব্রি ধান ২২ ⓘ ক ও খ উভয়েই **উত্তর: ঘ**

১৩. **'বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইন্সটিটিউট' (BINA) কোথায় অবস্থিত?** [বিএডিসি'র সহকারী অ্যাকাউন্টস অফিসার : ১৯]
ⓚ ঢাকা ⓚ গাজীপুর
ⓖ ময়মনসিংহ ⓘ রাজশাহী **উত্তর: গ**

১৪. **ইরাটম কি?** [২৬তম বিসিএস/ PGCB'র জুনিয়র হিসাব সহকারী : ২৪]
ⓚ উন্নত জাতের ধান ⓚ উন্নত জাতের ইক্ষু
ⓖ উন্নত জাতের পাট ⓘ উন্নত জাতের চা **উত্তর: ক**

১৫. **ডিএই (DAE) বাংলাদেশে সরকারের কী বিষয়ক সংস্থা?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২- ১৩]
ⓚ ঔষধ ⓚ কৃষি
ⓖ শিক্ষা ⓘ নাট্যকলা **উত্তর: খ**

১৬. **DAE Stands for-** [Sonali, Janata, Agrani Bank Ltd. Senior Officer : 08]
ⓐ Develop Annual Employment
ⓑ Department of Agricultural Extension
ⓒ Department of Agriculture and Engineering
ⓓ Development of Agricultural Extension
ⓔ None of these **Ans. b**

Scanned with CamScanner

১৭. **BADC'র পূর্ণরূপ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯০]
ⓐ Bangladesh Agricultural Development Corporation
ⓑ Bangladesh Agricultural Development Council
ⓒ Bangladesh Agricultural Development Centre
ⓓ Bangladesh Atomic Development Centre **উত্তর: ক**

১৮. **প্রধান বীজ উৎপাদনকারী সরকারি প্রতিষ্ঠান-** [৪২তম বিসিএস (বিশেষ)/ ৩৭তম বিসিএস/ BPSC'র সহকারী প্রটোকল অফিসার : ২৪]
ⓐ BARI ⓑ BRRI
ⓒ BADC ⓓ BINA **উত্তর: গ**

১৯. **BADC- এর কাজ কি?** [বিসিআইসি'র সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) : ১১]
ⓐ কৃষি উন্নয়ন ⓑ শিল্পোন্নয়ন
ⓒ চিকিৎসা উন্নয়ন ⓓ কোনোটিই নয় **উত্তর: ক**

২০. **বাংলাদেশের একমাত্র প্রধান বহু শস্য গবেষণা প্রতিষ্ঠানটির সংক্ষিপ্ত নাম কি?** [DAE'র উপ-সহ: কৃষি কর্মকর্তা : ২১]
ⓐ BRRI ⓑ BINA
ⓒ BJRI ⓓ BARI **উত্তর: ঘ**

২১. **BARI এর পূর্ণরূপ-** [রাজশাহী বিশ্ব: (ই ইউনিট - বিজোড়) : ১৬-১৭]
ⓐ Bangladesh Agricultural Research Institute
ⓑ Bangladesh Agriculture Research Institute
ⓒ Bangladesh Agricultural Research Institution
ⓓ Bangladesh Agronomy Research Institute **উত্তর: ক**

২২. **বাংলাদেশে মসলা গবেষণা কেন্দ্রের অবস্থান–** [CAAB'র সশস্ত্র নিরাপত্তা প্রহরী : ২৪/ BBAL'র ট্রাফিক হেলপার : ২৪]
ⓐ খুলনা ⓑ বগুড়া
ⓒ রাজশাহী ⓓ রাজবাড়ী **উত্তর: খ**

২৩. **বাংলাদেশের ডাল গবেষণা কেন্দ্র কোথায় অবস্থিত?** [বাংলাদেশ কৃষি ব্যাংক অফিসার : ১৫]
ⓐ দিনাজপুর ⓑ কুমিল্লা ⓒ ঈশ্বরদী
ⓓ মধুপুর ⓔ কোনোটিই নয় **উত্তর: গ**

২৪. **বাংলাদেশের কোন জেলায় ফল গবেষণা ইনস্টিটিউট আছে?** [স্থানীয় সরকার বিভাগের সহকারী প্রকৌশলী : ১৭]
ⓐ রাজশাহী ⓑ বগুড়া
ⓒ রংপুর ⓓ দিনাজপুর **উত্তর: ক**

২৫. **বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?** [বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল ২) : ১৯]
ⓐ মানিকগঞ্জ ⓑ রংপুর
ⓒ ঢাকা ⓓ পাবনা **উত্তর: গ**

২৬. **পাট থেকে তৈরি 'জুটন' আবিষ্কার করেন কে?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কারা তত্ত্বাবধায়ক : ০৫]
ⓐ ড. মুহম্মদ কুদরত-ই-খুদা
ⓑ ড. আবদুলাহ আল মুতী শরফুদ্দিন
ⓒ ড. মোহাম্মদ সিদ্দিকুল্লাহ
ⓓ ড. ইন্নাস আলী **উত্তর: গ**

২৭. **পাটের জিন রহস্য আবিষ্কারক বৈজ্ঞানিক কে?** [SFDF'র মাঠ সংগঠক : ২৪] *Or,* **Which Bangladeshi scientist discovered the complete genetic sequence of jute?** [Union Bank Senior Officer : 14/ AB Bank Ltd. Assistant Officer : 14]
ⓐ অধ্যাপক আব্দুস সালাম ⓑ আব্দুল্লাহ আল মুতি শরফুদ্দিন
ⓒ কুদরত-ই-খুদা ⓓ মাকসুদুল আলম **উত্তর: ঘ**

২৮. **পাটের জিনোম আবিষ্কার বিজ্ঞানী গবেষকমণ্ডলীর সমন্বয়ে গঠিত দলটির নাম কি ছিল?** [বাংলাদেশ তাঁত বোর্ডের বিভিন্ন পদ : ২২]
ⓐ স্বপ্নজাল ⓑ স্বপ্নযাত্রা
ⓒ স্বপ্নরথ ⓓ স্বপ্নশপথ **উত্তর: খ**

২৯. **বাংলাদেশের পাট গবেষণা ইনস্টিটিউট এর কোন গবেষকের নেতৃত্বে দেশি পাটের ডি. এন. এ বিন্যাস আবিষ্কৃত হয়?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১৪-১৫/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ১৩-১৪]
ⓐ ড. মাকসুদুল আলম ⓑ ড. শাহনেওয়াজ সিকদার
ⓒ ড. মনির হোসেন ⓓ ড. আবু জাফর **উত্তর: ক**

৩০. **ছত্রাকের জীবন রহস্য উন্মোচনকারী বিজ্ঞানী কে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (কে ইউনিট) : ১৭-১৮]
ⓐ অধ্যাপক ড. নুরুল হুদা ⓑ অধ্যাপক ড. আবুল হুসসাম
ⓒ ড. মাকসুদুল আলম ⓓ সিরাজুল সালেকিন **উত্তর: গ**

৩১. **বাংলাদেশি বিজ্ঞানী মাকসুদুল আলম ছত্রাকের জিনোম ছাড়াও আর যে সব বিষয়ের জিনোম ম্যাপিং করেছেন সেগুলো হলো -** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ই ইউনিট) : ১২-১৩]
ⓐ পেঁপে, পাট ও রাবার ⓑ পাট, পেঁয়ারা ও রাবার
ⓒ পেঁপে, পাট ও আম ⓓ পাট, রাবার ও আপেল **উত্তর: ক**

৩২. **বাংলাদেশ পাট ও ছত্রাকের জীবন রহস্য উন্মোচনের স্বীকৃতি লাভ করে কোন প্রতিষ্ঠানের কাছ থেকে?** [NSI'র সহকারী পরিচালক : ১৯]
ⓐ UNESCO ⓑ WMO
ⓒ UNDP ⓓ WIPO **উত্তর: ঘ**

৩৩. **ইক্ষু গবেষণা ইনস্টিটিউট কোন জেলায় অবস্থিত?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট : গ্রুপ ১) : ১৮-১৯]
ⓐ দিনাজপুর ⓑ ফরিদপুর
ⓒ ময়মনসিংহ ⓓ পাবনা **উত্তর: ঘ**

৩৪. **বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?** [২৭তম বিসিএস/ PGCB'র সহকারী প্রকৌশলী : ২৪]
ⓐ দিনাজপুর ⓑ গোপালপুর
ⓒ পাকশী ⓓ ঈশ্বরদী **উত্তর: ঘ**

৩৫. **বাংলাদেশের চিনি শিল্পের ট্রেনিং ইনস্টিটিউট কোথায় অবস্থিত?** [২৬তম বিসিএস]
ⓐ দিনাজপুর ⓑ রংপুর
ⓒ ঈশ্বরদী ⓓ যশোর **উত্তর: গ**

৩৬. **বাংলাদেশের বৃহত্তম কৃষি উদ্যান কোথায় অবস্থিত?** [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ১৩]
ⓐ ঢাকা ⓑ গাজীপুর
ⓒ রংপুর ⓓ খুলনা **উত্তর: খ**

Scanned with CamScanner

ব্যাখ্যা: বাংলাদেশের বৃহত্তম কৃষি উদ্যান গাজীপুর জেলার কাশিমপুরে অবস্থিত।

৩৭. **জাতীয় বস্ত্র দিবস কত তারিখ?** [বস্ত্র অধিদপ্তরের অফিস সহায়ক : ২৪]
ক ৪ সেপ্টেম্বর খ ৪ অক্টোবর
গ ৪ নভেম্বর ঘ ৪ ডিসেম্বর **উত্তর: ঘ**

৩৮. **জাতীয় পাট দিবস কবে?** [MOFA'র সহকারী সাইফার কর্মকর্তা : ২২]
ক ০৬ মার্চ খ ০৮ মার্চ
গ ১৬ মার্চ ঘ ১৮ মার্চ **উত্তর: ক**

৩৯. **বিটিএমসি কোন মন্ত্রণালয় নিয়ন্ত্রণ করে?** [জবি (সি ইউনিট) : ১৭-১৮]
ক শিল্প মন্ত্রণালয় খ পরিবেশ ও বন মন্ত্রণালয়
গ বাণিজ্য মন্ত্রণালয় ঘ পাট ও বস্ত্র মন্ত্রণালয় **উত্তর: ঘ**

৪০. **বাংলাদেশের কোন গবেষক পাটের আঁশ থেকে পচনশীল পলিমার ব্যাগ তৈরির পদ্ধতি উদ্ভাবন করেন?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়'র সহকারী পরিচালক : ২৩/ কর কমিশনারের কার্যালয়ের সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার : ২৩]
ক ড. মো. মাহবুবুল ইসলাম খ অধ্যাপক মোবারক আহমদ খান
গ মো. মনিরুজ্জামান ঘ ড. এ. এ মামুন **উত্তর: খ**

৪১. **Who won FAO prize for the contribution in agriculture?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৫-১৬]
ⓐ Shykh Seraj ⓑ Fazle Hasan Abed
ⓒ Rezwana Hasan
ⓓ None of the above **Ans. a**

ব্যাখ্যা: যুক্তরাষ্ট্রের অশোকা ফেলো শাইখ সিরাজ খাদ্য নিরাপত্তা ও দারিদ্র্য বিমোচন বিষয়ে সাংবাদিকতায় অবদান রাখার স্বীকৃতি হিসেবে ২০০৯ সালে অর্জন করেন জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার এ এইচ বুর্মা অ্যাওয়ার্ড।

## ভূমি ব্যবস্থাপনা

***চিরস্থায়ী বন্দোবস্ত, ১৭৯৩*** (Permanent settlement, 1793) : লর্ড কর্নওয়ালিস ১৭৮৯ সালে দশসালা বন্দোবস্ত প্রবর্তন করেন। দশসালা বন্দোবস্তকালে জমিদারদের ওপর যে রাজস্ব ধার্য হয়েছিল ১৭৯৩ সালের ২২ মার্চ কর্নওয়ালিস তা চিরস্থায়ী বলে ঘোষণা দেন। ইতিহাসে এ ঘটনা চিরস্থায়ী বন্দোবস্ত নামে পরিচিত। চিরস্থায়ী বন্দোবস্ত সংক্রান্ত আইনসমষ্টির একটি অবিচ্ছেদ্য অংশ হচ্ছে রাজস্ব বিক্রয় আইন, ১৭৯৩ যা সাধারণভাবে 'সূর্যাস্ত আইন' নামে পরিচিত। সূর্যাস্ত আইনে জমির রাজস্ব নির্দিষ্ট দিনে সূর্যাস্তের পূর্বে পরিশোধ না করতে পারলে, জমি নিলাম করে রাজস্ব আদায় করা হতো। এ আইনে অনেক জমিদার জমি হারিয়ে সর্বস্বান্ত হয়।

***বঙ্গীয় প্রজাস্বত্ব আইন, ১৮৮৫*** প্রজা ও জমিদারদের পারস্পরিক দায় ও অধিকার সংক্রান্ত আইন।

***পূর্ববঙ্গ জমিদারি দখল ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০*** (East Bengal State Acquisition and Tenancy Act, 1950) প্রবর্তিত হলে চিরস্থায়ী বন্দোবস্ত ব্যবস্থা বাতিল হয়ে যায় এবং প্রণেতা ... এই আইনে একটি পরিবার সমগ্র দেশে সর্বোচ্চ ৩৭৫ বিঘা পর্যন্ত খাসজমি ধরে রাখার অধিকারী ছিল।

***১৯৭২ সালের ৯৬ নং আদেশ*** বলে ২৫ বিঘা পর্যন্ত কৃষি জমির খাজনা মওকুফ করে দেওয়া হয়।

***ভূমি উন্নয়ন কর আইন, ২০২৩*** অনুযায়ী ৮.২৫ একর বা ২৫ বিঘা পর্যন্ত ভূমি উন্নয়ন কর মওকুফ করা হয়।

***বাংলাদেশ ল্যান্ড হোল্ডিং (লিমিটেশন) আদেশ, ১৯৭২*** এ কোন পরিবার বা সংস্থার মালিকানাধীন মোট জমি ১০০ বিঘা নির্ধারণ করা হয়।

***ভূমি সংস্কার অধ্যাদেশ, ১৯৮৪*** বলে পরিবার প্রতি ৬০ বিঘায় কমিয়ে আনা হয়।

***ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা ও ওয়ান স্টপ সার্ভিস*** দেশে প্রথম চালু করা হয় ২০১৪ সালের ১৩ ডিসেম্বর চট্টগ্রাম সদর সার্কেল ভূমি অফিসে।

***জাতীয় ভূমি সম্মেলন*** প্রথমবারের মতো আয়োজিত হয় ২৯-৩১ মার্চ, ২০২৩।

| | | |
|---|---|---|
| মোট আবাদযোগ্য জমি | ২ কোটি ২৫ লক্ষ একর | *এইচ এস সি প্রোগ্রাম, বাউবি* |
| | ১,৮৬,৮১,৯০২ একর | *কৃষিশুমারি, ২০১৯* |
| কৃষকপ্রতি আবাদী জমি | ১.১০ একর | |
| মাথাপিছু কৃষি জমি | ০.০৫ একর | *মাধ্যমিক ভূগোল ও পরিবেশ* |
| মাথাপিছু জমি | ০.২৫ একর | *মাধ্যমিক বাংলাদেশ ও বিশ্ব পরিচয়* |
| মাথাপিছু আবাদী জমি | ০.১৫ একর | *বাংলাদেশ উন্নয়ন সমীক্ষা* |

## MCQ Solution

১. **বাংলায় চিরস্থায়ী ভূমি ব্যবস্থা কে প্রবর্তন করেন?** [২২তম বিসিএস/ BPSC'র ডিপ্লোমা নার্স : ২৫/ বেপজা'র সাব-স্টেশন এটেনডেন্ট : ২৩]
ক লর্ড কর্নওয়ালিস খ লর্ড বেন্টিঙ্ক
গ লর্ড ক্লাইভ ঘ লর্ড ওয়াভেল **উত্তর: ক**

২. **চিরস্থায়ী বন্দোবস্ত কবে প্রবর্তন করা হয়?** [৩৪তম বিসিএস/ ১০ম বিসিএস/ বাংলাদেশ সংসদ সচিবালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২৩]
*Or,*
**When was the 'Permanent Settlement' declared?** [Khulna University (B Unit): 05-06]
ক ২২-৩-১৮৯৩ খ ২২-৩-১৮০৫
গ ২২-৩-১৭৯৩ ঘ ১৬-৩-১৭৯৬ **উত্তর: গ**

৩. **চিরস্থায়ী বন্দোবস্তে চিরস্থায়ী করা হয়-** [রাবি (এ ইউনিট) : ১২-১৩]
ক রাজস্ব খ জমিদার
গ রায়ত ঘ জমি **উত্তর: ক**

Scanned with CamScanner

৪. চিরস্থায়ী বন্দোবস্তের মাধ্যমে ভূমির মালিকানা কার উপর ন্যস্ত হয়? [বাংলা একাডেমি এর প্রুফ এডিটর : ২৩]
উত্তর: জমিদারদের উপর।

৫. 'সূর্যাস্ত আইন' চালু হয় কোন সালে? [বরিশাল বিশ্ব: (খ ইউনিট) : ১২-১৩]
ⓚ ১৭৯৩ ⓚ ১৮৯৩
ⓖ ১৭৯২ ⓖ ১৮৯২ উত্তর: ক

৬. বঙ্গীয় প্রজাস্বত্ব আইন পাস হয় - [ইসলামী বিশ্ব: (জি-ইউনিট) : ০৪-০৫]
ⓚ ১৮৮৪ সালে ⓚ ১৮৮৫ সালে
ⓖ ১৮৮৭ সালে ⓖ ১৮৮৯ সালে উত্তর: খ

৭. **Special Committee on the East Bengal State Acquisition and Tenancy Bill, 1948 এর Chairman কে ছিলেন?** [১০ম বিজেএস : ১৬]
ⓚ এ. কে. ফজলুল হক ⓚ আব্দুর রাশিদ তর্কবাগীশ
ⓖ নাজির হোসেন খন্দকার ⓖ তাফাজ্জল আলী উত্তর: ক

৮. পূর্ববঙ্গ জমিদারি দখল ও প্রজাস্বত্ব আইন (এস্টেট একুইজিশন এণ্ড টেনান্সী এ্যাক্ট) কবে প্রণীত হয়? [১৩তম বিসিএস]
ⓚ ১৯৫০ ⓚ ১৯৪৮
ⓖ ১৯৪৭ ⓖ ১৯৫৪ উত্তর: ক

৯. জমিদারি প্রথা বিলুপ্ত হয়? [CAAB'র সশস্ত্র নিরাপত্তা প্রহরী : ২৪]
ⓚ ১৯৪৭ সালে ⓚ ১৯৫০ সালে
ⓖ ১৯৫২ সালে ⓖ ১৯৬৪ সালে উত্তর: খ

১০. কত সালে চিরস্থায়ী বন্দোবস্তের অবসান হয়? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট, সকাল) : ২০-২১/ খুবি (বি ইউনিট) : ১৯-২০]
ⓚ ১৯০৫ ⓚ ১৯৫০
ⓖ ১৯৭২ ⓖ ১৯৪৭ উত্তর: খ

১১. বাংলাদেশে কত বিঘা পর্যন্ত জমির খাজনা মওকুফ করা হয়েছে? [সমাজসেবা অধিদপ্তরের সমাজকল্যাণ সংগঠন : ০৫]
ⓚ ২৫ বিঘা ⓚ ১৫ বিঘা
ⓖ ২০ বিঘা ⓖ ৫০ বিঘা উত্তর: ক

১২. ভূমি উন্নয়ন কর আইন, ২০২৩ অনুযায়ী ভূমি উন্নয়ন কর কত বিঘা পর্যন্ত মওকুফ করা হয়েছে? [DLRS'র সাব-সার্ভেয়ার : ২৪]
উত্তর: ২৫ বিঘা।

১৩. ১৯৭২ সালে ভূমি সংস্কারে কৃষি জমির মালিকানার সর্বোচ্চ সীমা কত বিঘা রাখা হয়? [ইসলামী বিশ্ববিদ্যালয় (সি-ইউনিট): ০৭-০৮]
ⓚ ১০০ ⓚ ৭৫
ⓖ ৫০ ⓖ ২৫ উত্তর: ক

১৪. বাংলাদেশের সর্বশেষ ভূমি অর্ডিন্যান্স কোন সালে করা হয়? [সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক : ৯৭]
ⓚ ১৯৮০ ⓚ ১৯৮৪
ⓖ ১৯৮৬ ⓖ ১৯৯০ উত্তর: খ

১৫. ১৯৮৪ সালের ভূমি সংস্কার অধ্যাদেশ অনুযায়ী একজন ব্যক্তি সর্বোচ্চ কত বিঘা জমির মালিক হতে পারে? [ইসলামী বিশ্ববিদ্যালয় (জি-ইউনিট) : ১০-১১]
ⓚ ৫০ বিঘা ⓚ ৬০ বিঘা
ⓖ ৯০ বিঘা ⓖ ১০০ বিঘা উত্তর: খ

১৬. দেশে প্রথম ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা চালু হয় কোথায়? [চতুর্দশ বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৭]
ⓚ সিলেট ⓚ বরিশাল
ⓖ চট্টগ্রাম ⓖ রংপুর উত্তর: গ

১৭. বাংলাদেশে মোট আবাদযোগ্য জমির পরিমাণ - [৪০তম বিসিএস/ ২৬তম বিসিএস/ ১১তম বিসিএস/ BBAL'র গ্রাউন্ড সার্ভিস অ্যাসিস্ট্যান্ট : ২৩]
ⓚ ২ কোটি ৪০ লক্ষ একর ⓚ ২ কোটি ৫০ লক্ষ একর
ⓖ ২ কোটি ২৫ লক্ষ একর ⓖ ২ কোটি ২১ লক্ষ একর উত্তর: গ

১৮. বাংলাদেশে চাষের অযোগ্য জমির পরিমাণ- [সহকারী থানা শিক্ষা অফিসার : ৯৫]
ⓚ ১ কোটি ২৫ লক্ষ একর ⓚ ১ কোটি ৩২ লক্ষ একর
ⓖ ১ কোটি ৪০ লক্ষ একর ⓖ ১ কোটি ৪৫ লক্ষ একর উত্তর: ক

১৯. বাংলাদেশে মাথাপিছু আবাদী জমির পরিমাণ- [ঢাবি (ঘ ইউনিট) : ০৭-০৮]
ⓚ ১ একর ⓚ ১.৫ একর
ⓖ ২ একর ⓖ ০.১৫ একর উত্তর: ঘ

### ফসল উৎপাদন

ফসল উৎপাদনের জন্য জলবায়ুর ভিত্তিতে সারা বছরকে প্রধান ২টি মৌসুমে ভাগ করা যায়। যথা-

(১) **রবি মৌসুম** : আশ্বিন মাস থেকে ফাল্গুন মাস পর্যন্ত সময়কালকে রবি মৌসুম বলে। এ সময় শীতকালীন শাকসবজি যেমন-ফুলকপি, বাঁধাকপি, মুলা, গাজর, লাউ, সীম, টমেটো, আলু ইত্যাদির চাষ করা হয়। এ ছাড়া বোরো ধান, গম, ডাল ও সরিষা রবি মৌসুমের ফসল।

(২) **খরিপ মৌসুম** : চৈত্র থেকে ভাদ্র মাস পর্যন্ত সময়কালকে খরিপ মৌসুম বলে।

### খাদ্যশস্য (Food Crops)

বাংলাদেশের শতকরা ৮০ ভাগ জমিতে খাদ্যশস্য উৎপাদিত হয়। উৎপাদিত খাদ্যশস্যের মধ্যে ধান, গম, ভুট্টা, ডাল, তেলবীজ প্রধান।

**ধান** বাংলাদেশের প্রধান খাদ্যশস্য। মূল্য পরিমাপে কৃষিপণ্যের মধ্যে বাংলাদেশে সবচেয়ে বেশি উৎপাদিত হয় ধান। চাষের সময়ের উপর ভিত্তি করে বাংলাদেশের ধানকে তিনটি ভাগে ভাগ করা হয়ে থাকে। যথা- আউশ, আমন এবং বোরো। বাংলাদেশের প্রধান ধান চাষ হচ্ছে বোরো।

| | |
|---|---|
| বাংলাদেশের শস্য ভাণ্ডার | বরিশাল |
| বাংলাদেশের রুটির ঝুড়ি | নওগাঁ |

ক) *আউশ ধান* চৈত্র-বৈশাখে বুনে আষাঢ়-শ্রাবণে কাটা হয়।

খ) *আমন ধান* ৩ প্রকার। যথা- রোপা আমন, বোনা আমন এবং বাওয়া আমন। রোপা আমন চারা প্রস্তুত করে সেই চারা রোপণ

Scanned with CamScanner

করা হয়। এই ধান জ্যৈষ্ঠ-আষাঢ় মাসে বীজতলায় বোনা হয়, শ্রাবণ-ভাদ্র মাসে মূল জমিতে রোপন করা হয় এবং অগ্রহায়ণ-পৌষ মাসে কাটা হয়। নবান্নের প্রথম দিন পহেলা অগ্রহায়ণ (১৫ নভেম্বর) 'জাতীয় কৃষি দিবস' হিসেবে পালিত হয়।

*গ) বোরো ধান* এর ফলন হয় বসন্তকালে। এ সময় বৃষ্টিপাত সাধারণত খুব কম হয়। বাংলাদেশে পানি সম্পদের চাহিদা সবচেয়ে বেশি কৃষি খাতে।

উৎকৃষ্টমানের ধান হিসেবে বরিশাল ও পটুয়াখালী অঞ্চলের বালাম, দিনাজপুরের কাটারীভোগ, ময়মনসিংহের বিরই এবং কুমিল্লা ও নোয়াখালী অঞ্চলের কালিজিরা ও চিনিগুঁড়া উল্লেখযোগ্য। নওগাঁ জেলায় সবচেয়ে বেশি চালকল রয়েছে।



*পাওয়ার থ্রেসার (ধান মাড়াই এর মেশিন)*

**গম** (Wheat) বাংলাদেশের দ্বিতীয় প্রধান খাদ্যশস্য। **ডাল** জাতীয় শস্যের মধ্যে মুগ, মসুর, ছোলা, খেসারি, মাষকালাই, মটর, অড়হর ইত্যাদি প্রধান। **তেলবীজ** এর মধ্যে সরিষা, তিল, তিসি, রেড়ি উল্লেখযোগ্য।

## অর্থকরী ফসল (Cash Crops)

যে সকল ফসল সরাসরি বিক্রয়ের উদ্দেশ্যে চাষ করা হয়, তাদের অর্থকরী ফসল বলে। অর্থকরী ফসলের মধ্য পাট, চা, আলু, আখ, তামাক, রেশম, রাবার ও তুলা প্রধান।

**পাট** বাংলাদেশের প্রধান অর্থকরী ফসল। পৃথিবীর প্রায় এক-তৃতীয়াংশ পাট বাংলাদেশে উৎপন্ন হয়। বৈদেশিক মুদ্রা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে বলে পাটকে 'সোনালি আঁশ' বলা হয়। আঁশ ফসলের জন্য চার ধরনের পাট রয়েছে। যথা- দেশি, তোষা, কেনাফ ও মেছতা। ময়মনসিংহ- টাঙ্গাইল-জামালপুর-কিশোরগঞ্জ-ঢাকা-কুমিল্লা অঞ্চল বাংলাদেশের শ্রেষ্ঠ 'পাটবলয়'। দোঁ-আঁশ মাটি পাট চাষের জন্য বেশি উপযোগী। আষাঢ়-শ্রাবণ মাসে ভরা বর্ষার সময় যখন নালা, ডোবা, খাল-বিল পানিতে ভরে ওঠে, তখন পাট কাটা হয়। সনাতন পদ্ধতিতে নিকটবর্তী জলাশয়ে পাট জাগ দিয়ে পচন প্রক্রিয়ায় আঁশ ছাড়ানো হয়। পানির অভাবে যেসব এলাকায় উৎপাদিত পাট পচানোর সমস্যা হয় সেসব এলাকার চাষী ভাইদের জন্য বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটের বিজ্ঞানীরা রিবন রেটিং (পাটের ছালকরণ) পদ্ধতি উদ্ভাবন করেছে। একটি কাঁচা পাটের গাঁইটের ওজন ৪.৫ মণ।

**চা** বাংলাদেশের দ্বিতীয় প্রধান অর্থকরী ফসল। চা চাষের জন্য উষ্ণ ও আর্দ্র জলবায়ু (১৬° - ১৭° সে. তাপমাত্রা) এবং ২৫০ সে.মি. বৃষ্টিপাত এবং আবাদি এলাকায় ৪০% ছায়ার প্রয়োজন হয়। চা বাগানে নির্দিষ্ট দূরত্বে সমান্তরালভাবে চায়ের চারা এবং ছায়াবৃক্ষ (Shade tree) রোপণ করা হয়। পাহাড় ও প্রচুর বৃষ্টিপাতের কারণে সিলেট অঞ্চল চা চাষের জন্য বিশেষ উপযোগী। ১৮৪০ সালে চট্টগ্রাম শহরের বর্তমান চট্টগ্রাম ক্লাব সংলগ্ন এলাকায় একটি চা বাগান প্রতিষ্ঠিত হয়েছিল যা কুণ্ডদের বাগান নামে পরিচিত। বাগানটি প্রতিষ্ঠার পরপরই বিলুপ্ত হয়ে যায়।



*চা বাগানের ছায়াতরু*

অতঃপর ১৮৫৪ সালে (মতান্তরে ১৮৪৭ সালে) সিলেট শহরের এয়ারপোর্ট রোডের কাছে মালনীছড়া চা বাগান প্রতিষ্ঠিত হয়। এটি উপমহাদেশের প্রাচীনতম চা বাগান। মালনীছড়াই দেশের প্রথম বাণিজ্যিক চা বাগান। উত্তরবঙ্গে চায়ের চাষ প্রথম শুরু হয় পঞ্চগড়ে। সম্প্রতি পঞ্চগড়ে অর্গানিক চা উৎপাদন শুরু হয়েছে।

**আলু :** ওয়ারেন হেস্টিংস এর উদ্যোগে বাংলায় আলু চাষের বিস্তার লাভ করে। নেদারল্যান্ড থেকে আলু বাংলাদেশে আনা হয়েছে।

**রাবার :** অধিক বৃষ্টিপাতযুক্ত অঞ্চল চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম এবং সিলেটে রাবার উৎপন্ন হয়। ১৯৬১ সালে কক্সবাজারের রামুতে দেশের প্রথম রাবার বাগান করা হয়।

**রেশম** (Silk) **:** রাজশাহী, দিনাজপুর, রংপুর ও বগুড়া অঞ্চলে রেশম চাষ হয়। বাংলাদেশে সবচেয়ে বেশি রেশম গুটির চাষ হয় চাঁপাইনবাবগঞ্জে।

**তুলা :** যশোর অঞ্চল তুলা চাষের জন্য সবচেয়ে উপযোগী।

**তামাক :** রংপুর জেলা তামাক চাষের জন্য বিখ্যাত।

**ফুল :** যশোরের ঝিকরগাছা উপজেলার গদখালীকে ফুলের রাজধানী বলা হয়। বিস্তীর্ণ জমিতে ফুল চাষ করেন এখানকার চাষীরা।

**আনারস :** পাহাড়ি এলাকায় সাধারণত টুরেসিং বা কন্টুর পদ্ধতিতে আনারস চাষ করা ভালো। পাহাড়ি এলাকায় জমি তৈরিতে সতর্কতা অবলম্বন করতে হয়, কারণ বেশি নাড়াচাড়া করলে ভূমিক্ষয় হয়ে যায়।

Scanned with CamScanner

এক নজরে উন্নতমানের ফসল এবং ফসলের জাত

| ফসলের নাম | ফসলের জাত |
|---|---|
| ধান | চান্দিনা, বিপ্লব, ব্রি বালাম, দুলাভোগ, আশা, সুফলা, প্রগতি, সোনার বাংলা, ময়না, মোহিনী, মঙ্গল, হাসি, নিজামী, নিয়ামত, কিরণ, দিশারী, রহমত, গাজী |
| | ইরি-৮ : উচ্চফলনশীল জাতের উফশি ধান বাংলাদেশে সর্বপ্রথম আমদানি করা হয় এবং তা এখনও এদেশে চালু আছে। |
| | হরিধান : দেশজ নতুন জাত। ঝিনাইদহের হরিপদ কাপালী এর আবিষ্কারক। |
| | নারিকা-১ : উগান্ডা থেকে আনা খরা সহিষ্ণু ধান। |
| গম | অগ্রাণী, সোনালিকা, বলাকা, দোয়েল, আনন্দ, আকবর, কাঞ্চন, বরকত, সুফী, বিজয়, প্রদীপ |
| ভুট্টা | উত্তরণ, বর্ণালী, শুভ্র, মোহর |
| সরিষা | সফল, অগ্রণী |
| তুলা | রূপালী ও ডেলফোজ |
| তামাক | সুমাত্রা, ম্যানিলা |
| মরিচ | যমুনা |
| পুঁই শাক | সবুজ, চিত্রা |
| টমেটো | মিন্টু, বাহার, মানিক, রতন, ঝুমকা, সিঁদুর, শ্রাবণী |
| আলু | ডায়মন্ড, কার্ডিনেল, কুফরী, সিন্দুরী |
| বাঁধাকপি | গোল্ডেন ক্রস, কে ওয়াই ক্রস, গ্রীন এক্সপ্রেস, ড্রামহেড, এটলাস-৭০ |
| আম | মহানন্দা, মোহনভোগ, লেংড়া, গোপালভোগ, হাড়িভাঙ্গা, ইলামতি, ফজলি |
| তরমুজ | পদ্মা, মধুবালা (হলদে জাতের তরমুজ) |
| কলা | অগ্নিশ্বর, কানাইবাঁশী, মোহনবাঁশী, বীট জবা, অমৃতসাগর, সিংগাপুরী |
| বেগুন | ইওরা, শুকতারা, তারাপুরী, নয়নতারা |
| মিষ্টি কুমড়া | হাজী ও দানেশ |

## MCQ Solution

১. **কৃষির রবি মৌসুম কোনটি?** [৪২তম বিসিএস (বিশেষ)]
ⓚ চৈত্র-বৈশাখ ⓚ শ্রাবণ-আশ্বিন
ⓖ কার্তিক-ফাল্গুন ⓖ ভাদ্র-অগ্রহায়ণ **উত্তর: গ**

২. **রবি শস্য (Robi crops) বলতে কি বুঝায়?** [চট্টগ্রাম মেডিকেল কলেজ এর অফিস সহায়ক : ২৩/ BPDB'র নিরাপত্তা প্রহরী : ২৩]
ক গ্রীষ্মকালীন শস্য (Summer crops)
খ শীতকালীন শস্য (Winter crops)
গ বসন্তকালীন শস্য (Spring crops)
ঘ বর্ষাকালীন শস্য (Monsoon crops) **উত্তর: খ**

৪৩. এলিফ্যান্ট পয়েন্ট কোথায় অবস্থিত? [জাবি (সি ৮ ইউনিট : ১৫-১৬]
ⓚ কক্সবাজার　ⓚ সুন্দরবনের দক্ষিণে
ⓖ ভোলা　ⓖ কুয়াকাটা　উত্তর: ক

৪৪. সুন্দরবনকে বন্যপ্রাণীর অভয়ারণ্য হিসেবে ঘোষণা করা হয় কবে? [পরিবেশ অধিদপ্তর নমুনা সংগ্রহকারী : ২৩]
উত্তর: ১৯৯৬ সালে।

৪৫. কোন স্থানকে বাংলাদেশের ফুসফুস বলা হয়? [মৎস্য অধিদপ্তরের অফিস সহায়ক : ২৪/ শিক্ষা মন্ত্রণালয়ের উপসহকারী প্রকৌশলী (ড্রাফটসম্যান) : ২২]
ⓚ কক্সবাজার　ⓚ কাপ্তাই লেক
ⓖ সুন্দরবন　ⓖ মংলা বন্দর　উত্তর: গ

৪৬. কোন দুটি সুন্দরবনের বৃক্ষ? [অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ১৫]
ⓚ শাল ও সেগুন　ⓚ চাপালিস ও অর্জুন
ⓖ জারুল ও গর্জন　ⓖ গেওয়া ও গরান　উত্তর: ঘ

৪৭. সুন্দরবনের প্রধান বৃক্ষ কী কী? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা) : ১২-১৩]
ⓚ গরান ও জারুল　ⓚ সুন্দরী ও গরান
ⓖ সুন্দরী ও সেগুন　ⓖ শাল ও সেগুন　উত্তর: খ

৪৮. কোন উদ্ভিদের শ্বাসমূল আছে? [প্রাথমিক প্রধান শিক্ষক (ড্যাফোডিল) : ১২]
ⓚ পাইনাস　ⓚ কেয়া
ⓖ সুন্দরী　ⓖ বট　উত্তর: গ

Scanned with CamScanner

৪৯. কোনটি ম্যানগ্রোভ উদ্ভিদ নয়? [প্রাথমিক সহকারী শিক্ষক (ঢাকা) : ০৫]
ক) শাল　খ) গেওয়া
গ) কেওড়া　ঘ) সুন্দরী　**উত্তর: ক**

৫০. কোনটি সুন্দরবনের উদ্ভিদ নয়? [চট্টগ্রাম বিশ্ব: (ঘ ইউনিট) : ০৭-০৮]
ক) গেওয়া　খ) কেওড়া
গ) গর্জন　ঘ) গোলপাতা　**উত্তর: গ**

৫১. কোন বৃক্ষটি সুন্দরবনে পাওয়া যায় না? [CAAB'র ইন্সপেক্টর) : ২১]
ক) গড়ান　খ) গামার
গ) বাইন　ঘ) পশুর　**উত্তর: খ**

৫২. বাংলাদেশের বৃহত্তম অরণ্যের নাম 'সুন্দরবন' হওয়ার কারণ হলো- [হাইকোর্টের রেজিস্ট্রার : ৯৬]
ক) এক প্রকার হরিণ　খ) এক প্রকার বাঘ
গ) এক প্রকার গাছ　ঘ) এক প্রকার ঘাস　**উত্তর: গ**

৫৩. সুন্দরবনের সুন্দরী গাছের নামানুসারে বনের নাম হয়েছে সুন্দরবন। এ বনের অন্য একটি নাম আছে, তা কি? [বিটিভির প্রযোজক : ০৬]
ক) হলোবন　খ) চাঁদাগাই
গ) বাদাবন　ঘ) বাইনবন　**উত্তর: গ**

৫৪. নিচের কোন উদ্ভিদ কেবল ম্যানগ্রোভ বনাঞ্চলে দেখা যায়? [৩০তম বিসিএস/ BRDB'র হিসাবরক্ষক : ২২]
ক) খেজুর পাম　খ) সাগু পাম
গ) নিপা পাম　ঘ) তাল পাম　**উত্তর: গ**

৫৫. কোন গাছের কাঠ হতে দিয়াশলাই এর কাঠি তৈরি হয়? [বাংলাদেশ তাঁত বোর্ডের বিভিন্ন পদ : ২২/ রাজশাহী বিশ্ব: (ডি ইউনিট) : ১৮-১৯]
ক) গেওয়া　খ) গরান
গ) ধুন্দল　ঘ) শিমুল　**উত্তর: ক,ঘ**

৫৬. পেন্সিল তৈরিতে কোন গাছের কাঠ ব্যবহৃত হয়? [বিসিআইসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা : ২৫/ BEPZA'র উপ-সহকারী প্রকৌশলী : ২৩]
ক) গরান　খ) নল খাগড়া
গ) ধুন্দল　ঘ) গেওয়া　**উত্তর: গ**

৫৭. কোন গাছের ছাল থেকে রং প্রস্তুত করা হয়? [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা : ১৩]
ক) গরান　খ) শিমুল
গ) কদম　ঘ) গেওয়া　**উত্তর: ক**

৫৮. খুলনার নিউজপ্রিন্ট মিল কাঁচামাল হিসাবে ব্যবহার করে - [বিদ্যুৎ ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ০০]
ক) সেগুন কাঠ　খ) সুন্দরী কাঠ
গ) গেওয়া কাঠ　ঘ) বাঁশ　**উত্তর: গ**

৫৯. খুলনা হার্ডবোর্ড মিলে কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয় কোন ধরনের কাঠ? [১৮তম বিসিএস]
ক) চাপালিশ　খ) কেওড়া
গ) গেওয়া　ঘ) সুন্দরী　**উত্তর: ঘ**

৬০. বাংলাদেশের কোন বনভূমি থেকে প্রচুর পরিমাণে মধু আহরণ করা হয়? [কৃষি অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা : ১১]
ক) সুন্দরবন　খ) পার্বত্য চট্টগ্রাম বন
গ) মধুপুরের শালবন　ঘ) লাউয়াছড়া বন　**উত্তর: ক**

৬১. সুন্দরবনে বাঘ গণনায় ব্যবহৃত হয়- [৩৬তম বিসিএস]
ক) পাগ-মার্ক　খ) ফুটমার্ক
গ) GIS　ঘ) কোয়ার্ডবেট　**উত্তর: ক**

৬২. পচাব্দি গাজী কেন বিখ্যাত? [শ্রম অধিদপ্তর শ্রম কর্মকর্তা : ০৩]
ক) সমাজসেবক　খ) গীতিকার
গ) শিকার　ঘ) দাবা খেলোয়াড়　**উত্তর: গ**

৬৩. বাংলাদেশের সুন্দরবনে কতো প্রজাতির হরিণ দেখা যায়? [৩৫তম বিসিএস]
ক) ১　খ) ২　গ) ৩　ঘ) ৪　**উত্তর: খ**

৬৪. 'বাওয়ালি' কারা? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বাংলা বিভাগ) : ০৯-১০]
ক) বাউল সম্প্রদায়　খ) ভাওয়াল অঞ্চলের বাসিন্দা
গ) সুন্দরবনের গোলপাতা সংগ্রহকারী
ঘ) চট্টগ্রামের বলী খেলোয়াড়　**উত্তর: গ**

৬৫. বাংলাদেশের একমাত্র কুমির প্রজনন খামারটি কোন জেলায় অবস্থিত? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ০৮-০৯]
ক) চট্টগ্রাম　খ) খুলনা
গ) ময়মনসিংহ　ঘ) ঢাকা　**উত্তর: খ**

ব্যাখ্যা: বেসরকারি প্রতিষ্ঠান রেপটাইলস ফার্ম লি. ময়মনসিংহের ভালুকায় দেশের প্রথম বাণিজ্যিক কুমির খামার গড়ে তোলে।

৬৬. সুন্দরবন দিবস পালন করা হয় কোন তারিখে? [পরিবেশ অধিদপ্তরের ডাটা-এন্ট্রি অপারেটর : ২৩]
**উত্তর:** ১৪ ফেব্রুয়ারি।

## সামাজিক বনায়ন

বনবিভাগ ১৯৬০ দশকের শুরুর দিকে বন সম্প্রসারণ কার্যক্রমের মাধ্যমে সর্বপ্রথম বনায়ন কর্মসূচি বনাঞ্চলের বাহিরে জনগণের কাছে নিয়ে যায়। বৃক্ষরোপণ উৎসাহিত করার জন্য ১৯৯৩ সালে বাংলাদেশ সরকার কর্তৃক 'বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার' প্রবর্তন করা হয়। ১৯৯৪ সালে বৃক্ষমেলা চালু হয়।

## সংরক্ষিত এলাকা

জাতীয় উদ্যান : উল্লেখযোগ্য জাতীয় উদ্যানগুলো নিম্নরূপ-

- *ভাওয়াল জাতীয় উদ্যান*, গাজীপুর : ১৯৮২ সালে প্রতিষ্ঠিত হয়।
- *রামসাগর জাতীয় উদ্যান*, দিনাজপুর : উদ্যানটির প্রধান আকর্ষণ হলো রামসাগর দিঘি। রামসাগরকে দেশের বৃহত্তম মানবসৃষ্ট দিঘি হিসেবে বিবেচনা করা হয়। পলাশী যুদ্ধের প্রাক্কালে (১৭৫০ - ১৭৫৫ খ্রিষ্টাব্দের মধ্যে) রাজা রামনাথ দিঘিটি খনন করেছিলেন, তাঁর নামানুসারে দিঘিটির নামকরণ করা হয়েছে।
- *লাউয়াছড়া জাতীয় উদ্যান*, মৌলভীবাজার : এটি ক্রান্তীয় চিরহরিৎ ও ক্রান্তীয় আধা চিরহরিৎ বনভূমির অন্তর্গত। উদ্যানটি বিলুপ্তপ্রায় উল্লুকের জন্য বিখ্যাত।
- *সাতছড়ি জাতীয় উদ্যান*, হবিগঞ্জ

Scanned with CamScanner

**উদ্ভিদ উদ্যান**

- *জাতীয় উদ্ভিদ উদ্যান* (National Botanic Garden), মিরপুর, ঢাকা।
- *বলধা গার্ডেন* ঢাকার ওয়ারী এলাকায় অবস্থিত। ভাওয়াল জমিদার নরেন্দ্র নারায়ণ রায় চৌধুরী ১৯০৯ খ্রিষ্টাব্দে বলধা গার্ডেনের সূচনা করেন।

**বন্যপ্রাণী অভয়ারণ্য (Wildlife Sanctuary)**

- *চুনতি বন্যপ্রাণী অভয়ারণ্য*, চট্টগ্রাম
- *চর কুকরি-মুকরি বন্যপ্রাণী অভয়ারণ্য*, ভোলা
- *টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্য (পূর্বনাম: টেকনাফ গেম রিজার্ভ)*, কক্সবাজার

**সামুদ্রিক রক্ষিত এলাকা (Marine Protected Area - MPA)**

- সোয়াচ অব নো-গ্রাউন্ড মেরিন প্রটেক্টেড এরিয়া
- সেন্টমার্টিন মেরিন প্রটেক্টেড এরিয়া
- নিঝুমদ্বীপ সামুদ্রিক সংরক্ষিত (Marine Reserves) এলাকা

**ইকোপার্ক : Ecopark (Ecological Park)** প্রাকৃতিক পরিবেশে সৃষ্ট বিনোদন উদ্যান যা জীববৈচিত্র্যের উপর কোনোরূপ প্রভাব সৃষ্টি করে না। বনাঞ্চলের একটি নির্দিষ্ট এলাকাকে ইকোপার্ক হিসেবে চিহ্নিত করে একটি নিবিড় ব্যবস্থাপনার আওতায় আনা হয়। উল্লেখযোগ্য ইকোপার্কগুলো হলো-

- *সীতাকুণ্ড বোটনিক্যাল গার্ডেন এবং ইকো পার্ক*, চট্টগ্রাম : বাংলাদেশের প্রথম ইকোপার্ক।
- *টিলাগড় ইকোপার্ক*, সিলেট
- *বাঁশখালী ইকোপার্ক*, চট্টগ্রাম
- *মুরাইছড়া ইকোপার্ক*, বড়লেখা, মৌলভীবাজার

**সাফারি পার্ক :** পার্ক তৈরি হবে বন্যপ্রাণীদের প্রকৃত বাসস্থানের আদলে - তাদের মনে হবে যেন তারা জঙ্গলেই আছে। নিজেদের অভয়ারণ্যেই আছে। মানুষ থাকবে সুরক্ষিত খাঁচা বা যানবাহনের মধ্যে- চিড়িয়াখানার বিপরীত অবস্থা।

- *ডুলাহাজরা সাফারি পার্ক* : কক্সবাজার জেলার ডুলাহাজরায় অবস্থিত। 'ডুলাহাজরা' শব্দের অর্থ 'হাজার পালকি'।
- *গাজীপুর সাফারি পার্ক*, শ্রীপুর, গাজীপুর।

**অ্যাভিয়ারি পার্ক**

- *শেখ রাসেল এভিয়ারী এন্ড ইকোপার্ক-এর বন্যপ্রাণী ও গাছ-গাছড়া*, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম

## MCQ Solution

১. **বৃক্ষরোপণে জনগণকে উৎসাহিত করতে সরকার যে জাতীয় পুরস্কার প্রচলন করেন তার নাম কি?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহকারী সচিব (ড্রাফটিং) : ০৫]
ক) সামাজিক বনায়ন পুরস্কার খ) প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার
গ) জাতীয় বৃক্ষরোপণ পুরস্কার ঘ) রাষ্ট্রপতি পুরস্কার **উত্তর: খ**

২. **বৃক্ষরোপণে জাতীয় পুরস্কার প্রবর্তন হয় কখন?** [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক : ০৪]
ক) ১৯৯০ সালে খ) ১৯৯২ সালে
গ) ১৯৯৩ সালে ঘ) ১৯৯৭ সালে **উত্তর: গ**

৩. **জাতীয় বৃক্ষমেলা শুরু হয় –** [সমাজসেবা অধিদপ্তরে ইনস্ট্রাক্টর : ০৫]
ক) ১৯৯৪ সালে খ) ১৯৯৫ সালে
গ) ১৯৯৬ সালে ঘ) ১৯৯২ সালে **উত্তর: ক**

৪. **বাংলাদেশের জাতীয় উদ্যান-** [সহকারী থানা শিক্ষা কর্মকর্তা (ATEO) : ১৬]
ক) রমনা উদ্যান খ) বোটানিক্যাল উদ্যান
গ) বলধা গার্ডেন ঘ) সোহরাওয়ার্দী উদ্যান **উত্তর:**

৫. **'ভাওয়াল জাতীয় উদ্যান' কত সালে প্রতিষ্ঠিত?** [৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা : ১১]
ক) ১৯৮২ খ) ১৯৮৩
গ) ১৯৮০ ঘ) ১৯৮৪ **উত্তর: ক**

৬. **রামসাগর দিঘি কোন জেলায় অবস্থিত?** [বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের হিসাবরক্ষক : ১৭/ তুলা উন্নয়ন বোর্ডের কর্মকর্তা : ৯৭]
ক) রংপুর খ) দিনাজপুর
গ) নবাবগঞ্জ ঘ) কুড়িগ্রাম **উত্তর: খ**

৭. **'রামসাগর' কার কীর্তি?** [পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব (প্রশাসন) : ১৩]
ক) ধর্মপাল খ) গোপাল
গ) রামপাল ঘ) মহীপাল **উত্তর:**
**ব্যাখ্যা:** রামসাগর রাজা রামনাথের কীর্তি।

৮. **The Lawachara National Park (LNP) is located in which district?** [BPDB'র assistant director : 24]
**উত্তর:** মৌলভীবাজার জেলায়।

৯. **লাউয়াছড়া বনে কোন বিরল প্রাণী আছে?** [৪র্থ বিজেএস) : ০৯]
ক) হনুমান খ) চিতল হরিণ
গ) ভুবন চিল ঘ) উল্লুক **উত্তর: ঘ**

১০. **বাংলাদেশের লাউয়াছড়া জাতীয় উদ্যান কি ধরনের বনভূমি?** [৪০ তম বিসিএস]
ক) ক্রান্তীয় আর্দ্র পত্র পতনশীল জাতীয়
খ) ক্রান্তীয় চিরহরিৎ, আধা-চিরহরিৎ জাতীয়
গ) পত্র পতনশীল জাতীয় ঘ) ম্যানগ্রোভ জাতীয় **উত্তর: খ**

১১. **সাতছরি জাতীয় উদ্যান কোথায় অবস্থিত?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা : ১৭]
ক) সুনামগঞ্জ খ) হবিগঞ্জ
গ) কক্সবাজার ঘ) চট্টগ্রাম **উত্তর: খ**

১২. **বলধা গার্ডেন কোথায় অবস্থিত?** [দুদকের উপ-সহকারী পরিচালক : ১০]
ক) ঢাকা খ) খুলনা
গ) নারায়ণগঞ্জ ঘ) গাজীপুর **উত্তর: ক**

১৩. **নিচের কোনটি বাংলাদেশের 'Wildlife Sanctuary'?** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সরকার ও রাজনীতি) : ১৩-১৪]
ক) চর মুহুরি খ) চর জব্বার
গ) চর ফ্যাশন ঘ) চর কুকরি মুকরি **উত্তর: ঘ**

Scanned with CamScanner

১৪. গেইম রিজার্ভ কী? [ডেন্টাল কলেজ ভর্তি : ২৪-২৫]
ⓚ উন্নত মৎস্য প্রজনন খামার
ⓚ গৃহপালিত পশুদের প্রজনন
ⓖ বন্যপ্রাণী প্রজনন ও সংরক্ষণের জন্য ঘোষিত এলাকা
ⓖ বনের মাঝে অবস্থিত খেলাধুলার স্থান **উত্তর: গ**

১৫. কোন এলাকাকে **'Marine Protected Area' (MPA)** ঘোষণা করা হয়েছে? [৪৫তম বিসিএস]
ⓚ সেন্টমার্টিন ⓚ সেন্টমার্টিন এবং এর আশেপাশের এলাকা
ⓖ পটুয়াখালী ও বরগুনা ⓖ হিরন পয়েন্ট **উত্তর: খ**

১৬. নিচের কোন দ্বীপকে 'সামুদ্রিক সংরক্ষিত এলাকা' হিসেবে ঘোষণা করা হয়েছে? [বিবিএ'র এস্টিমেটর : ২০]
ⓚ ছেঁড়া দ্বীপ ⓚ নিঝুম দ্বীপ
ⓖ মনপুরা দ্বীপ ⓖ দুবলার চর **উত্তর: খ**

১৭. বাংলাদেশের প্রথম ইকোপার্কটি কোথায় স্থাপিত হয়েছে? [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ১৫]
ⓚ সিলেট ⓚ রাঙ্গামাটি
ⓖ সীতাকুন্ডু ⓖ খাগড়াছড়ি **উত্তর: গ**

১৮. 'মুরাইছড়া' ইকো-পার্ক কোথায়? [ঢাকা বিশ্ব: (ঘ ইউনিট) : ১৩-১৪]
ⓚ খাগড়াছড়ি ⓚ নলিতাবাড়ি
ⓖ বড়লেখা ⓖ কালিয়া **উত্তর: গ**

১৯. কোনটি বন অধিদপ্তরের ঘোষণা অনুসারে রক্ষিত এলাকা? [বন ও পরিবেশ অধিদপ্তরের ফরেস্ট অফিসার : ২২]
ⓚ চিড়িয়াখানা ⓚ জাতীয় উদ্ভিদ উদ্যান
ⓖ রমনা পার্ক ⓖ বাঁশখালী ইকোপার্ক **উত্তর: খ,ঘ**

২০. 'সাফারি পার্ক' যে জাতীয় পার্ক- [সমবায় অধিদপ্তরের পরিদর্শক : ২৩]
ⓚ জীবজন্তুর অভয়ারণ্য ⓚ পাখি পালনের স্থান
ⓖ বিরাট উদ্যান ⓖ ফুলের বাগান **উত্তর: ক**

২১. দেশের প্রথম সাফারি পার্ক কোথায়? [পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী : ১৬/ থানা শিক্ষা অফিসার : ০৫]
ⓚ মাধবকুণ্ডে ⓚ মুরাইছড়ি
ⓖ সীতাকুণ্ডের চন্দ্রনাথ রিজার্ভ বনভূমিতে
ⓖ কক্সবাজার জেলার ডুলা হাজরায় **উত্তর: ঘ**

২২. ডুলাহাজরা সাফারি পার্ক (*Dulahazara Safari Park*) কোথায় অবস্থিত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পদ্মা) : ১২]
ⓚ বরিশাল ⓚ কক্সবাজার
ⓖ রংপুর ⓖ সিলেট **উত্তর: খ**

২৩. What is the meaning of the word '*Dulahazara*' known as a famous place in the CHT?/ 'ডুলাহাজরা' শব্দ (পার্বত্য চট্টগ্রামের একটি বিখ্যাত স্থান) এর অর্থ কি? [Agrani Bank Ltd Senior Officer : 11]
ⓐ safari park ⓑ thousand palanquins
ⓒ beautiful bridge ⓓ thousand baskets **Ans. b**

২৪. সাফারি পার্ক কোন জেলায় অবস্থিত? [BBAL'র কার্গো হেলপার : ২১]
ⓚ নেত্রকোণা ⓚ কুমিল্লা
ⓖ নরসিংদী ⓖ গাজীপুর **উত্তর: ঘ**

## সুনীল অর্থনীতি (Blue economy)

সাগরের জলরাশি ও সমুদ্র-সম্পদ নির্ভর অর্থনীতিকে 'সুনীল অর্থনীতি' বলে। বেলজিয়ামের অর্থনীতিবিদ গুন্টার পাওলি ১৯৯৪ সালে সর্বপ্রথম সুনীল অর্থনীতির ধারণা দেন। বাংলাদেশ সমুদ্রে এবং তলদেশে থাকা বিপুল পরিমাণ সম্পদ আহরণের নীতি গ্রহণ করেছে। এটি অর্জনে বাংলাদেশের জন্য বেশ কিছু চ্যালেঞ্জ বিদ্যমান। যেমন- পর্যাপ্ত নীতিমালা ও সঠিক পরিকল্পনার অভাব, দক্ষ জনশক্তির অভাব, প্রযুক্তিগত জ্ঞানের অভাব, ঘন ঘন বন্যা, সমুদ্র দূষণ, সম্পদের পরিমাণ ও মূল্য সম্পর্কে সঠিক তথ্যের অভাব, ত্রুটিপূর্ণ সমুদ্র শাসন, মেরিন রিসোর্সভিত্তিক পর্যাপ্ত গবেষণা না হওয়া, ব্লু-ইকোনমি সম্পর্কিত আন্তর্জাতিক ও আঞ্চলিক যোগাযোগের অভাব, সমুদ্রে গমন এবং গবেষণা কার্যক্রম সম্পাদনের জন্য গবেষণা জাহাজ না থাকা।

### MCQ Solution

১. 'ব্লু ইকোনমি' (সুনীল অর্থনীতি) কোন বিষয়ের সাথে সংশ্লিষ্ট? [DLRS'র কপিস্ট কাম-বেঞ্চ সহকারী : ২৫/ বাংলাদেশ রেলওয়ে বুকিং সহাকরী : ২৪]
ⓚ সমুদ্র (ocean) ⓚ ভূ-রাজনীতি (geo politics)
ⓖ কৃষি (agriculture) ⓖ জলবায়ু (climate) **উত্তর: ক**

২. কে সর্বপ্রথম 'ব্লু ইকোনোমি'- এর ধারণা দেন? [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (মানবিক) : ২৩-২৪]
ⓚ অ্যাডাম স্মিথ ⓚ ডেভিড রিকার্ডো
ⓖ অমর্ত্য সেন ⓖ গুন্টার পাউলি **উত্তর: ঘ**

৩. বাংলাদেশের ব্লু-ইকোনমির চ্যালেঞ্জ নয় কোনটি? [৪৪তম বিসিএস]
ⓚ ঘন ঘন বন্যা ⓚ সমুদ্র দূষণ
ⓖ ত্রুটিপূর্ণ সমুদ্র শাসন ⓖ উপরের কোনটিই নয় **উত্তর: ঘ**

## পরিবেশ দূষণ

আমাদের দেশে পরিবেশ দূষণের প্রধান কারণ দ্রুত জনসংখ্যা বৃদ্ধি।

**বায়ু দূষণ :** দুই স্ট্রোকবিশিষ্ট ইঞ্জিনে চার স্ট্রোকবিশিষ্ট ইঞ্জিনের চাইতে বায়ু দূষণ বেশি হয়। বায়ু দূষণ হ্রাসের লক্ষ্যে ২০০৩ সালের ১ জানুয়ারি ঢাকা মহানগরীতে টু-স্ট্রোক যানবাহন চলাচল নিষিদ্ধ করা হয়। ঢাকা শহরের বায়ুতে মাত্রাতিরিক্ত সীসার উপস্থিতি পাওয়া গেছে।

**মাটি দূষণ :** পলিথিন ব্যবহারের পর পরিত্যক্ত পলিথিন মাটিতে বা পানিতে পচে না। পরিবেশ দূষণ হ্রাসের লক্ষ্যে ১ জানুয়ারি, ২০০২ সালে ঢাকা শহরে এবং একই বছর ১ মার্চ সারাদেশে পলিথিন ব্যাগ ব্যবহার নিষিদ্ধ করা হয়। বিশ্বের প্রথম দেশ হিসেবে পলিথিন ব্যাগ নিষিদ্ধ ঘোষণা করে বাংলাদেশ।

**পানি দূষণ :** ঢাকার প্রাণ বলে খ্যাত বুড়িগঙ্গা নদীর পানি সবচেয়ে বেশি দূষিত। বাংলাদেশের বড় বড় শিল্প কারখানা শীতলক্ষ্যা নদীর তীরে গড়ে উঠেছে। ঘোড়াশাল থেকে নারায়ণগঞ্জ পর্যন্ত একনাগাড়ে ৪৬টি শিল্প সংস্থা এ নদীর তীরে অবস্থিত।

Scanned with CamScanner

১৪. গেইম রিজার্ভ কী? [ডেন্টাল কলেজ ভর্তি : ২৪-২৫]
ⓚ উন্নত মৎস্য প্রজনন খামার
ⓚ গৃহপালিত পশুদের প্রজনন
ⓖ বন্যপ্রাণী প্রজনন ও সংরক্ষণের জন্য ঘোষিত এলাকা
ⓖ বনের মাঝে অবস্থিত খেলাধুলার স্থান **উত্তর: গ**

১৫. কোন এলাকাকে **'Marine Protected Area' (MPA)** ঘোষণা করা হয়েছে? [৪৫তম বিসিএস]
ⓚ সেন্টমার্টিন ⓚ সেন্টমার্টিন এবং এর আশেপাশের এলাকা
ⓖ পটুয়াখালী ও বরগুনা ⓖ হিরন পয়েন্ট **উত্তর: খ**

১৬. নিচের কোন দ্বীপকে 'সামুদ্রিক সংরক্ষিত এলাকা' হিসেবে ঘোষণা করা হয়েছে? [বিবিএ'র এস্টিমেটর : ২০]
ⓚ ছেঁড়া দ্বীপ ⓚ নিঝুম দ্বীপ
ⓖ মনপুরা দ্বীপ ⓖ দুবলার চর **উত্তর: খ**

১৭. বাংলাদেশের প্রথম ইকোপার্কটি কোথায় স্থাপিত হয়েছে? [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ১৫]
ⓚ সিলেট ⓚ রাঙ্গামাটি
ⓖ সীতাকুন্ডু ⓖ খাগড়াছড়ি **উত্তর: গ**

১৮. 'মুরাইছড়া' ইকো–পার্ক কোথায়? [ঢাকা বিশ্ব: (ঘ ইউনিট) : ১৩-১৪]
ⓚ খাগড়াছড়ি ⓚ নলিতাবাড়ি
ⓖ বড়লেখা ⓖ কালিয়া **উত্তর: গ**

১৯. কোনটি বন অধিদপ্তরের ঘোষণা অনুসারে রক্ষিত এলাকা? [বন ও পরিবেশ অধিদপ্তরের ফরেস্ট অফিসার : ২২]
ⓚ চিড়িয়াখানা ⓚ জাতীয় উদ্ভিদ উদ্যান
ⓖ রমনা পার্ক ⓖ বাঁশখালী ইকোপার্ক **উত্তর: খ,ঘ**

২০. 'সাফারি পার্ক' যে জাতীয় পার্ক- [সমবায় অধিদপ্তরের পরিদর্শক : ২৩]
ⓚ জীবজন্তুর অভয়ারণ্য ⓚ পাখি পালনের স্থান
ⓖ বিরাট উদ্যান ⓖ ফুলের বাগান **উত্তর: ক**

২১. দেশের প্রথম সাফারি পার্ক কোথায়? [পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী : ১৬/ থানা শিক্ষা অফিসার : ০৫]
ⓚ মাধবকুণ্ডে ⓚ মুরাইছড়ি
ⓖ সীতাকুণ্ডের চন্দ্রনাথ রিজার্ভ বনভূমিতে
ⓖ কক্সবাজার জেলার ডুলা হাজরায় **উত্তর: ঘ**

২২. ডুলাহাজরা সাফারি পার্ক (*Dulahazara Safari Park*) কোথায় অবস্থিত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পদ্মা) : ১২]
ⓚ বরিশাল ⓚ কক্সবাজার
ⓖ রংপুর ⓖ সিলেট **উত্তর: খ**

২৩. What is the meaning of the word '*Dulahazara*' known as a famous place in the CHT?/ 'ডুলাহাজরা' শব্দ (পার্বত্য চট্টগ্রামের একটি বিখ্যাত স্থান) এর অর্থ কি? [Agrani Bank Ltd Senior Officer : 11]
ⓐ safari park ⓑ thousand palanquins
ⓒ beautiful bridge ⓓ thousand baskets **Ans. b**

২৪. সাফারি পার্ক কোন জেলায় অবস্থিত? [BBAL'র কার্গো হেলপার : ২১]
ⓚ নেত্রকোণা ⓚ কুমিল্লা
ⓖ নরসিংদী ⓖ গাজীপুর **উত্তর: ঘ**

## সুনীল অর্থনীতি (Blue economy)

সাগরের জলরাশি ও সমুদ্র-সম্পদ নির্ভর অর্থনীতিকে 'সুনীল অর্থনীতি' বলে। বেলজিয়ামের অর্থনীতিবিদ গুন্টার পাওলি ১৯৯৪ সালে সর্বপ্রথম সুনীল অর্থনীতির ধারণা দেন। বাংলাদেশ সমুদ্রে এবং তলদেশে থাকা বিপুল পরিমাণ সম্পদ আহরণের নীতি গ্রহণ করেছে। এটি অর্জনে বাংলাদেশের জন্য বেশ কিছু চ্যালেঞ্জ বিদ্যমান। যেমন- পর্যাপ্ত নীতিমালা ও সঠিক পরিকল্পনার অভাব, দক্ষ জনশক্তির অভাব, প্রযুক্তিগত জ্ঞানের অভাব, ঘন ঘন বন্যা, সমুদ্র দূষণ, সম্পদের পরিমাণ ও মূল্য সম্পর্কে সঠিক তথ্যের অভাব, ত্রুটিপূর্ণ সমুদ্র শাসন, মেরিন রিসোর্সভিত্তিক পর্যাপ্ত গবেষণা না হওয়া, ব্লু-ইকোনমি সম্পর্কিত আন্তর্জাতিক ও আঞ্চলিক যোগাযোগের অভাব, সমুদ্রে গমন এবং গবেষণা কার্যক্রম সম্পাদনের জন্য গবেষণা জাহাজ না থাকা।

### MCQ Solution

১. 'ব্লু ইকোনমি' (সুনীল অর্থনীতি) কোন বিষয়ের সাথে সংশ্লিষ্ট? [DLRS'র কপিস্ট কাম-বেঞ্চ সহকারী : ২৫/ বাংলাদেশ রেলওয়ে বুকিং সহকারী : ২৪]
ⓚ সমুদ্র (ocean) ⓚ ভূ-রাজনীতি (geo politics)
ⓖ কৃষি (agriculture) ⓖ জলবায়ু (climate) **উত্তর: ক**

২. কে সর্বপ্রথম 'ব্লু ইকোনোমি'- এর ধারণা দেন? [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (মানবিক) : ২৩-২৪]
ⓚ অ্যাডাম স্মিথ ⓚ ডেভিড রিকার্ডো
ⓖ অমর্ত্য সেন ⓖ গুন্টার পাউলি **উত্তর: ঘ**

৩. বাংলাদেশের ব্লু-ইকোনমির চ্যালেঞ্জ নয় কোনটি? [৪৪তম বিসিএস]
ⓚ ঘন ঘন বন্যা ⓚ সমুদ্র দূষণ
ⓖ ত্রুটিপূর্ণ সমুদ্র শাসন ⓖ উপরের কোনটিই নয় **উত্তর: ঘ**

## পরিবেশ দূষণ

আমাদের দেশে পরিবেশ দূষণের প্রধান কারণ দ্রুত জনসংখ্যা বৃদ্ধি।

**বায়ু দূষণ :** দুই স্ট্রোকবিশিষ্ট ইঞ্জিনে চার স্ট্রোকবিশিষ্ট ইঞ্জিনের চাইতে বায়ু দূষণ বেশি হয়। বায়ু দূষণ হ্রাসের লক্ষ্যে ২০০৩ সালের ১ জানুয়ারি ঢাকা মহানগরীতে টু-স্ট্রোক যানবাহন চলাচল নিষিদ্ধ করা হয়। ঢাকা শহরের বায়ুতে মাত্রাতিরিক্ত সীসার উপস্থিতি পাওয়া গেছে।

**মাটি দূষণ :** পলিথিন ব্যবহারের পর পরিত্যক্ত পলিথিন মাটিতে বা পানিতে পচে না। পরিবেশ দূষণ হ্রাসের লক্ষ্যে ১ জানুয়ারি, ২০০২ সালে ঢাকা শহরে এবং একই বছর ১ মার্চ সারাদেশে পলিথিন ব্যাগ ব্যবহার নিষিদ্ধ করা হয়। বিশ্বের প্রথম দেশ হিসেবে পলিথিন ব্যাগ নিষিদ্ধ ঘোষণা করে বাংলাদেশ।

**পানি দূষণ :** ঢাকার প্রাণ বলে খ্যাত বুড়িগঙ্গা নদীর পানি সবচেয়ে বেশি দূষিত। বাংলাদেশের বড় বড় শিল্প কারখানা শীতলক্ষ্যা নদীর তীরে গড়ে উঠেছে। ঘোড়াশাল থেকে নারায়ণগঞ্জ পর্যন্ত একনাগাড়ে ৪৬টি শিল্প সংস্থা এ নদীর তীরে অবস্থিত।

Scanned with CamScanner

### প্রতিবেশগত সঙ্কটাপন্ন এলাকা
### Ecologically Critical Area - ECA

জীববৈচিত্র্য সুরক্ষা, প্রাকৃতিক পরিবেশ সংরক্ষণ ও পরিবেশগত মানোন্নয়নের লক্ষ্যে সরকার কর্তৃক বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০) অনুসারে কিছু এলাকাকে প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা হিসেবে ঘোষণা করা হয়েছে। এগুলো হলো- হাকালুকি হাওড়, টাঙ্গুয়ার হাওড়, সুন্দরবন, কক্সবাজার-টেকনাফ সমুদ্র সৈকত, সেন্টমার্টিন দ্বীপ, সোনাদিয়া দ্বীপ, মারজাত বাওড়, গুলশান-বাড়িধারা লেক, বুড়িগঙ্গা নদী, তুরাগ নদী, বালু নদী, শীতলক্ষ্যা নদী ও জাফলং-ডাওকি নদী।

### পরিবেশ সংরক্ষণ

বাংলাদেশের পরিবেশবাদী সংস্থাগুলোর মধ্যে রয়েছে-

- বাংলাদেশ পরিবেশ আন্দোলন (Bangladesh Poribesh Andolon) সংক্ষেপে বাপা (BAPA)
- পরিবেশ বাঁচাও আন্দোলন (Poribesh Bachao Andolon - POBA)
- Bangladesh Environmental Management Force (BEMF)
- Bangladesh Environmental Lawyers Association. (BELA)

## MCQ Solution

১. **আমাদের দেশে পরিবেশ দূষণের প্রধান কারণ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২]
ⓚ গাছপালা কাটা ⓛ নদী ভরাট
ⓖ দ্রুত জনসংখ্যা বৃদ্ধি ⓘ পাহাড় কাটা **উত্তর: গ**

২. **দুই স্ট্রোকবিশিষ্ট ইঞ্জিনে চার স্ট্রোকবিশিষ্ট ইঞ্জিনের চাইতে বায়ু দূষণ ...... হয়।** [BRTA'র মোটরযান পরিদর্শক : ০৫]
ⓚ কম ⓛ বেশি
ⓖ সমান ⓘ কোনটিই নয় **উত্তর: খ**

৩. **ঢাকা মহানগরীতে টু-স্ট্রোক যানবাহন চলাচল নিষিদ্ধ করা হয় কবে থেকে?** [প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৪]
ⓚ ৩১ ডিসেম্বর, ২০০২ ⓛ ১ জানুয়ারি, ২০০৩
ⓖ ১ জানুয়ারি, ২০০২ ⓘ ৩১ ডিসেম্বর, ২০০১ **উত্তর: খ**

৪. **বাংলাদেশ কখন টু-স্ট্রোক তিন চাকার বেবিট্যাক্সি বাতিল করে-** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭]
ⓚ ২০০০ সনে ⓛ ২০০১ সনে
ⓖ ২০০২ সনে ⓘ ২০০৩ সনে **উত্তর: ঘ**

৫. **Which is the hazardous metallic pollutant in the air of Dhaka city?** [Bangladesh Bank Asst. Director : 01] *Or,*
**ঢাকা শহরের বাতাসে বিপদজনক ধাতব দূষণ কোনটি?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১২-১৩]
ⓐ Arsenic ⓑ Carbon
ⓒ Zinc ⓓ Lead **Ans: d**

৬. **কোন দেশ প্রথম পলিথিন ব্যাগ নিষিদ্ধ করে?** [CAAB'র নিরাপত্তা অধিক্ষক (পুরুষ) : ২৪/ PGCB'র কারিগরি সহায়ক : ২৪]
ⓚ যুক্তরাষ্ট্র ⓛ যুক্তরাজ্য
ⓖ বাংলাদেশ ⓘ ভারত **উত্তর: গ**

৭. **পলিথিন ব্যবহার নিষিদ্ধ করার বড় কারণ-** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (নাগলিঙ্গম) : ১২]
ⓚ পানিতে আর্সেনিকের পরিমাণ হ্রাস
ⓛ পরিবেশ দূষণ হ্রাস
ⓖ ডেঙ্গু জ্বরের প্রকোপ কমানো
ⓘ উৎপাদন খরচের আধিক্য **উত্তর: খ**

৮. **বাংলাদেশে কবে থেকে পলিথিন শপিং ব্যাগ ব্যবহার ও বাজারজাতকরণ নিষিদ্ধ হয়?** [সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার : ০৬/ প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৪]
ⓚ ১ জানুয়ারি, ২০০২
ⓛ ১ ফেব্রুয়ারি, ২০০২
ⓖ ১ মার্চ, ২০০২
ⓘ ১ জুলাই, ২০০২ **উত্তর: গ**

৯. **বাংলাদেশের বড় বড় শিল্প কারখানা কোন নদীর তীরে গড়ে উঠেছে?** [DGFP'র পরিবারকল্যাণ প্রশিক্ষণার্থী : ১৩]
ⓚ শীতলক্ষ্যা ⓛ মেঘনা
ⓖ যমুনা ⓘ ব্রহ্মপুত্র **উত্তর: ক**

১০. **বাংলাদেশের কোন নদীর পানি অত্যধিক দূষিত?** [পাবলিক সার্ভিস কমিশন সচিবালয়ে সহকারী সচিব : ০৫]
ⓚ শীতলক্ষ্যা ⓛ বুড়িগঙ্গা
ⓖ তুরাগ ⓘ পশুর **উত্তর: খ**

১১. **কোনটি প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা?** [বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের জুনিয়র ইন্সট্রাক্টর : ২০]
ⓚ রামপাল ⓛ সোনারগাঁ
ⓖ টাঙ্গুয়ার হাওর ⓘ আঁড়িয়াল বিল **উত্তর: গ**

১২. **কোন স্থানটি বাংলাদেশের ঘোষিত 'প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা' নয়?** [DOICT'র সহকারী প্রোগ্রামার : ২০]
ⓚ হাকালুকি ⓛ সুন্দরবন
ⓖ সোনাদিয়া দ্বীপ ⓘ চলন বিল **উত্তর: ঘ**

১৩. **পরিবেশ রক্ষার কাজ করে?** [উপজেলা একাডেমিক সুপারভাইজার : ১৫]
ⓚ বাপা ⓛ ব্লাস্ট
ⓖ আশা ⓘ ব্রাক **উত্তর: ক**

১৪. **বাংলাদেশ পরিবেশ বিষয়ক সংগঠনের নাম-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]
ⓚ বিইএমএফ ⓛ তেল গ্যাস রক্ষা কমিটি
ⓖ গ্রামীণ ব্যাংক ⓘ হৃদয়ে বাংলাদেশ **উত্তর: ক**

Scanned with CamScanner

# বাংলাদেশের জলবায়ু এবং দুর্যোগ
## Climate & Disaster of Bangladesh

### জলবায়ু (Climate)

বাংলাদেশের মাঝামাঝি স্থান দিয়ে কর্কটক্রান্তি রেখা অতিক্রম করায় এখানে ক্রান্তীয় জলবায়ু বিদ্যমান। কিন্তু মৌসুমি বায়ুর প্রভাব অত্যধিক হওয়ায় বাংলাদেশের জলবায়ু 'ক্রান্তীয় মৌসুমি জলবায়ু' (Tropical monsoon climate) নামে পরিচিত। সামগ্রিকভাবে বাংলাদেশের জলবায়ু উষ্ণ (warm), আর্দ্র (humid) এবং সমভাবাপন্ন (equable)।

#### ক) বৃষ্টিপাত

বাংলাদেশের বার্ষিক গড় বৃষ্টিপাত ২০৩ সেমি বা ২০৩০ মি.মি.।

| বৃষ্টিপাত | স্থান | তথ্যসূত্র |
|---|---|---|
| সর্বোচ্চ | লালাখাল, সিলেট | বাংলাপিডিয়া |
| | শ্রীমঙ্গল, মৌলভীবাজার | জাতীয় তথ্য বাতায়ন |
| সর্বনিম্ন | লালপুর, নাটোর | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর |

#### খ) তাপমাত্রা

| বাংলাদেশের... | উষ্ণতম | শীতলতম |
|---|---|---|
| স্থান | লালপুর, নাটোর | শ্রীমঙ্গল, মৌলভীবাজার |
| জেলা | রাজশাহী | সিলেট |
| মাস | এপ্রিল | জানুয়ারি |

বাংলাদেশের মোট ঋতু ৬ টি। যথা-

- গ্রীষ্ম (Summer) = বৈশাখ + জ্যৈষ্ঠ
- বর্ষা (Monsoon) = আষাঢ় + শ্রাবণ
- শরৎ (Autumn) = ভাদ্র + আশ্বিন
- হেমন্ত (Late Autumn) = কার্তিক + অগ্রহায়ণ
- শীত (Winter) = পৌষ + মাঘ
- বসন্ত (Spring) = ফাল্গুন + চৈত্র

ষড়ঋতুর দেশ হিসাবে পরিচিত হলেও মৌসুমি বায়ুপ্রবাহ, বৃষ্টিপাত ও বার্ষিক তাপমাত্রার উপর ভিত্তি করে বাংলাদেশে বছরে সুস্পষ্ট তিনটি ঋতুর উপস্থিতি চিহ্নিত করা যায়। যথা- গ্রীষ্মকাল, বর্ষাকাল এবং শীতকাল।

**১) গ্রীষ্মকাল :** বাংলাদেশে মার্চ থেকে মে মাস (ফাল্গুন-জ্যৈষ্ঠ) পর্যন্ত গ্রীষ্মকাল। বাংলাদেশের সবচেয়ে উষ্ণ ঋতু হলো গ্রীষ্মকাল। এ সময়ে সর্বোচ্চ তাপমাত্রা ৩৪° সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ২১° সেলসিয়াস। কালবৈশাখী ঝড় (North Westerlies) গ্রীষ্মকালীন আবহাওয়ার অন্যতম বৈশিষ্ট্য। প্রাক-মৌসুমি বায়ু ঋতুতে এ ঝড় হয়। এ ঝড় উত্তর-পশ্চিম দিক থেকে বাংলাদেশের উপর দিয়ে প্রবাহিত হয়।

কালবৈশাখীর সময়কাল

| সময়কাল | সূত্র |
|---|---|
| চৈত্র-বৈশাখ | সামাজিক বিজ্ঞান (ষষ্ঠ শ্রেণি) |
| বৈশাখ-জ্যৈষ্ঠ | বাংলাপিডিয়া |

বাংলাদেশে বার্ষিক বৃষ্টিপাতের ২০% গ্রীষ্মকালে হয়।

**২) বর্ষাকাল :** জুন থেকে অক্টোবর (জ্যৈষ্ঠ-কার্তিক) পর্যন্ত বাংলাদেশের সর্বত্র মৌসুমি বায়ু দ্বারা বৃষ্টিপাত ঘটে এবং তখনই এখানে বর্ষাকাল। বর্ষাকালকে স্বতন্ত্র ঋতু বলা হয়। বর্ষাকালে বাংলাদেশের উপর দিয়ে প্রবাহিত দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু ভারত মহাসাগর এবং বঙ্গোপসাগরের ওপর দিয়ে আসার সময় প্রচুর জলীয়বাষ্প সমৃদ্ধ থাকে। উষ্ণ-আর্দ্র দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলের পাহাড়ি এলাকায় বাধাপ্রাপ্ত হলে শৈলোৎক্ষেপ প্রক্রিয়ায় প্রচুর বৃষ্টিপাত ঘটায়। বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলে সর্বোচ্চ বৃষ্টিপাত হয়। বাৎসরিক বৃষ্টিপাতের চার-পঞ্চমাংশ (৮০%) বর্ষাকালে হয়ে থাকে।

বাংলাদেশের ....

| সময়কাল | গড় তাপমাত্রা |
|---|---|
| বার্ষিক | ২৬.০১° সে. |
| গ্রীষ্মকাল | ২৮° সে. |
| বর্ষাকাল | ২৭° সে. |
| শীতকাল | ১৭.৭° সে. |

**৩) শীতকাল :** সাধারণত এ দেশে নভেম্বরের শেষ থেকে ফেব্রুয়ারি মাস (কার্তিক-ফাল্গুন) পর্যন্ত সময়কে শীতকাল বলে। এ সময় সর্বোচ্চ তাপমাত্রা ২৯° সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ১১° সেলসিয়াস। দেশের ইতিহাসে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছিল ১৯০৫ সালে দিনাজপুরে ১° সেলসিয়াস। বিগত ৭০ বছরের মধ্যে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২০১৮ সালে পঞ্চগড়ে ২.৬° সেলসিয়াস। উত্তর-পূর্ব মৌসুমি বায়ু শীতকালে বাংলাদেশের ওপর দিয়ে প্রবাহিত হওয়ায় বাতাসের আর্দ্রতা কম থাকে। শীতকালে বাংলাদেশে বৃষ্টিপাত প্রায় হয় না বললেই চলে।

### MCQ Solution

১. কোন দেশটি মৌসুমি জলবায়ু অঞ্চলের অন্তর্ভুক্ত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ৯৫-৯৬]
ⓚ চীন ⓚ গ্রিস
ⓖ নিউজিল্যান্ড ⓖ বাংলাদেশ **উত্তর: ঘ**

২. বাংলাদেশের জলবায়ু কী ধরনের? [৩৮তম বিসিএস]
ⓚ ক্রান্তীয় ও উপক্রান্তীয় জলবায়ু
ⓚ ক্রান্তীয় মৌসুমি জলবায়ু
ⓖ উপক্রান্তীয় জলবায়ু
ⓖ আর্দ্র ক্রান্তীয় জলবায়ু **উত্তর: খ**

Scanned with CamScanner

২৫. কোন কোন মাসে কাল-বৈশাখী ঝড় হয়? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ০৯]
ⓚ ফাল্গুন-চৈত্র ⓚ চৈত্র-বৈশাখ
ⓖ বৈশাখ-জ্যৈষ্ঠ ⓖ বৈশাখ উত্তর: খ,গ

২৬. কালবৈশাখীর ইংরেজি- [প্রাথমিক সহকারী শিক্ষক (১ম পর্যায়) : ২২]
ⓚ Dark Westerlies ⓚ West Westerlies
ⓖ North Westerlies ⓖ Black Westerlies উত্তর: গ

২৭. বাংলাদেশে কালবৈশাখী ঝড় কখন হয়? [৩৫তম বিসিএস]
ⓚ মৌসুমি বায়ু ঋতুতে ⓖ শীতকালে
ⓚ মৌসুমি বায়ু ঋতুর পরবর্তী সময়ে
ⓖ প্রাক-মৌসুমি বায়ু ঋতুতে উত্তর: ঘ

২৮. বাংলাদেশে কালবৈশাখী ঝড় কোন দিক থেকে আসে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ২৩-২৪]
ⓚ উত্তর-পশ্চিম ⓚ উত্তর- পূর্ব
ⓖ দক্ষিণ-পশ্চিম ⓖ দক্ষিণ-পূর্ব উত্তর: ক

২৯. গ্রীষ্মকালে বাংলাদেশে বায়ু কোন দিক থেকে প্রবাহিত হয়? [স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নকশাকার ড্রাফটসম্যান : ২২]
ⓚ দক্ষিণ ⓚ উত্তর
ⓖ দক্ষিণ-পূর্ব ⓖ দক্ষিণ-পশ্চিম উত্তর: ঘ

৩০. বাংলাদেশে কখন দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ুর প্রভাবে বৃষ্টিপাত হয়? [কুমিল্লা বিশ্ব: (বি ইউনিট) : ১৩-১৪]
ⓚ শীতকালে ⓚ গ্রীষ্মকালে
ⓖ শরৎকালে ⓖ বর্ষাকালে উত্তর: ঘ

ব্যাখ্যা: উষ্ণতার ভিত্তিতে ঋতু প্রধানত দুই প্রকার। যথা- গ্রীষ্মকাল ও শীতকাল। বাংলাদেশে মৌসুমী বায়ু গ্রীষ্মকালে দক্ষিণ-পশ্চিম দিক হতে এবং শীতকালে উত্তর-পূর্ব দিক হতে প্রবাহিত হয়। গ্রীষ্মকালের যে সময় মৌসুমী বায়ুর প্রভাবে প্রচুর বৃষ্টিপাত হয়, তাই বর্ষাকাল। এটি বাংলাদেশের একটি স্বতন্ত্র্য ঋতু।

৩১. বাংলাদেশের কোন ঋতুকে স্বতন্ত্র্য ঋতু বলা হয়? [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৮-১৯]
ⓚ গ্রীষ্ম ⓚ বর্ষা ⓖ শরৎ ⓖ শীত উত্তর: খ

৩২. বাংলাদেশের বৃষ্টিপাতের কতভাগ বর্ষাকালে হয়? [এমবিবিএস : ০৮-০৯]
ⓚ ৪০% ⓚ ৬০% ⓖ ৮০% ⓖ ২০% উত্তর: গ

৩৩. শীতকালে বাংলাদেশের কোনটি সবচেয়ে শীতলতম জেলা? [পঞ্চদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল ২): ১৯]
ⓚ দিনাজপুর ⓚ বগুড়া
ⓖ শেরপুর ⓖ গাজীপুর উত্তর: ক

৩৪. কোন সময় বাংলাদেশে বায়ুর আর্দ্রতা কম থাকে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (উপ-ইউনিট বি১) : ২৩-২৪]
ⓚ শীতকালে ⓚ বর্ষাকালে
ⓖ শরৎকালে ⓖ হেমন্তকালে উত্তর: ক

৩৫. বাংলাদেশে এখন পর্যন্ত রেকর্ড সর্বনিম্ন তাপমাত্রা কত? [CAAB এর নিরাপত্তা অফিসার : ২১]
ⓚ ২.৬ ডিগ্রী সেলসিয়াস ⓚ ২.৮ ডিগ্রী সেলসিয়াস
ⓖ ৩.০ ডিগ্রী সেলসিয়াস ⓖ ৩.২ ডিগ্রী সেলসিয়াস উত্তর: ক

৩৬. বাংলাদেশে শীতকালে কম বৃষ্টিপাত হয়- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ভূগোল) : ০৭-০৮/ দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক : ০৩]
ⓚ উত্তর- পূর্ব শুষ্ক মৌসুমি বায়ুর প্রভাবে
ⓚ সমুদ্র বায়ুর প্রভাবে
ⓖ দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ুর প্রভাবে
ⓖ নিরক্ষীয় বায়ুর প্রভাবে উত্তর: ক

## বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ঘোষণা মোতাবেক বাংলাদেশে প্রাকৃতিক দুর্যোগ ১৩টি। যথা- বন্যা, খরা, ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাস, টর্নেডো, নদীভাঙ্গন, লবণাক্ততা, ভূমিকম্প, আর্সেনিক দূষণ, সুনামি, অগ্নিকাণ্ড, অবকাঠামোগত বিপর্যয়, ভূমিধস এবং বজ্রপাত। ১৭ মে, ২০১৬ বজ্রপাতকে দুর্যোগ হিসেবে ঘোষণা করে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

## বন্যা (Flood)

বাংলাদেশের অন্যতম প্রাকৃতিক দুর্যোগ হচ্ছে বন্যা। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত 'বন্যা সাড়াদান প্রস্তুতি পরিকল্পনা : বাংলাদেশ' (জুন, ২০১৫) শীর্ষক নিবন্ধে উল্লেখ করা হয়, ১৯৭৪, ১৯৮৮, ১৯৯৮ এবং ২০০৭ সালের বন্যায় যথাক্রমে দেশের ৩৬%, ৬১%, ৬৮% এবং ৪৩% এলাকা প্লাবিত হয়।

বাংলাদেশে চার ধরনের বন্যা দেখা যায়। যথা-

(ক) নদীজ বন্যা : বাংলাদেশে নদীর তীর ছাপিয়ে পানি বের হয়ে বন্যা সৃষ্টি হওয়া একটি সাধারণ ঘটনা। বর্ষা মৌসুমে প্রচুর বৃষ্টিপাত ও নদীতে প্রচুর পানির প্রবাহের সম্মিলিত প্রভাবে পানির আধিক্য সৃষ্টি হয় ও বন্যা দেখা দেয়। গঙ্গা-ব্রহ্মপুত্র-মেঘনা অববাহিকায় অবস্থিত সবগুলো জেলাই বর্ষা মৌসুমে নদীজ বন্যা প্রবণ।

(খ) আকস্মিক বন্যা : বাংলাদেশের পূর্ব ও উত্তর অঞ্চলের পাহাড়ী নদীর পানি উপচে পড়ে আকস্মিক বন্যা দেখা দেয়। সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ, কিশোরগঞ্জ, নেত্রকোণা, রাঙ্গামাটি, বান্দরবান এবং খাগড়াছড়ি বাংলাদেশের প্রধান আকস্মিক বন্যা প্রবণ জেলা।

(গ) বৃষ্টিজনিত বন্যা : গ্রামাঞ্চলে অপরিকল্পিত রাস্তা নির্মাণ বা নদী দখল করে পানি নিষ্কাশনের পথে নানা রকমের প্রতিবন্ধকতা সৃষ্টি করা, বা বৃষ্টির পানি যে সমস্ত খাল বিল, নদী-নালা দিয়ে বের হয়ে যায় তা ধীরে ধীরে ভরাট হয়ে যাওয়ার ফলে অন্যান্য সমতল ভূমিতেও এ ধরনের বন্যা দেখা দিয়ে থাকে।

(ঘ) জলোচ্ছ্বাসজনিত বন্যা : বাংলাদেশের দক্ষিণাঞ্চলের উপকূল রেখা সংলগ্ন এলাকাতে এ ধরনের বন্যা ঘটে থাকে। ঘূর্ণিঝড় ও প্রবল জোয়ারের কারণে এ ধরনের বন্যা হয়ে থাকে।

Scanned with CamScanner




বাকল্যান্ড বাঁধ ঢাকা শহরের দক্ষিণ দিক দিয়ে প্রবহমান বুড়িগঙ্গা নদীর উত্তর তীরে একটি শহর পরিবেষ্টনী বাঁধ। ১৮৬৪ সালে তৎকালীন নগর কমিশনার সি.টি. বাকল্যান্ড এই বাঁধ নির্মাণের প্রকল্প গ্রহণ করেন। সদরঘাট বাকল্যান্ড বাঁধের কেন্দ্রবিন্দু।

**বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন ও সেচ প্রকল্প (Flood Control, Drainage and Irrigation Projects - FCDI) :** মাটির লবণাক্ততা ফসলের স্বাভাবিক উৎপাদনে বিঘ্ন ঘটায়। কৃত্রিম উপায়ে জমি থেকে অতিরিক্ত পানি ও লবণ অপসারণ করাকেই

পানি নিষ্কাশন বলে। ফসল উৎপাদনে সেচ ও পানি নিষ্কাশন ব্যবস্থা দু'টি পারস্পরিক পরিপূরক পদ্ধতি।

কৃষির জন্য পানি চাহিদা পূরণের লক্ষ্যে ১৯৬৪ সালে মাস্টারপ্ল্যান প্রণয়ন করা হয়। মাস্টারপ্ল্যানের একটি উল্লেখযোগ্য সাফল্য ছিল জলোচ্ছ্বাসজনিত বন্যা থেকে অধিকাংশ উপকূলীয় অঞ্চলকে প্রতিরক্ষাসহ বন্যা নিয়ন্ত্রণ ও পানি নিষ্কাশন (Flood Control and Drainage-FCD), বন্যা নিয়ন্ত্রণ, পানি নিষ্কাশন ও সেচ (FCDI) কর্মসূচির অনেক বৃহৎ প্রকল্প বাস্তবায়ন। বাংলাদেশের প্রধান বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন এবং সেচ প্রকল্পসমূহ বিবৃত হলো-

***গঙ্গা-কপোতাক্ষ সেচ প্রকল্প (G-K প্রজেক্ট)*** বাংলাদেশের প্রথম সেচ প্রকল্প। এটি কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ এবং মাগুরা জেলায় বিস্তৃত। ১৯৫৪ সালে প্রকল্পটির বাস্তবায়ন কাজ শুরু হয় এবং ১৯৬২ সালে এটি আংশিকভাবে কার্যক্রম শুরু করে। ১৯৮১ সালে চূড়ান্ত পর্যায়ে প্রকল্পটির বাস্তবায়ন কাজ সমাপ্ত হয়।

***ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (DND) প্রকল্প*** ঢাকা জেলার ডেমরা ও শ্যামপুর থানা ও নারায়ণগঞ্জ সদর উপজেলার ফতুল্লা-সিদ্ধিরগঞ্জের মধ্যে অবস্থিত। বুড়িগঙ্গা ও শীতলক্ষ্যা নদী দ্বারা প্রকল্পটির বিস্তৃতি সীমা নির্ধারিত। প্রকল্পের কাজ শুরু হয় প্রেসিডেন্ট আইয়ুব খানের আমলে ১৯৬৪ সালে এবং কাজ সমাপ্ত হয় ১৯৬৮ সালে। ঢাকা শহরের সন্নিকটে হওয়ায় এখানে শহরায়ন ঘটেছে খুব দ্রুত। স্বভাবতই প্রকল্পের প্রাথমিক উদ্দেশ্য কৃষি উৎপাদন বৃদ্ধির কাজটির সাফল্য সন্তোষজনক নয়।

***উপকূলীয় ভেড়িবাঁধ প্রকল্প*** এর উদ্দেশ্য হলো বর্ষাকালীন ও জোয়ারসৃষ্ট বন্যা থেকে উপকূলীয় ভূমিকে রক্ষা করা।

***তিস্তা বাঁধ প্রকল্প*** রংপুর, লালমনিরহাট এবং নীলফামারী জেলায় অবস্থিত। এটি বাংলাদেশের বৃহত্তম সেচ প্রকল্প। তিস্তা নদীর উপর বাঁধ নির্মাণ করে প্রবাহের দিক পরিবর্তন করে নদীর পানিকে সেচকার্যে ব্যবহার করা হচ্ছে। তিস্তা বাঁধ লালমনিরহাট জেলার হাতিবান্ধা উপজেলাধীন দুয়ানি নামক স্থানে ডালিয়া পয়েন্টে তিস্তা নদীর উপর নির্মিত। বাঁধটির নির্মাণ কাজ শুরু হয় ১৯৭৯ সালে এবং নির্মাণকাজ সমাপ্ত হয় ১৯৯০ সালের আগস্ট মাসে।

বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন ও সেচ প্রকল্প (FCDI) এর পরিবেশগত কিছু বিরূপ প্রতিক্রিয়া বর্তমানে পরিলক্ষিত হচ্ছে। এই প্রকল্পের জন্য বাংলাদেশের অন্যতম প্রধান মিঠাপানির উৎস চলনবিল আজ প্রায় ধ্বংসের দ্বারপ্রান্তে। সামান্য বৃষ্টি হলেই যশোরের ভবদহ অঞ্চলের বিলগুলো উপচে পড়ে। এলাকার বেশিরভাগ অংশ তলিয়ে যায়, সৃষ্টি হয় স্থায়ী জলাবদ্ধতার। FCDI প্রকল্পের দুর্বল ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণের জন্য খুলনার বিল ডাকাতিয়া অঞ্চলে স্থায়ী জলবদ্ধতার সৃষ্টি হয়েছে এবং এই অঞ্চলের পানির লবণাক্ততা বৃদ্ধি পাচ্ছে।

***মহানন্দা রাবার ড্যাম প্রকল্প*** : চাঁপাইনবাবগঞ্জ জেলার মহানন্দা নদীতে নির্মাণ করা হচ্ছে দেশের সর্ববৃহৎ রাবার ড্যাম।

### নদী ভাঙন

বর্ষাকালে নদী ভাঙন বেশি হয়। শতাব্দীর সবচেয়ে ভয়াবহ নদী ভাঙন কবলিত এলাকা শরীয়তপুর জেলার নড়িয়া উপজেলা। ২০১৮ সালে নড়িয়া উপজেলার প্রায় ১০ বর্গকিলোমিটার জমি পদ্মার বুকে তলিয়ে যায়।

### খরা

বাংলাদেশের উত্তর-পশ্চিম অঞ্চলে দীর্ঘকাল ধরে শুষ্ক আবহাওয়া ও অপর্যাপ্ত বৃষ্টিপাত এবং অল্পসংখ্যক নদী থাকার কারণে খরার প্রবণতা বেশি।

## MCQ Solution

১. **বাংলাদেশের অন্যতম দুর্যোগ কি?** [NSI'র সহকারী পরিচালক : ১৫]
ⓚ বন্যা ⓚ খরা
ⓖ ভূমিকম্প ⓖ নদীভাঙ্গন **উত্তর: ক**

২. **বাংলাদেশে সংঘটিত বন্যার রেকর্ড অনুযায়ী (১৯৭১-২০০৭) কোন সালের বন্যায় সবচেয়ে বেশি এলাকা প্লাবিত হয়?** [৪০তম বিসিএস]
ⓚ ১৯৭৪ ⓚ ১৯৮৮
ⓖ ১৯৯৮ ⓖ ২০০৭ **উত্তর: গ**

৩. **১৯৯৮ সালের বন্যায় বাংলাদেশের কত ভাগ এলাকা প্লাবিত হয়েছিল?** [সহকারী থানা শিক্ষা অফিসার : ৯৯]
ⓚ প্রায় ৪০ ⓚ প্রায় ৫
ⓖ প্রায় ৬০ ⓖ প্রায় ৭০ **উত্তর: ঘ**

৪. **পাহাড়ি এলাকায় কোন ধরনের বন্যা হয়?** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার সহকারী পরিচালক : ১৫]
ⓚ মৌসুমি বন্যা ⓚ জোয়ার-ভাটাজনিত বন্যা
ⓖ প্রবল বর্ষাজনিত বন্যা ⓖ আকস্মিক বন্যা **উত্তর: ঘ**

৫. **বাংলাদেশের কোন অঞ্চলে আকস্মিক বন্যা হয়?** [৪৩তম বিসিএস]
ⓚ দক্ষিণ-পশ্চিমাঞ্চল ⓚ পশ্চিমাঞ্চল
ⓖ উত্তর-পশ্চিমাঞ্চল ⓖ উত্তর-পূর্বাঞ্চল **উত্তর: ঘ**

৬. **বাংলাদেশের উপকূলীয় সমভূমিতে বসবাসকারী জনগোষ্ঠী যে ধরনের বন্যা কবলিত হয় তার নাম-** [৪০তম বিসিএস]
ⓚ নদীজ বন্যা ⓚ জলোচ্ছ্বাসজনিত বন্যা
ⓖ বৃষ্টিজনিত বন্যা ⓖ আকস্মিক বন্যা **উত্তর: খ**

৭. **বাকল্যান্ড বাঁধ কোন নদীর তীরে অবস্থিত?** [১৩তম বিসিএস/ BSTFT'র অফিস সহায়ক : ২৩/ বিপিএসসি'র প্রাণরসায়নবিদ : ২৩]
ⓚ শীতলক্ষ্যা ⓚ বুড়িগঙ্গা
ⓖ মেঘনা ⓖ তুরাগ **উত্তর: খ**

৮. **বাকল্যান্ড বাঁধ কোন এলাকায়?** [তথ্য মন্ত্রণালয়ের টেলিভিশন প্রকৌশলী (গ্রেড-২) : ০৪]
ⓚ আশুলিয়া ⓚ আমিনবাজার
ⓖ নারায়ণগঞ্জ ⓖ সদরঘাট **উত্তর: ঘ**

৯. **বুড়িগঙ্গা নদীর বাম তীরে অবস্থিত?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১১]
ⓚ সদরঘাট ⓚ জিঞ্জিরা
ⓖ চাঁদপুর ⓖ শরীয়তপুর **উত্তর: ক**

Scanned with CamScanner

১০. **বাংলাদেশের কোন অঞ্চলের পরিবেশ বন্যা নিয়ন্ত্রণ, পানি নিষ্কাশন ও সেচের (FCDI) কারণে খুব বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে?** [৩৭তম বিসিএস]
ⓚ বরেন্দ্র অঞ্চল ⓚ মধুপুর গড় অঞ্চল
ⓖ উপকূলীয় অঞ্চল ⓖ চলন বিল অঞ্চল **উত্তর: ঘ**

১১. **নিম্নের কোনটি বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প?** [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (সি-ইউনিট) : ০৯-১০]
ⓚ কর্ণফুলী বহুমুখী প্রকল্প ⓚ ব্রহ্মপুত্র বহুমুখী প্রকল্প
ⓖ গঙ্গা-কপোতাক্ষ ⓖ দিনাজপুর প্রকল্প **উত্তর: গ**

১২. **বাংলাদেশে জি- কে প্রকল্প একটি -** [৪৪তম বিসিএস]
ⓚ জলবিদ্যুৎ প্রকল্প ⓚ নদী নিয়ন্ত্রণ প্রকল্প
ⓖ জল পরিবহন প্রকল্প ⓖ সেচ প্রকল্প **উত্তর: ঘ**

১৩. **DND বাঁধের পুরো নাম কী?** [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ⓚ ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা ⓚ ঢাকা-নাটোর-দিনাজপুর
ⓖ ঢাকা-নরসিংদী-ডিমলা
ⓖ ঢাকা-নড়াইল-দিনাজপুর **উত্তর: ক**

১৪. **DND বাঁধ কোন শহর রক্ষা করার জন্য তৈরি করা হয়েছিল?** [পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী : ১৬]
ⓚ ঢাকা ⓚ কুমিল্লা
ⓖ বগুড়া ⓖ ফরিদপুর **উত্তর: ক**

১৫. **বাংলাদেশের বৃহত্তম সেচ প্রকল্প কোনটি?** [২৬তম বিসিএস]
ⓚ গঙ্গা-কপোতাক্ষ প্রকল্প ⓚ তিস্তা সেচ প্রকল্প
ⓖ কাপ্তাই সেচ প্রকল্প ⓖ ফেনী সেচ প্রকল্প **উত্তর: খ**

১৬. **তিস্তা বাঁধ কোন জেলায় অবস্থিত?** [গ্রামীণ ব্যাংক এর শিক্ষানবিশ কেন্দ্র ব্যবস্থাপক : ২৫/ বিটিভির অফিস সহায়ক : ২১]
ⓚ খুলনা ⓚ লালমনিরহাট
ⓖ পাবনা ⓖ কুষ্টিয়া **উত্তর: খ**

১৭. **বাংলাদেশের এফ. সি. ডি. আই প্রকল্পের উদ্দেশ্য -** [৩৮তম বিসিএস]
ⓚ বন্যা নিয়ন্ত্রণ ⓚ পানি নিষ্কাশন
ⓖ পানি সেচ ⓖ উপরের তিনটি (ক,খ ও গ) **উত্তর: ঘ**

১৮. **জমির লবণাক্ততা নিয়ন্ত্রণ করে কোনটি?** [৩৪তম বিসিএস/ ৩০তম বিসিএস]
ⓚ কৃত্রিম সার প্রয়োগ ⓚ মাটিতে নাইট্রোজেন ধরে রাখা
ⓖ প্রাকৃতিক গ্যাস প্রয়োগ ⓖ পানি সেচ **উত্তর: ঘ**

১৯. **বাংলাদেশের সবচেয়ে বড় রাবার ড্যাম নির্মাণ করা হচ্ছে কোন জেলায়?** [BREB'র মিটার রিডার কাম ম্যাসেঞ্জার : ২৩]
ⓚ নাটোর ⓚ পঞ্চগড়
ⓖ চাঁপাইনবাবগঞ্জ ⓖ দিনাজপুর **উত্তর: গ**

২০. **নিম্নের কোন উপজেলাটি সবচেয়ে নদীভাঙ্গন-প্রবণ?** [৪৩তম বিসিএস]
ⓚ বোয়ালমারী ⓚ নড়িয়া
ⓖ আলমডাঙ্গা ⓖ নিকলি **উত্তর: খ**

২১. **বাংলাদেশের কোন অঞ্চল বেশি খরা প্রবণ?** [৩৭তম বিসিএস]
ⓚ উত্তর-পূর্ব অঞ্চল ⓚ উত্তর-পশ্চিম অঞ্চল
ⓖ দক্ষিণ-পশ্চিম অঞ্চল ⓖ দক্ষিণ-পূর্ব অঞ্চল **উত্তর: খ**

## ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাস

বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপের কারণে বাংলাদেশের অধিকাংশ ঘূর্ণিঝড় সংঘটিত হয়। বাংলাদেশের উপকূলীয় অঞ্চলগুলোতে ঘূর্ণিঝড় আঘাত হানে। ঘূর্ণিঝড়-জলোচ্ছ্বাস, লোনা পানির অনুপ্রবেশ এবং জোয়ার-ভাটার প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব বিবেচনায় বাংলাদেশের ১৯টি জেলাকে উপকূল অঞ্চল বিবেচনা করা হয়। যথা- বাগেরহাট, বরগুনা, বরিশাল, ভোলা, চাঁদপুর, চট্টগ্রাম, কক্সবাজার, ফেনী, গোপালগঞ্জ, যশোর, ঝালকাঠি, খুলনা, লক্ষ্মীপুর, নড়াইল, নোয়াখালী, পিরোজপুর, সাতক্ষীরা শরীয়তপুর ও পটুয়াখালী।

১৯৭০ (১২-১৩ নভেম্বর) বাংলাদেশের ইতিহাসে সর্বাপেক্ষা বেশি প্রাণ ও সম্পদ বিনষ্টকারী ধ্বংসাত্মক ঘূর্ণিঝড়। দেশের দক্ষিণাঞ্চলের উপকূলীয় জেলাগুলোতে আঘাত হানে।

১৯৯১ (২৯ এপ্রিল) প্রলয়ঙ্করী ঘূর্ণিঝড় বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে আঘাত হানে। ঘূর্ণিঝড় উপদ্রুত এলাকায় ব্রিটিশ রাজকীয় নৌবাহিনী 'অপারেশন মান্না' সাংকেতিক নামে ত্রাণ তৎপরতা পরিচালনা করে। এ সময় বাংলাদেশে আসা মার্কিন টাস্কফোর্সের নাম 'অপারেশন সি-এঞ্জেল'।

২০০৭ (১৫ নভেম্বর) ঘূর্ণিঝড় 'সিডর' বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে প্রচণ্ডভাবে আঘাত হানে। এর নামকরণ করে শ্রীলঙ্কা। সিংহলি শব্দ 'SIDR' অর্থ চোখ। ঘূর্ণিঝড় উপদ্রুত এলাকায় মার্কিন সেনাবাহিনী 'অপারেশন সি এঞ্জেল-২' সাংকেতিক নামে ত্রাণ তৎপরতা পরিচালনা করে।

২০০৯ (২৫- ২৬ মে) ঘূর্ণিঝড় 'আইলা' বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে উপকূলীয় জেলাগুলোতে আঘাত হানে। 'আইলা' মালদ্বীপের ধিবেহী ভাষার শব্দ; যার অর্থ- শুশুক (Dolphin)।

২০১৩ (১৬ মে) ঘূর্ণিঝড় 'মহাসেন' বাংলাদেশের দক্ষিণাঞ্চলে আঘাত হানে।

## টর্নেডো

বাংলাদেশের কেন্দ্রীয় অঞ্চলে টর্নেডো অধিক সংঘটিত হয়। ষাটের দশকে ঢাকার ডেমরায়, ১৯৮৯ সালে মানিকগঞ্জ জেলার সাটুরিয়ার এবং ১৯৯১ সালে গাজীপুরে টর্নেডো তার বিধ্বংসী ছোবল হানে।

## বজ্রপাত

বাংলাদেশে সব থেকে বেশি বজ্রপাত হয় সুনামগঞ্জে।

## MCQ Solution

১. **বাংলাদেশের অধিকাংশ ঘূর্ণিঝড় কী কারণে হয়?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৯-২০]
ⓚ জলবায়ুর পরিবর্তন ⓚ বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি
ⓖ আবহাওয়ার পরিবর্তন
ⓖ বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপ **উত্তর: ঘ**

Scanned with CamScanner

২. বাংলাদেশের মধ্যে নিম্নের কোন স্থানে সবচেয়ে বেশী ঘূর্ণিঝড় আঘাত হানে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (এক ইউনিট) : ১৫-১৬]
ⓚ রাজশাহী ⓚ কুষ্টিয়া ⓖ ভোলা
ⓖ টাঙ্গাইল ⓒ কিশোরগঞ্জ উত্তর: গ

৩. উপকূলীয় জেলার সংখ্যা কত? [IMLI'র অডিও ভিজ্যুয়াল অ্যাসিস্টেন্ট : ২৪]
উত্তর: ১৯টি।

৪. ব্রিটিশ রাজকীয় নৌবাহিনী বাংলাদেশের 'অপারেশন মান্না' কবে পরিচালনা করে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]
ⓚ ২৬ মার্চ, ১৯৭১ ⓚ ৩০ এপ্রিল, ১৯৭০
ⓖ ২৯ এপ্রিল, ১৯৯১ ⓖ ২৭ আগস্ট, ১৯৯৮ উত্তর: গ

৫. বাংলাদেশে সিডর কখন আঘাত হানে? [৪৫তম বিসিএস]
ⓚ ১৫ নভেম্বর, ২০০৭ ⓚ ১৬ নভেম্বর, ২০০৭
ⓖ ১৭ নভেম্বর, ২০০৭ ⓖ ১৮ নভেম্বর, ২০০৭ উত্তর: ক

৬. 'সিডর' নামকরণ করে কোন দেশ? [চবি (বি ইউনিট: ৩য় শিফট) : ২২-২৩]
ⓚ শ্রীলঙ্কা ⓚ পাকিস্তান
ⓖ মিয়ানমার ⓖ বাংলাদেশ উত্তর: ক

৭. ঘূর্ণিঝড় 'সিডর' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? [সমবায় অধিদপ্তরের পরিদর্শক : ২৩/ সোনালী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৪]
ⓚ হিন্দি ⓚ সিংহলী
ⓖ আরবি ⓖ পশতু উত্তর: খ

৮. 'সিডর' (SIDR) শব্দের অর্থ- [ডাক বিভাগ এর পোস্টাল অপারেটর : ২৩]
ⓚ চোখ (Eye) ⓚ বন্যা (Flood)
ⓖ ঝড় (Storm) ⓖ মুখ (Mouth) উত্তর: ক

৯. সিডর আক্রান্ত এলাকায় আমেরিকার রিলিফ কার্যক্রমের নাম কি? [কর্মসংস্থান ব্যাংক লি. সহকারী অফিসার : ০৮]
ⓚ অপারেশন সি এঞ্জেল ⓚ অপারেশন রিলিফ অব বাংলাদেশ
ⓖ অপারেশন সি এঞ্জেল-২ ⓖ অপারেশন ইমারজেন্সি উত্তর: গ

১০. *Aila* is the name of a - [SBC'র Junior Officer : 09]
ⓐ President ⓑ Cyclone
ⓒ Car ⓓ Capital Ans. b

১১. 'আইলা' অর্থ কি? [বেগম রোকেয়া বিশ্ব: (এ-ইউনিট; সিফট-৩) : ১৫-১৬]
ⓚ ডলফিন বা শুশুক জাতীয় প্রাণী
ⓚ কুমির বা ঘড়িয়াল জাতীয় প্রাণী
ⓖ বিড়াল জাতীয় প্রাণী ⓖ গিরগিটি জাতীয় প্রাণী উত্তর: ক

১২. হ্যারিকেন আইলা কখন বাংলাদেশের সমুদ্র উপকূলে আঘাত হানে? [সোনালী ব্যাংক অফিসার (ক্যাশ) : ১৩]
ⓚ ২৫-২৬ মার্চ ২০০৯ ⓚ ২৫-২৬ এপ্রিল ২০০৯
ⓖ ২৫-২৬ মে ২০০৯ ⓖ ২৫-২৬ জুন ২০০৯ উত্তর: গ

১৩. 'মহাসেন' শব্দটি যার সাথে সম্পর্কিত- [দুদকের সহকারি পরিচালক : ২০]
ⓚ সাইক্লোন ⓚ টনের্ডো
ⓖ ভূমিকম্প ⓖ বন্যা উত্তর: ক

১৪. বাংলাদেশের কোন্ জেলায় সব থেকে বেশি বজ্রপাত হয়? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ই ইউনিট : গ্রুপ ১) : ১৮-১৯]
ⓚ রাজশাহী ⓚ পটুয়াখালী
ⓖ সুনামগঞ্জ ⓖ হবিগঞ্জ উত্তর: গ

## আর্সেনিক দূষণ

বাংলাদেশে আর্সেনিক সমস্যা বলতে বোঝানো হয় বাংলাদেশের অভ্যন্তরে বিভিন্ন অঞ্চলের খাবার পানিতে আর্সেনিকের মাত্রাতিরিক্ত হার, যা স্বাস্থ্যের জন্য ক্ষতিকারক। বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) মান অনুযায়ী প্রতি লিটার পানিতে আর্সেনিকের সহনীয় মাত্রা ০.০১ মিলিগ্রাম। বাংলাদেশের মান অনুযায়ী প্রতি লিটার পানিতে আর্সেনিকের সহনীয় মাত্রা ০.০৫ মিলিগ্রাম। প্রতি লিটার পানিতে ০.০৫ মিলিগ্রামের বেশি আর্সেনিক থাকলে সে পানি পান করা কিংবা রান্নার কাজে ব্যবহার করা যাবে না। পানীয় জলের জন্য বাংলাদেশের অধিকাংশ মানুষ নির্ভর করে অগভীর নলকূপের পানির উপর। বাংলাদেশে, সর্বপ্রথম ১৯৯৩ খ্রিষ্টাব্দে দেশের পশ্চিমাঞ্চলের জেলা চাঁপাইনবাবগঞ্জের বারঘরিয়া ইউনিয়নের ভূগর্ভস্থ পানিতে আর্সেনিকের উপস্থিতি আবিষ্কৃত হয়। এরপর ২০০১ খ্রিষ্টাব্দে ব্রিটিশ জিওলজিক্যাল সার্ভে বাংলাদেশের ৬১ জেলায় নলকূপের পানি পরীক্ষা করে জানায় ৪২% নলকূপের পানিতে বিশ্বস্বাস্থ্য সংস্থার মানের চেয়ে বেশি (২৫% নলকূপের পানিতে বাংলাদেশের মানের চেয়ে বেশি) মাত্রায় আর্সেনিক রয়েছে এবং দিনে দিনে তা ব্যাপক আকার ধারণ করে চলেছে। বাংলাদেশে আর্সেনিক দূষণীয় মাত্রায় পাওয়া গেছে এমন এলাকাসমূহ প্রধানত দেশের দক্ষিণ পূর্বাঞ্চল (লক্ষ্মীপুর, নোয়াখালী, চাঁদপুর) দক্ষিণ পশ্চিমাঞ্চল (কুষ্টিয়া, যশোর, ফরিদপুর) এবং পশ্চিমাঞ্চলীয় অংশে (নবাবগঞ্জ) সীমাবদ্ধ, যা গঙ্গা ব-দ্বীপ সমভূমির অন্তর্ভুক্ত। ভূগর্ভস্থ জলস্তরের ১০০ মিটার উচ্চস্তরের মধ্যে প্রধানত আর্সেনিকের কেন্দ্রীভবন ঘটে।

জনসচেতনতায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদফতর কর্তৃক আর্সেনিক শনাক্তকরণ টিউবওয়েলের মুখ লাল রং এবং আর্সেনিকমুক্ত টিউবওয়েলের মুখ সবুজ রং দিয়ে চিহ্নিত করা হয়। লাল রং দেয়া নলকূপের পানি পান করা থেকে জনগণকে বিরত রাখা হয়।

বাংলাদেশে সর্বপ্রথম আর্সেনিক ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন করা হয় গোপালগঞ্জের টুঙ্গিপাড়া স্বাস্থ্য কমপ্লেক্সে। পানি থেকে মাত্রাতিরিক্ত আর্সেনিক দূর করার কাজে সোনো আর্সেনিক ফিল্টার ব্যবহার করা হয়। ২০০৬ সালে বাংলাদেশি বিজ্ঞানী অধ্যাপক আবুল হুসসাম দেশজ উপাদান ব্যবহার করে সোনো ফিল্টার আবিষ্কার করেন। এই আবিষ্কারের জন্য তিনি 'আউটস্ট্যান্ডিং আমেরিকান বাই চয়েস' পুরস্কার (২০০৮ খ্রি.) লাভ করেন।

## MCQ Solution

১. বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) কর্তৃক নির্ধারিত আর্সেনিকের নিরাপদমাত্রা হচ্ছে প্রতি লিটার পানিতে - [রাবি (এ ইউনিট) : ২০-২১]
ⓚ ০.১০ মি.গ্রা. ⓚ ০.০০১ মি.গ্রা.
ⓖ ০.০১ মি.গ্রা. ⓖ ১.০১ মি.গ্রা. উত্তর: গ

২. বাংলাদেশের পানিতে প্রতি লিটারে কতটুকু আর্সেনিক অনুমোদনযোগ্য? [CAAB'র নিরাপত্তা অপারেটর : ২১/DBBL ট্রেইনি অফিসার : ১০]
ⓚ 0.01 mg ⓚ 0.05 mg
ⓖ 0.1 mg ⓖ 0.5 mg উত্তর: খ

Scanned with CamScanner

৩. বাংলাদেশে পানীয় জলে As (আর্সেনিক) এর গ্রহণযোগ্য মাত্রা কত? [DMLC'র জুনিয়র শিক্ষক : ২৫/ মেডিকেল ভর্তি : ২৪-২৫]
ⓐ 0.01 ppm ⓑ 0.05 ppm
ⓒ 0.5 g/L ⓓ 0.1 ppm উত্তর: খ
ব্যাখ্যা: বাংলাদেশে আর্সেনিকের গ্রহণযোগ্য মাত্রা
= ০.০৫ মিলিগ্রাম/ লিটার
= ০.০৫ Parts per million (ppm)
= ৫০ Parts/ billion (ppb)

৪. বাংলাদেশের খাবার পানির আর্সেনিকের নির্ধারিত মান কত? [MoCA'র উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) : ১৯]
ⓐ 10 ppb ⓑ 30 ppb
ⓒ 40 ppb ⓓ 50 ppb উত্তর: ঘ

৫. বাংলাদেশে পানীয় জলের জন্য অধিকাংশ মানুষ নির্ভর করে- [গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের খন প্রকৌশলী : ১৯]
ⓐ নদীর পানির উপর ⓑ নলকূপের পানির উপর
ⓒ বৃষ্টির পানির উপর ⓓ পুকুরের পানির উপর উত্তর: খ

৬. সম্প্রতি বাংলাদেশে কোন ধরনের পানিতে বিপজ্জনক মাত্রার চেয়ে বেশি আর্সেনিক পাওয়া গেছে? [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০০]
ⓐ নদীর পানি ⓑ অগভীর নলকূপের পানি
ⓒ গভীর নলকূপের পানি ⓓ বিলের পানি উত্তর: খ

৭. বাংলাদেশের আর্সেনিক প্রথম শনাক্ত করা হয় - [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এ-ইউনিট: সেট-২) : ১২-১৩]
ⓐ ১৯৯০ সালে ⓑ ১৯৯১ সালে
ⓒ ১৯৯২ সালে ⓓ ১৯৯৩ সালে উত্তর: ঘ

৮. বাংলাদেশের কোন অঞ্চলে প্রথম আর্সেনিক দূষণ ধরা পড়ে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (সামাজিক বিজ্ঞান) : ১১-১২]
ⓐ উত্তরাঞ্চল ⓑ দক্ষিণাঞ্চল
ⓒ পশ্চিমাঞ্চল ⓓ মধ্যাঞ্চল উত্তর: গ

৯. বাংলাদেশে আর্সেনিক দূষণ প্রতিক্রিয়া প্রথম কোন জেলায় ধরা পড়ে? [BOMD'র স্টেনোটাইপিস্ট : ২৩/ মাধ্যমিক সহকারী শিক্ষক : ০৯]
ⓐ মেহেরপুর ⓑ দিনাজপুর
ⓒ কুষ্টিয়া ⓓ চাঁপাইনবাবগঞ্জ উত্তর: ঘ

১০. বাংলাদেশের কয়টি জেলার নলকূপের পানিতে মাত্রাতিরিক্ত আর্সেনিক পাওয়া গেছে? [উপজেলা ও থানা শিক্ষা অফিসার : ০৫]
ⓐ ৬৩ টি জেলা ⓑ ৬১ টি জেলা
ⓒ ৫১ টি জেলা ⓓ ৪৯ টি জেলা উত্তর: খ

১১. আর্সেনিক দূষণযুক্ত টিউবওয়েলের মাথা - [স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার : ১৮]
ⓐ সবুজ রঙের ⓑ লাল রঙের
ⓒ হলুদ রঙের ⓓ মেরুন রঙের উত্তর: খ

১২. Sono Filter is used to rectify which of the harmful element of water?/ সোনোফিল্টার পানির কোন ক্ষতিকর পদার্থ শোধনে ব্যবহৃত হয়? [Dhaka Bank Ltd. Recruitment : 10]
ⓐ Zinc ⓑ Mithen
ⓒ Arsenic ⓓ $P^H$ Ans. c

১৩. আর্সেনিক দূরীকরণ সোনো ফিল্টারের উদ্ভাবক- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]
ⓐ মোস্তফা জব্বার ⓑ অধ্যাপক আবদুস সালাম
ⓒ অধ্যাপক আবুল হুসসাম ⓓ অধ্যাপক আবদুল গণি উত্তর: গ

১৪. ভূগর্ভস্থ পানি থেকে আর্সেনিক দূরীকরণের উপায় উদ্ভাবনের জন্য 'আউটস্ট্যান্ডিং আমেরিকান বাই চয়েস' পুরস্কার পেয়েছেন - [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ই ইউনিট) : ০৮-০৯]
ⓐ অধ্যাপক হুসসাম ⓑ অধ্যাপক চন্দ্র শেখর
ⓒ অধ্যাপক নাজমুল হক ⓓ অধ্যাপক হরগোবিন্দ উত্তর: ক

১৫. বাংলাদেশে প্রথম কোথায় আর্সেনিক ট্রিটমেন্ট প্লান্ট স্থাপিত হয়? [BRDB'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা : ২২]
ⓐ বগুড়া ⓑ চট্টগ্রাম
ⓒ টুঙ্গিপাড়া ⓓ বানারীপাড়া উত্তর: গ

## ভূমিধস (Landslide)

ভূমিধস বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের পার্বত্য এলাকায় একটি সাধারণ ঘটনা, বিশেষত বান্দরবান এবং রাঙ্গামাটি জেলায়। প্রতি বৎসর বিশেষত বর্ষা মৌসুমে প্রাকৃতিক এবং মানব সৃষ্ট উভয়ভাবে ভূমিধসের ঘটনা ঘটে।

## ভূমিকম্প (Earthquake)

ইউরিশিয়ান প্লেট, ইন্ডিয়ান প্লেট ও বার্মা প্লেটের মাঝামাঝি হওয়ায় বাংলাদেশ ভূমিকম্পের ঝুঁকিপ্রবণ এলাকায় অবস্থিত। এছাড়া পানির স্তর দ্রুত নেমে যাওয়ার কারণেও কিছু স্থান প্রাকৃতিক ভারসাম্য হারাতে বসেছে।

সমগ্র বাংলাদেশকে তিনটি ভূকম্প বলয়ে বিভক্ত করা হয়। যথা-

| | |
|---|---|
| বলয় - ১ | দেশের উত্তর ও উত্তর-পূর্বাঞ্চল এর অন্তর্ভুক্ত |
| বলয় - ২ | দেশের মধ্যাঞ্চল এর অন্তর্ভুক্ত। |
| বলয় - ৩ | দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চল এর অন্তর্ভুক্ত। |

বাংলাদেশে মাত্র একটি ভূমিকম্প রেকর্ড কেন্দ্র বা ভূমিকম্পন মানমন্দির রয়েছে। বাংলাদেশ আবহাওয়া বিভাগ চট্টগ্রাম শহরে ১৯৫৪ সালে কেন্দ্রটি প্রতিষ্ঠা করে।

বিল্ডিং কোড মেনে ভবন নির্মাণ করলে ভূমিকম্পে ক্ষয়ক্ষতি অনেকাংশে কমানো সম্ভব হয়। একটি ভবন নির্মাণে ন্যূনতম যে পরিমাণ মান নিয়ন্ত্রণের প্রয়োজন রয়েছে সে সম্পর্কে বিস্তারিত নির্দেশনা থাকে বিল্ডিং কোড তথা ভবন নির্মাণ বিধিমালায়। বাংলাদেশে সর্বপ্রথম বিল্ডিং কোড (Bangladesh National Building Code : BNBC) প্রণয়ন করা হয় ১৯৯৩ সালে।

Scanned with CamScanner




## MCQ Solution

১. সাম্প্রতিক সময়ে বাংলাদেশে কোন দুর্যোগটির ঝুঁকি বৃদ্ধি পেয়েছে? [৪৩তম বিসিএস]

ⓚ ভূমিকম্প ⓛ ভূমিধস
ⓖ টর্নেডো ⓘ খরা **উত্তর: ক**

২. ভূমিকম্প বিবেচনায় বেশি ঝুঁকিপূর্ণ- [সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর : ১৯]

ⓚ ঢাকা ⓛ সিলেট
ⓖ চাঁদপুর ⓘ বরিশাল **উত্তর: খ**

৩. Which is the most risky zone of earthquake in Bangladesh? [PKB Officer (Cash) : 21]

ⓚ South zone ⓛ South west zone
ⓖ North-east zone ⓘ North zone **উত্তর: গ**

৪. বাংলাদেশের সবচেয়ে কম ভূমিকম্প ঝুঁকিপূর্ণ অঞ্চল কোনটি? [১৮তম শিক্ষক নিবন্ধন : ২৪]

ⓚ উত্তর-পশ্চিম ⓛ দক্ষিণ
ⓖ দক্ষিণ-পশ্চিম ⓘ মধ্য অঞ্চল **উত্তর: গ**

৫. ভবন নির্মাণের সময় কি মেনে চলা বাধ্যতামূলক? [প্রাক প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৫]

ⓚ বিল্ডিং কোড
ⓛ ভবন অনুনিয়ম
ⓖ ভবন আইন
ⓘ বিল্ডিং অধ্যাদেশ **উত্তর: ক**

৬. BNBC এর পূর্ণরূপ লিখুন। [DSCC'র উপ সহকারী প্রকৌশলী (পুর) : ২৩]

উত্তর: Bangladesh National Building Code.

Scanned with CamScanner

# বাংলাদেশের ভূ-প্রকৃতি
## Physiography of Bangladesh

### বাংলাদেশের ভূ-প্রকৃতি

ভূ-প্রকৃতি অনুসারে বাংলাদেশকে ৩টি ভাগে ভাগ করা যায়। যথা-



**(১) টারশিয়ারি যুগের পাহাড়সমূহ :** বাংলাদেশের মোট ভূমির প্রায় ১২% এলাকা নিয়ে টারশিয়ারি যুগের পাহাড়সমূহ গঠিত। টারশিয়ারি যুগে হিমালয় পাহাড় উত্থিত হওয়ার সময় এ সকল পাহাড় সৃষ্টি হয়েছে। এই অঞ্চল বাংলাদেশের ৩টি ভূ-প্রাকৃতিক অঞ্চলসমূহের মধ্যে প্রাচীনতম। পাহাড়সমূহ ভাঁজ বা ভঙ্গিল পর্বত শ্রেণির। পাহাড়গুলোকে ২ ভাগে ভাগ করা হয়েছে। যথা-

*ক) দক্ষিণ-পূর্ব অঞ্চল :* রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, কক্সবাজার ও চট্টগ্রাম অঞ্চলে অবস্থিত। পাহাড়গুলো আসামের লুসাই এবং মিয়ানমারের আরাকান পাহাড়ের সমগোত্রীয়। এই পাহাড়গুলো বেলেপাথর, সেলপাথর এবং কর্দম দ্বারা গঠিত। এ অঞ্চলের পাহাড়গুলোর গড় উচ্চতা ৬১০ মি. (২০০০ ফুট)। বিখ্যাত সাজেক উপত্যকা রাঙ্গামাটি জেলায় অবস্থিত। সাজেক ভ্যালিকে রাঙ্গামাটির ছাদ বলা হয়।

*খ) উত্তর ও উত্তর-পূর্ব অঞ্চল :* সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোণা অঞ্চলে অবস্থিত। পাহাড়গুলোর উচ্চতা ২৪৪ মিটারের বেশি নয়। স্থানীয়ভাবে টিলা নামে পরিচিত। বিখ্যাত বালিশিরা ভ্যালি মৌলভীবাজারে অবস্থিত।

বাংলাদেশের উচ্চতম পর্বতশৃঙ্গ

| উচ্চতার ক্রম | পর্বত শৃঙ্গের নাম | অবস্থান | উচ্চতা | |
|---|---|---|---|---|
| | | | মাধ্যমিক বাংলাদেশ ও বিশ্বপরিচয় | জেলা তথ্য বাতায়ন |
| ১ | তাজিংডং বা বিজয় | রুমা, বান্দরবান | ১২৩১ মিটার | ৪৫০০ ফুট |
| ২ | কেওক্রাডং | | ১২৩০ মিটার | ৪৩৩০ ফুট |
| ৩ | মোদকটং বা সাকা হাফং | থানচি, বান্দরবান | ১০০০ মিটার | - |

বাংলাদেশের উল্লেখযোগ্য পাহাড়

| পাহাড় | অবস্থান | পাহাড় | অবস্থান |
|---|---|---|---|
| গারো [১] | ময়মনসিংহ | জৈয়ন্তিকা | সিলেট |
| চন্দ্রনাথ | সীতাকুণ্ড, চট্টগ্রাম | কালা পাহাড় | মৌলভীবাজার |
| চিম্বুক [২], নীলগিরি | বান্দরবান | আলুটিলা গুহা ও পাহাড় | খাগড়াছড়ি |

[১] গারো বাংলাদেশের সবচেয়ে উঁচু পাহাড়।

[২] চিম্বুক পাহাড়কে 'পাহাড়ের রানি' বলা হয়।

**(২) প্লাইস্টোসিনকালের সোপানসমূহ**

বাংলাদেশের মোট ভূমির প্রায় ৮% এলাকা নিয়ে এ ভূমি গঠিত। প্লাইস্টোসিনকালে (আনুমানিক ২৫,০০০ বছর পূর্বে) এসব সোপান গঠিত হয়েছিল বলে ধারণা করা হয়। সোপানগুলো হলো -

*ক) বরেন্দ্রভূমি :* রাজশাহীর উত্তরাংশ, বগুড়ার পশ্চিমাংশ, রংপুর ও দিনাজপুরের কিছু অংশ নিয়ে বরেন্দ্রভূমি গঠিত। আয়তন প্রায় ৯,৩২০ বর্গ কিলোমিটার।

*খ) মধুপুর ও ভাওয়ালের গড় :* টাঙ্গাইল ও ময়মনসিংহ জেলায় মধুপুর এবং গাজীপুর জেলায় ভাওয়ালের গড় অবস্থিত।

*গ) লালমাই পাহাড় :* কুমিল্লা জেলায় অবস্থিত। পাহাড়টির গড় উচ্চতা ২১ মিটার।

ⓚ সিলেট ⓚ খাগড়াছড়ি
ⓖ কক্সবাজার ⓖ মৌলভীবাজার **উত্তর: ঘ**

... হামহাম জলপ্রপাত কোন উপজেলায় অবস্থিত? [মৎস্য অধিদপ্তরের ... মুদ্রাক্ষরিক : ২৪/ বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এফ-ইউনিট) : ১৩-১৪]
ⓚ Kamalganj ⓚ Sunamganj Sadar
ⓖ Jaflong ⓖ Madhabkunda **উত্তর: ক**

... **Where is 'Nafa-Khum waterfall' located?** [UCB Probationary Officer : 20]
ⓚ Rangamati ⓚ Sylhet
ⓖ Cox's Bazar ⓖ Bandarban **উত্তর: ঘ**

... 'হিমছড়ি' কোন শহরের নিকট অবস্থিত? [১৫তম বিসিএস/ MPEMR'র অফিস সহায়ক : ২৩/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (শীতলক্ষ্যা) : ১৩]
ⓚ কক্সবাজার ⓚ খাগড়াছড়ি
ⓖ রাঙ্গামাটি ⓖ কাপ্তাই **উত্তর: ক**

... বাংলাদেশের শীতল পানির ঝর্না কোন জেলায় অবস্থিত? [... বিজেএস পরীক্ষা : ২৩/ ইসলামী বিশ্ববিদ্যালয় (এইচ ইউনিট) : ১২-১৩]
ⓚ মৌলভীবাজার ⓚ কক্সবাজার
ⓖ চট্টগ্রাম ⓖ সিলেট **উত্তর: খ**

... চট্টগ্রামের সীতাকুণ্ডের পাহাড়িয়া অঞ্চলে আছে- [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মেঘনা) : ১৩]
ⓚ অবিরাম প্রস্রবণ ⓚ সবিরাম প্রস্রবণ
ⓖ উষ্ণ প্রস্রবণ ⓖ গেইসার **উত্তর: গ**

... গরম পানির (উষ্ণজলের) ঝর্না কোথায় অবস্থিত? [গ্রামীণ ব্যাংক এর শিক্ষানবিস অফিসার : ২৩/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (চট্টগ্রাম) : ০৮]
ⓚ মৌলভীবাজারে ⓚ চট্টগ্রামে
ⓖ সীতাকুণ্ড পাহাড়ে ⓖ বান্দরবানে **উত্তর: গ**

... 'শুভলং' ঝর্না কোন জেলায় অবস্থিত? [৩৬তম বিসিএস]
ⓚ রাঙ্গামাটি ⓚ বান্দরবন
ⓖ মৌলভীবাজার ⓖ সিলেট **উত্তর: ক**

১২. **বরকল উপজেলা কোন জেলার অন্তর্গত?** [সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল) : ০৭]
ⓚ খাগড়াছড়ি ⓚ বান্দরবান
ⓖ রাঙ্গামাটি ⓖ চট্টগ্রাম **উত্তর: গ**

## হ্রদ (Lake)

*ফয়েজ লেক* (Foy's Lake) চট্টগ্রামের পাহাড়তলী এলাকায় অবস্থিত একটি কৃত্রিম হ্রদ। ফয়েজ লেকের পাশেই রয়েছে চট্টগ্রামের সবচেয়ে উঁচু পাহাড় বাটালি পাহাড়।

*বগালেক* বগাকাইন লেক নামেও পরিচিত। কেওক্রাডং এর কোল ঘেষে বান্দরবানের রুমা উপজেলায় প্রাকৃতিকভাবে সৃষ্টি হয়েছে বাংলাদেশের সবচেয়ে সৌন্দর্যময় বগালেক। লেকটি সমুদ্রপৃষ্ঠ থেকে ৪৫৭-৬১০ মিটার উঁচুতে পাহাড়ে অবস্থিত।

*প্রান্তিক হ্রদ* বান্দরবানের হলুদিয়া নামক স্থানে অবস্থিত।

## MCQ Solution

১. **'বগা লেক' বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?** [DMTCL'র টিকেট মেশিন অপারেটর : ২৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১২-১৩]
ⓚ সুনামগঞ্জ ⓚ বান্দরবান
ⓖ রাঙ্গামাটি ⓖ কিশোরগঞ্জ **উত্তর: খ**

২. **Bagakine (Baga) Lake of Bangladesh is located in :** [Agrani Bank Senior Officer : 11]
ⓐ Kaptai ⓑ Khagrachari
ⓒ Ruma ⓓ Bhatiari **Ans. c**

৩. **প্রান্তিক হ্রদ কোন জেলায় অবস্থিত?** [৪১তম বিসিএস/ ৩৫তম বিসিএস]
ⓚ রাঙ্গামাটি ⓚ খাগড়াছড়ি
ⓖ বান্দরবান ⓖ সিলেট **উত্তর: গ**

## বাংলাদেশের সমুদ্র সৈকত (Sea beach of Bangladesh)

*কক্সবাজার* বিশ্বের দীর্ঘতম প্রাকৃতিক সমুদ্র সৈকত। এটি বাংলাদেশের অন্যতম জনপ্রিয় পর্যটন কেন্দ্র। এজন্য কক্সবাজারকে বলা হয় বাংলাদেশের পর্যটন রাজধানী। এ সৈকতে আরও কিছু সুন্দর পর্যটন কেন্দ্র রয়েছে। এগুলো হলো: লাবনী সৈকত, হিমছড়ি, ইনানী বিচ, সাবরাং। ইনানী বিচ সোনালী বালু এবং পরিষ্কার পানির জন্য বিখ্যাত। টেকনাফের সাবরাং সৈকতে বিদেশি পর্যটকদের আকর্ষণের জন্য নির্মিত হচ্ছে 'এক্সক্লুসিভ টুরিস্ট জোন'। বঙ্গোপসাগরের তীর ঘেঁষে নির্মিত কক্সবাজার-টেকনাফ (৮০ কি.মি. দীর্ঘ) সড়কটি পৃথিবীর দীর্ঘতম মেরিন ড্রাইভ সড়ক হিসেবে পরিচিত।

| সমুদ্র সৈকত | অবস্থান | দৈর্ঘ্য |
|---|---|---|
| কক্সবাজার | কক্সবাজার | ১২০ কি.মি. |
| কুয়াকাটা | পটুয়াখালী | ১৮ কি.মি. |
| পতেঙ্গা | চট্টগ্রাম | - |
| পারকী | চট্টগ্রাম | ১৩ কি.মি. |

Scanned with CamScanner

*কুয়াকাটা* বাংলাদেশের একমাত্র সমুদ্র সৈকত যেখানে দাঁড়িয়ে সূর্যোদয় ও সূর্যাস্ত দেখা যায়। এটি হিন্দু এবং বৌদ্ধধর্মের তীর্থস্থান। অপূর্ব প্রাকৃতিক সৌন্দর্যের কারণে পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলায় কুয়াকাটাকে বলা হয় 'সাগর কন্যা'। বাংলাদেশ পর্যটন কর্পোরেশন পর্যটকদের আকৃষ্ট করতে কুয়াকাটায় বিপুল সুযোগ-সুবিধা সম্পন্ন অত্যাধুনিক হোটেল 'হলিডে হোমস' নির্মাণ করে।

## MCQ Solution

১. **কক্সবাজারের সমুদ্র সৈকতের দৈর্ঘ্য কত?** [৫ম বিজেএস (সহ: জজ) : ১০]
ক) ১২০ কিমি. খ) ১২৫ কিমি. গ) ১৫৫ কিমি. ঘ) ১৭০ কিমি. **উত্তর: ক**

২. **Which is the following is the longest beach in the world?** [RAKUB Officer : 11]
*Or,*
**পৃথিবীর সর্ববৃহৎ সমুদ্র সৈকত কোনটি?** [বাংলা একাডেমি'র এলডিএ-কাম-টাইপিস্ট : ২৩/ পরিবার পরিকল্পনা অধিদপ্তর হিসাব রক্ষক : ১১]
a) California b) Kuakata c) Miami d) Cox's Bazar e) Pataya **Ans. d**

৩. **বিশ্বের দীর্ঘতম প্রাকৃতিক সমুদ্র সৈকত কোথায়?** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ১২]
ক) কক্সবাজার খ) কুয়াকাটা গ) দীঘা ঘ) পাটায়া **উত্তর: ক**

৪. **পৃথিবীর দীর্ঘতম সমুদ্র সৈকত কোন দেশে অবস্থিত?** [নিপোর্ট এর হাউজকিপার : ২৩/ ডাক জীবন বিমার সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর : ২২]
ক) থাইল্যান্ড খ) ইতালি গ) বাংলাদেশ ঘ) ভারত **উত্তর: গ**

৫. **বাংলাদেশের পর্যটন রাজধানী কোথায়?** [CCIE'র অফিস সহায়ক : ২০]
ক) খুলনা খ) চট্টগ্রাম গ) কক্সবাজার ঘ) ঢাকা **উত্তর: গ**

৬. **বাংলাদেশে প্রস্তাবিত 'এক্সক্লুসিভ ট্যুরিজম জোন'-টি কোন সমুদ্র বন্দরে অবস্থিত?** [বাংলাদেশ ব্যাংক অফিসার (সাধারণ) : ২৩]
ক) ইনানি খ) সাবরং গ) লাবণি ঘ) কুয়াকাটা **উত্তর: খ**

৭. **এক্সক্লুসিভ টুরিস্ট জোন হিসাবে কোন স্থানকে গড়ে তোলা হবে?** [সিএজি'র সিনিয়র একাউন্টস ক্লার্ক : ২২]
ক) কক্সবাজার খ) সেন্টমার্টিন দ্বীপ গ) কুয়াকাটা ঘ) সুন্দরবন **উত্তর: ক**

৮. **Which of the following is the longest marine drive in the world?** [PGCL Assistant Officer (Administration) : 21]
a) Cox's Bazar-Teknaf b) Mumbai c) Kochi d) Nova-Scotia **Ans. a**

৯. **কক্সবাজার ছাড়া বাংলাদেশের আর একটি আকর্ষণীয় ও পর্যটন অনুকূল সমুদ্র সৈকত-** [১৭তম বিসিএস]
ক) নোয়াখালীর ছাগলনাইয়া খ) পটুয়াখালীর কুয়াকাটা গ) খুলনার মংলা ঘ) চট্টগ্রামের বাঁশখালি **উত্তর: খ**

১০. **কুয়াকাটা কোন জেলায় অবস্থিত?** [রাজউক এর ইমারত পরিদর্শক : ২৪]
ক) পটুয়াখালী খ) ভোলা গ) ঝালকাঠি ঘ) পিরোজপুর **উত্তর: ক**

১১. **কুয়াকাটা সমুদ্র সৈকতের আয়তন কত?** [বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৫]
ক) ১২ কিলোমিটার খ) ১৪ কিলোমিটার গ) ১৮ কিলোমিটার ঘ) ২৪ কিলোমিটার **উত্তর: গ**

১২. **কোন সমুদ্র সৈকত থেকে সূর্যোদয় ও সূর্যাস্ত দেখা যায়?** [কর অঞ্চল-১৬ ঢাকা এর উচ্চমান সহকারী : ২৪/ DAE'র স্টোর কিপার : ২১]
ক) কক্সবাজার খ) সেন্টমার্টিন গ) পতেঙ্গা ঘ) কুয়াকাটা **উত্তর: ঘ**

১৩. **কোন সমুদ্র সৈকতকে বাংলাদেশের 'সাগরকন্যা' বলা হয়?** [বাণিজ্য মন্ত্রণালয়ের অফিস সহায়ক : ২৩/ রাবি (এ ইউনিট) : ২১-২২]
ক) কক্সবাজার খ) পতেঙ্গা গ) সেন্টমার্টিন ঘ) কুয়াকাটা **উত্তর: ঘ**

১৪. **'সাগরকন্যা' কোন এলাকার ভৌগোলিক নাম?** [৩০তম বিসিএস/ কুমিল্লা বিশ্ববিদ্যালয় (ইউনিট-সি) : ২৪-২৫/ গ্রামীণ ব্যাংকের শিক্ষানবিস অফিসার : ২৩]
ক) টেকনাফ খ) কক্সবাজার গ) খুলনা ঘ) পটুয়াখালী **উত্তর: ঘ**

১৫. **'সাগরকন্যা' কুয়াকাটা কোন উপজেলার অন্তর্গত?** [BPSC'র সিনিয়র স্টাফ নার্স : ২৪]
ক) গলাচিপা খ) মহিপুর গ) আমতলী ঘ) কলাপাড়া **উত্তর: ঘ**

১৬. **বাংলাদেশ পর্যটন কর্পোরেশন পর্যটকদের আকৃষ্ট করতে বিপুল সুযোগ-সুবিধা সম্পন্ন 'হলিডে হাউস' নামক অত্যাধুনিক হোটেল নির্মাণ করে কোথায়?** [বাংলাদেশ টেলিভিশন-এর প্রযোজক : ০৬]
ক) দক্ষিণ তালপট্টি খ) হিরণ পয়েন্ট গ) মনপুরা দ্বীপ ঘ) কুয়াকাটা **উত্তর: ঘ**

১৭. **পতেঙ্গা সমুদ্র সৈকত কোন জেলায় অবস্থিত?** [দশম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৪]
ক) কক্সবাজার খ) চট্টগ্রাম গ) বরিশাল ঘ) ফেনী **উত্তর: খ**

১৮. **'পারকী' সমুদ্র সৈকত কোথায় অবস্থিত?** [CAAB'র ইন্সপেক্টর (এরোড্রাম) : ২৪/ ত্রয়োদশ বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৬]
ক) চট্টগ্রাম খ) কক্সবাজার গ) বরগুনা ঘ) পটুয়াখালী **উত্তর: ক**

## বাংলাদেশের দ্বীপ (Islands of Bangladesh)

*ভোলা* বাংলাদেশের বৃহত্তম দ্বীপ। পূর্বনাম দক্ষিণ শাহবাজপুর। মেঘনা নদীর মোহনায় অবস্থিত। বাংলাদেশের একমাত্র দ্বীপ জেলা ভোলা সবচেয়ে বেশি নদীবেষ্টিত। এটি বাংলাদেশের বৃহত্তম প্রাচীন গাঙ্গেয় ব-দ্বীপ। পর্যটন শিল্পের প্রচারার্থে ভোলা জেলার নিজস্ব ব্রান্ডিংয়ের জন্য দ্বীপটির নাম 'বাংলাদেশের দ্বীপের রানী' (Queen Island of Bangladesh) করা হয়েছে।

Scanned with CamScanner

*সেন্টমার্টিন* দ্বীপ বঙ্গোপসাগরে অবস্থিত বাংলাদেশের একমাত্র সামুদ্রিক প্রবাল দ্বীপ (Coral island)। এটি টেকনাফ সমুদ্র উপকূল হতে ৯ কি.মি. দক্ষিণে নাফ নদীর মুখে অবস্থিত। সেন্টমার্টিন দ্বীপ ইউনিয়নের স্থানীয় নাম নারিকেল জিঞ্জিরা। দ্বীপটি পর্যটন কেন্দ্র, মৎস্য আহরণ, চুনাপাথর, খনিজ পদার্থ (কালো সোনা) প্রভৃতির জন্য বিখ্যাত। সেন্টমার্টিন দ্বীপের দক্ষিণাংশ ছেঁড়া দ্বীপ নামে পরিচিত। জোয়ারের সময় দ্বীপটি সেন্টমার্টিন হতে বিচ্ছিন্ন হয়ে পড়ে। ভাটার সময় সেন্টমার্টিন হতে পায়ে হেঁটে দ্বীপটিতে যাওয়া যায়। এটি বাংলাদেশের সর্বদক্ষিণের স্থান। টেকনাফ থেকে সেন্টমার্টিন চলাচলকারী জাহাজ হচ্ছে কেয়ারি সিন্দাবাদ। বাংলাদেশের সমুদ্রসীমায় এখন পর্যন্ত পাঁচ প্রজাতির সামুদ্রিক কচ্ছপের উপস্থিতির তথ্য পাওয়া গেছে। এর মধ্যে অলিভ রিডলে, গ্রিন টারটল ও হকসিবল – এই তিন প্রজাতির কচ্ছপ কক্সবাজার উপকূলে ডিম পাড়তে আসে।

| জেলা | দ্বীপ |
|---|---|
| নোয়াখালী | নিঝুম দ্বীপ, হাতিয়া |
| ভোলা | ভোলা, মনপুরা দ্বীপ |
| সাতক্ষীরা | দক্ষিণ তালপট্টি দ্বীপ |
| চট্টগ্রাম | সন্দ্বীপ |
| কক্সবাজার | সেন্ট মার্টিনস্, কুতুবদিয়া, মহেশখালী, সোনাদিয়া |




চিত্র: বাংলাদেশের প্রধান দ্বীপসমূহের অবস্থান

*নিঝুম দ্বীপ* নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার অন্তর্গত। এটি মেঘনা নদীর মোহনায় বঙ্গোপসাগরে অবস্থিত। দ্বীপটির পূর্বনাম চর ওসমান, বাউলার চর, বালুয়ার চর। মৎস্য আহরণ, উপকূলীয় সবুজ বেষ্টনী অঞ্চল এবং অতিথি পাখি আগমনের জন্য বিখ্যাত।

*স্বর্ণদ্বীপ* (Golden Island) নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার অন্তর্গত।

*দক্ষিণ তালপট্টি* দ্বীপ বাংলাদেশ ও ভারতের মধ্যে বিরোধপূর্ণ একটি দ্বীপ। এটি সাতক্ষীরা জেলায় হাড়িয়াভাঙ্গা নদীর মোহনায় বঙ্গোপসাগরে অবস্থিত। দ্বীপটির অন্য নাম পূর্বাশা। ভারত দ্বীপটির নামকরণ করেছিল 'নিউমুর'। ২০১০ সালের মার্চ মাসে দ্বীপটি তলিয়ে যায়।

*মহেশখালী* বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ। 'আদিনাথ মন্দির' এই দ্বীপে অবস্থিত। মহেশখালীর মাতারবাড়িতে গভীর সমুদ্র বন্দর নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছে সরকার।

**বাংলাদেশের প্রধান দ্বীপসমূহের আয়তন (বর্গ কি.মি.)**

| | |
|---|---|
| ভোলা | ১৪৪১ |
| সন্দ্বীপ | ৭৬২ |
| মনপুরা | ৩৭৩ |
| মহেশখালী | ৩৬২ |
| নিঝুম | ৮১ |
| দক্ষিণ তালপট্টি | ১০ |
| সোনাদিয়া | ৭ |
| সেন্টমার্টিন | ৮ |

Scanned with CamScanner

সোনাদিয়া দ্বীপ মৎস্য আহরণ ও অতিথি পাখির জন্য বিখ্যাত।

সন্দ্বীপে প্রাচীনকালে সামুদ্রিক জাহাজ তৈরি করা হত।

কুতুবদিয়া দ্বীপে রাত্রে নৌ চলাচলের সুবিধার জন্য বাতিঘর আছে। ব্রিটিশ আমলে (১৮৪৬ সালে) নির্মিত পুরানো বাতিঘরটি সাগর গর্ভে বিলীন হওয়ার পর নতুন করে আরেকটি বাতিঘর নির্মিত হয়।

মনপুরা দ্বীপে পর্তুগিজরা বাস করত।

## MCQ Solution

১. বাংলাদেশের বৃহত্তম দ্বীপ কোনটি? [প্রধান প্রশাসনিক কর্মকর্তা কার্যালয় এর উচ্চমান সহকারী : ২৫/ LGED'র অফিস সহায়ক : ২৩]
ক সোনাদিয়া  খ ভোলা
গ সেন্টমার্টিন  ঘ হাতিয়া  উত্তর: খ

২. বাংলাদেশের বৃহত্তম ব-দ্বীপ কোন জেলা? [প্রাথমিক শিক্ষক নিয়োগ : ২৪]
ক ভোলা  খ সাতক্ষীরা
গ চাঁদপুর  ঘ নোয়াখালী  উত্তর: ক

৩. বাংলাদেশের একমাত্র দ্বীপ জেলা কোনটি? [সিভিল সার্জন কার্যালয়, সাতক্ষীরা এর স্বাস্থ্য সহকারী : ২৪/ রেলের উপ-সহকারী প্রকৌশলী : ২২]
উত্তর: ভোলা জেলা।

৪. বাংলাদেশের কোন জেলা সবচেয়ে বেশি নদীবেষ্টিত? [পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনের মাঠ কর্মকর্তা : ২৫]
ক পটুয়াখালী  খ পিরোজপুর
গ বরিশাল  ঘ ভোলা  উত্তর: ঘ

৫. পর্যটন শিল্পের প্রচারার্থে ভোলা জেলার নিজস্ব ব্র্যান্ডিং-এর জন্য কোন নামটি চূড়ান্ত করা হয়েছে? [বরিশাল বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৫-১৬]
ক দ্বীপের স্বর্গ  খ দ্বীপের রানী
গ নদীভূমি  ঘ দ্বীপভূমি  উত্তর: খ

৬. টেকনাফ কোন নদীর তীরে অবস্থিত? [১৩তম বিসিএস]
ক পদ্মা  খ যমুনা
গ নাফ  ঘ কর্ণফুলী  উত্তর: গ

৭. সেন্ট মার্টিন কি? [সহকারী থানা শিক্ষা কর্মকর্তা (ATEO) : ১৬]
ক বাংলাদেশের একটি দ্বীপ
খ বাংলাদেশের একটি উপজেলা
গ ভারতের একটি অঙ্গরাজ্য
ঘ ইউরোপের একটি ক্ষুদ্র রাষ্ট্র  উত্তর: ক

৮. বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ (Coral island) এর নাম কি? [৪৩তম বিসিএস/ ২৩তম বিসিএস/ BRTA-এর হিসাব রক্ষক : ২৩]
ক সেন্টমার্টিন  খ মহেশখালী
গ হাতিয়া  ঘ সন্দ্বীপ  উত্তর: ক

৯. সেন্টমার্টিন দ্বীপের স্থানীয় নাম কি? [৩৫তম বিসিএস/ ঢাকা বিশ্ববিদ্যালয় (গার্হস্থ্য অর্থনীতি) : ২৪-২৫/ FSCD'র ফায়ার ফাইটার : ২৩]
ক নারিকেল জিনজিরা  খ সোনাদিয়া
গ কুতুবদিয়া  ঘ নিঝুম দ্বীপ  উত্তর: ক

১০. সেন্ট মার্টিন দ্বীপের আয়তন কত বর্গ কিলোমিটার? [৪৩তম বিসিএস/ BPSC'র সিনিয়র স্টোরকিপার : ২৩/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ২২-২৩]
ক ৮  খ ১০
গ ১২  ঘ ১৪  উত্তর: খ

১১. বাংলাদেশের সেন্টমার্টিন দ্বীপ কোন জেলার? [২৫তম বিসিএস]
ক ভোলা  খ নোয়াখালী
গ চট্টগ্রাম  ঘ কক্সবাজার  উত্তর: ঘ

১২. বাংলাদেশের সর্ব দক্ষিণের দ্বীপ কোনটি? [২২তম বিসিএস]
ক চর কুকরি মুকরি  খ নিঝুম দ্বীপ
গ সেন্ট মার্টিন  ঘ চর নিজাম  উত্তর: গ

১৩. কোনটি বাংলাদেশের সর্বদক্ষিণে অবস্থিত? [PGCB'র জুনিয়র হিসাব সহকারী : ২৪/ SFDF'র মাঠ সহকারী : ২৪/ বিশ্বনবী ইসলামী বিশ্ববিদ্যালয় : ২৩-২৪]
ক মহেশখালী  খ হাতিয়া
গ চরফ্যাশন  ঘ ছেঁড়া দ্বীপ  উত্তর: ঘ

১৪. ছেঁড়াদিয়া বা সিরাদিয়া কোথায় অবস্থিত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৬-১৭]
ক হাতিয়া  খ নিঝুম দ্বীপে
গ সেন্ট মার্টিন্স দ্বীপের দক্ষিণে
ঘ সেন্ট মার্টিন্স দ্বীপের উত্তরে  উত্তর: গ

১৫. বাংলাদেশের সর্ব দক্ষিণের ইউনিয়ন পরিষদ কোনটি? [BPSC সচিবালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২৪]
উত্তর: সেন্টমার্টিন ইউনিয়ন।

১৬. St. Martin Island is a - [PKB Officer (Cash) : 21]
ক Village  খ Union
গ Upazilla  ঘ District  উত্তর: খ

১৭. টেকনাফ থেকে সেন্টমার্টিন চলাচলকারী বিলাসবহুল জাহাজের নাম - [তথ্য মন্ত্রণালয়ের তথ্য অফিসার : ০৫]
ক কেয়ারি সিন্দাবাদ  খ রাকেট
গ গাজী  ঘ শাহ আমানত  উত্তর: ক

১৮. 'অলিভ টারটেল' বাংলাদেশের কোন দ্বীপে পাওয়া যায়? [৩৫তম বিসিএস/ বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সহকারী সচিব : ১৯]
ক সেন্টমার্টিন  গ চর আলেকজান্ডার
খ রাঙ্গাবালি  ঘ ছেঁড়াদ্বীপ  উত্তর: ক

১৯. 'নিঝুম দ্বীপ' যে জেলার অংশ- [চবি অধিভুক্ত ৭ কলেজ (কলা ও সামাজিক বিজ্ঞান) : ১৮-১৯]
ক নোয়াখালী  খ চট্টগ্রাম
গ ভোলা  ঘ বরিশাল  উত্তর: ক

২০. নিঝুম দ্বীপ কোথায় অবস্থিত? [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অফিস সহায়ক : ১০]
ক কুতুবদিয়া  খ হাতিয়া
গ সন্দ্বীপ  ঘ মহেশখালী  উত্তর: খ

২১. বাংলাদেশের কোন নদীর মোহনায় নিঝুম দ্বীপ অবস্থিত? [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক : ১১]
ক পদ্মা  খ মেঘনা
গ যমুনা  ঘ কর্ণফুলী  উত্তর: খ

Scanned with CamScanner

২২. নিঝুম দ্বীপের আয়তন কত? [২৮তম বিসিএস]
ক ৮০ ব.মা. খ ৮২ ব.মা.
গ ৮৫ ব.মা. ঘ ৯০ ব.মা. উত্তর:
ব্যাখ্যা: নিঝুম দ্বীপের আয়তন ৮১ বর্গ কিলোমিটার বা ৩১.২৭৪ বর্গ মাইল।

২৩. The previous name of Nijhum Dwip was- [Bangladesh Bank Officer (Cash) : 23]
ক Sea Island খ Banga Drahir
গ Burdwan Char ঘ Char Osman উত্তর: ঘ

২৪. Golden Island কোথায় অবস্থিত? [BPSC'র সিনিয়র স্টাফ নার্স : ২৩]
ক মহেশখালী খ ভোলা
গ সন্দ্বীপ ঘ হাতিয়া উত্তর: ঘ

২৫. কোন দ্বীপের মালিকানা বাংলাদেশ ও ভারত উভয়ই দাবি করে? [থানা শিক্ষা অফিসার: ০৪]
ক উত্তর তালপট্টি খ দক্ষিণ তালপট্টি
গ নিঝুম দ্বীপ ঘ মহেশখালী উত্তর: খ

২৬. দক্ষিণ তালপট্টি দ্বীপের অবস্থান কোথায়? [সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৭]
ক হাড়িয়াভাঙ্গা নদীর বুকে খ বায়মঙ্গল নদীর মোহনায়
গ বঙ্গোপসাগরের বুকে ঘ নিঝুম দ্বীপের মোহনায় উত্তর: গ

২৭. দক্ষিণ তালপট্টি দ্বীপ কোথায় অবস্থিত? [অগ্রণী ব্যাংক লি. (SO) : ১৫]
ক হাতিয়ায় খ সাতক্ষীরায়
গ কক্সবাজারে ঘ সন্দ্বীপে উত্তর: খ

২৮. দক্ষিণ তালপট্টি দ্বীপ কোন নদীর মোহনায় অবস্থিত? [২৯তম বিসিএস/ ২৬তম বিসিএস/ ১৪তম বিসিএস/ NESCO'র সহকারী শিক্ষক (মাধ্যমিক) : ২৪]
ক রূপসা খ বালেশ্বর
গ হাড়িয়াভাঙ্গা ঘ ভৈরব উত্তর: গ

২৯. হাড়িয়াভাঙ্গা নদী কোন জেলায় অবস্থিত? [পানি সম্পদ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২৪]
উত্তর: সাতক্ষীরা জেলায়।

৩০. পূর্বাশা দ্বীপের অপর নাম- [৩৩তম বিসিএস/ ২৪তম বিসিএস/ ১০তম বিসিএস]
ক নিঝুম দ্বীপ খ সেন্টমার্টিন
গ দক্ষিণ তালপট্টি ঘ কুতুবদিয়া উত্তর: গ

৩১. বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ কোনটি? [২৬তম বিসিএস/ কৃষি বিপণন অধিদপ্তরের অফিস সহায়ক : ২৪/ ১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল-২) : ২৪]
ক সেন্টমার্টিন খ মহেশখালী
গ ছেঁড়া দ্বীপ ঘ নিঝুম দ্বীপ উত্তর: খ

৩২. বাংলাদেশের একমাত্র পাহাড়ী দ্বীপ উপজেলা কোনটি? [মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অফিস সহায়ক : ২৩]
উত্তর: মহেশখালী উপজেলা।

৩৩. আদিনাথ মন্দির কোন দ্বীপে অবস্থিত? [CAAB এর উপ-সহকারী প্রকৌশলী : ২১]
ক মনপুরা খ সোনাদিয়া
গ মহেশখালী ঘ ভোলা উত্তর: গ

৩৪. সোনাদিয়া দ্বীপ কেন বিখ্যাত? [BPSC এর সহকারী পরিচালক : ০৬]
ক মাছের প্রজনন ক্ষেত্র বলে
খ ঝড়ঝঞ্ঝা কবলিত এলাকা বলে
গ জনমানবহীন এলাকা বলে
ঘ সামুদ্রিক মাছ শিকারের জন্য উত্তর: ঘ

৩৫. বাংলাদেশের প্রথম গভীর সমুদ্র বন্দরের নাম কী? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (বি ইউনিট : গ্রুপ-২) : ২০-২১]
ক মাতারবাড়ি খ সোনাদিয়া
গ হাতিয়া ঘ পাথরঘাটা উত্তর: ক

৩৬. The 'Matarbari Island' is in- [সমন্বিত ১০ ব্যাংক সিনিয়র অফিসার : ২৩]
ক Maheshkhali খ Sandwip
গ Khulna ঘ Barisal উত্তর: ক

৩৭. সোনাদিয়া দ্বীপের আয়তন কত? [৩৫তম বিসিএস]
ক ৯১ বর্গ কিলোমিটার খ ৭ বর্গ কিলোমিটার
গ ৯ বর্গ কিলোমিটার ঘ ৮ বর্গ কিলোমিটার উত্তর: খ

৩৮. দেশের প্রথম গভীর সমুদ্রবন্দর মাতারবাড়ি বন্দরটি কোথায় নির্মাণ করা হবে? [বিবিএ'র এস্টিমেটর : ২০]
ক কক্সবাজার খ পটুয়াখালী
গ চট্টগ্রাম ঘ ভোলা উত্তর: ক

৩৯. নির্মাণাধীন মাতারবাড়ি গভীর সমুদ্র বন্দর কোন উপজেলায় অবস্থিত? [পররাষ্ট্র মন্ত্রণায়ের ব্যক্তিগত কর্মকর্তা : ২২]
ক কুতুবদিয়া খ চকরিয়া
গ মহেশখালী ঘ টেকনাফ উত্তর: গ

৪০. রাত্রে নৌ চলাচলের সুবিধার জন্য বাংলাদেশের কোথায় পুরানো বাতিঘর ছিল? [বাংলাদেশ নৌবাহিনী এর অদক্ষ শ্রমিক : ২৫]
ক মহেশখালী খ সেন্ট মার্টিন
গ টেকনাফ ঘ কুতুবদিয়া উত্তর: ঘ

৪১. কুতুবদিয়া কোন জেলায় অবস্থিত? [DIP'র সহকারী পরিচালক : ০৬]
ক লক্ষ্মীপুর খ কক্সবাজার
গ নোয়াখালী ঘ চট্টগ্রাম উত্তর: খ

৪২. কুতুবদিয়া বাতিঘর নির্মাণ করা হয় কোন সালে? [যৌথ বিজেএস : ২৩]
ক ১৮৪৮ খ ১৮৫০
গ ১৮৪৬ ঘ ১৮৪০ উত্তর: গ

৪৩. 'মনপুরা' মূলত একটি - [জাককানইবি (খ-ইউনিট) : ১০-১১]
ক দেশের নাম খ ভাস্কর্যের নাম
গ দ্বীপের নাম ঘ জেলার নাম উত্তর: গ

৪৪. মনপুরা দ্বীপ কোন জেলার অন্তর্গত? [MRA'র অফিস সহায়ক : ২৩]
ক বরিশাল খ ভোলা
গ পটুয়াখালী ঘ ঝালকাঠি উত্তর: খ

৪৫. মনপুরা দ্বীপে কারা বসবাস করতো? [বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন নিরাপত্তা প্রহরী : ২৪]
উত্তর: পর্তুগিজরা।

Scanned with CamScanner

# বাঙালির সংস্কৃতি ও শিল্পকলা
## Bengali Culture & Art

### সংস্কৃতি ও শিল্পকলা

বাঙালি সংস্কৃতিতে দিবস এবং উৎসব বিশেষভাবে গুরুত্বপূর্ণ। দিবসের মধ্যে একুশে ফেব্রুয়ারি, বিজয় দিবস ও স্বাধীনতা দিবস এবং উৎসবের মধ্যে পহেলা বৈশাখ, পৌষ সংক্রান্তি, বসন্তোৎসব বাংলাদেশে সর্বজনীনভাবে পালিত হয়ে থাকে। পৌষ মাসের শেষ দিন 'পৌষ সংক্রান্তি'। পৌষ-পার্বণ মানেই বাঙালির ঘরে ঘরে পিঠা উৎসবের ধুম।

**MCQ Solution**

১. কোনটি বিদেশি সংস্কৃতি- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৩-০৪]
ⓐ শহিদ দিবস ⓑ বিজয় দিবস
ⓒ স্বাধীনতা দিবস ⓓ ভালোবাসা দিবস **উত্তর: ঘ**

২. 'পৌষ সংক্রান্তি' কী [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি১ ইউনিট) : ২০-২১]
ⓐ পৌষ মাসের শীত ও পুণ্যস্নান
ⓑ পৌষ মাসের শেষদিন ও পিঠাপুলি উৎসব
ⓒ পৌষ মাসের পূর্ণিমা ও নাট্য উৎসব
ⓓ পৌষ মাসের প্রথমদিন ও পিঠাপুলি উৎসব **উত্তর: খ**

### বঙ্গাব্দ (Bengali Calendar)

ভারতে ইসলামি শাসনামলে হিজরি পঞ্জিকা অনুসারে সকল কাজকর্ম হতো। কৃষিকাজের সুবিধার্থে মুগল সম্রাট আকবর প্রচলিত হিজরি চান্দ্র পঞ্জিকাকে সৌরপঞ্জিকায় রূপান্তরিত করার সিদ্ধান্ত নেন। সম্রাট আকবর ইরান থেকে আগত বিশিষ্ট বিজ্ঞানী এবং জ্যোতির্বিদ ওমর ফতুল্লাহ শিরাজীকে হিজরি চান্দ্র বর্ষপঞ্জিকে সৌর বর্ষপঞ্জিতে রূপান্তরিত করার দায়িত্ব প্রদান করেন। আমির ফতুল্লাহ শিরাজীর সুপারিশে সম্রাট আকবর ৯৯২ হিজরি (১৫৮৪ খ্রিষ্টাব্দ) - এ বাংলা সৌর বর্ষপঞ্জির প্রবর্তন করেন। তবে তিনি ২৯ বছর পূর্বে তাঁর সিংহাসনে আরোহণের দিন থেকে এ পঞ্জিকা প্রচলনের নির্দেশ দেন। এজন্য ৯৬৩ হিজরি (১৫৫৬ খ্রি.) থেকে বঙ্গাব্দ গণনা শুরু হয়। বঙ্গাব্দের ব্যাপ্তি ৩৬৫ দিন। বঙ্গাব্দ ১২টি মাসে বিভক্ত।

১৯৬৬ সালের ১৭ ফেব্রুয়ারি বাংলা একাডেমি কর্তৃক বাংলা সন সংস্কারের উদ্যোগ নেয়া হয়। ড. মুহম্মদ শহীদুল্লাহর নেতৃত্বাধীন একটি কমিটি বাংলা সন সংস্কার করেন। ২০১৫ সালে বাংলা একাডেমির তৎকালীন মহাপরিচালক শামসুজ্জামান খানকে আহ্বায়ক করে পুনরায় পঞ্জিকা সংস্কার কমিটি গঠিত হয়। জাতির ইতিহাসের গৌরবময় দিনগুলো বাংলা ও গ্রেগরিয়ান বর্ষপঞ্জিতে অভিন্ন তারিখে সমন্বয় করতেই বাংলা বর্ষপঞ্জিতে এই সংস্কার আনা হয়েছে। এই কমিটির সুপারিশে ২০১৯ সালে পুনরায় বাংলা পঞ্জিকা সংস্কার করা হয়।

এক নজরে বঙ্গাব্দ

| ক্রম | বাংলা মাসের নাম | দিনসংখ্যা | গ্রেগরিয়ান তারিখ অনুসারে মাসের দৈর্ঘ্য |
|---|---|---|---|
| ১ | বৈশাখ | ৩১ | ১৪ এপ্রিল - ১৪ মে |
| ২ | জ্যৈষ্ঠ | ৩১ | ১৫ মে - ১৪ জুন |
| ৩ | আষাঢ় | ৩১ | ১৫ জুন - ১৫ জুলাই |
| ৪ | শ্রাবণ | ৩১ | ১৬ জুলাই - ১৫ অগাস্ট |
| ৫ | ভাদ্র | ৩১ | ১৬ আগস্ট - ১৫ সেপ্টেম্বর |
| ৬ | আশ্বিন | ৩১ | ১৬ সেপ্টেম্বর - ১৬ অক্টোবর |
| ৭ | কার্তিক | ৩০ | ১৭ অক্টোবর - ১৫ নভেম্বর |
| ৮ | অগ্রহায়ণ | ৩০ | ১৬ নভেম্বর - ১৫ ডিসেম্বর |
| ৯ | পৌষ | ৩০ | ১৬ ডিসেম্বর - ১৪ জানুয়ারি |
| ১০ | মাঘ | ৩০ | ১৫ জানুয়ারি - ১৩ ফেব্রুয়ারি |
| ১১ | ফাল্গুন [১] | ২৯/৩০ | ১৪ ফেব্রুয়ারি - ১৪ মার্চ |
| ১২ | চৈত্র | ৩০ | ১৫ মার্চ - ১৩ এপ্রিল |

[১] গ্রেগরিয়ান বর্ষপঞ্জিতে যে বছর অধিবর্ষ (Leap year), সে বছর বঙ্গাব্দে ফাল্গুন মাস হবে ৩০ দিন।

বৈশাখ বঙ্গাব্দের প্রথম মাস এবং পহেলা বৈশাখ (১৪ এপ্রিল) কে বাংলা নববর্ষ ধরা হয়। ঢাকায় পহেলা বৈশাখের মূল অনুষ্ঠানের কেন্দ্রবিন্দু ছায়ানটের সংগীতানুষ্ঠানের মাধ্যমে নতুন বছরের সূর্যকে আহ্বান।

**MCQ Solution**

১. বাংলাদেশের সংস্কৃতির অন্যতম অংশ বিভিন্ন জাতীয় দিবস উদযাপন। নিচের কোনটি সর্বজন স্বীকৃত প্রাচীন সংস্কৃতির ধারক? [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহকারী সচিব : ০৬]
ⓐ বৈশাখী মেলা ⓑ একুশে ফেব্রুয়ারি
ⓒ স্বাধীনতা দিবস ⓓ ঈদ উৎসব **উত্তর: ক**

২. কোনটি জাতীয় উৎসব? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৭-১৮]
ⓐ সার্বজনীন দূর্গাপূজা ⓑ বাংলা নববর্ষ
ⓒ বিজয় দিবস ⓓ ঈদ **উত্তর: খ**

৩. বাংলা সন কবে থেকে প্রচলিত? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ক ইউনিট - সেট ২) : ১২-১৩]
ⓐ পাঠান আমল ⓑ মুগল আমল
ⓒ সুলতানি আমল ⓓ ব্রিটিশ আমল **উত্তর: খ**

Scanned with CamScanner

বাংলা সনের প্রবর্তক কে? [৩১তম বিসিএস/ PGCB'র উপ-সহকারী প্রকৌশলী : ২৪]

ⓚ জাহাঙ্গির ⓚ আকবর
ⓖ শেরশাহ ⓖ আওরঙ্গজেব উত্তর: খ

বাংলা সনের প্রবর্তক কে? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী শ্রম পরিদপ্তর : ০৩/ থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৯]

(ক) টোডরমল (খ) ফতুল্লাহ শিরাজী
(গ) আবুল ফজল (ঘ) ফৈজী উত্তর: খ

বাংলা নববর্ষ পহেলা বৈশাখ চালু করেছিলেন- [৩১তম বিসিএস/ ১১তম বিসিএস/ ১০তম বিসিএস/ গ্রামীণ ব্যাংক এর শিক্ষানবিশ কেন্দ্র ব্যবস্থাপক : ২৫]

(ক) আকবর (খ) বিজয় সেন
(গ) লক্ষণ সেন (ঘ) ইলিয়াস শাহ উত্তর: ক

সূচনাকালে বাংলা নববর্ষের সঙ্গে সবচেয়ে নিবিড় সম্পর্ক ছিল- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট): ২২-২৩]

(ক) সংস্কৃতির (খ) ব্যবসার
(গ) কৃষির (ঘ) রাজনীতির উত্তর: গ

বঙ্গাব্দ সন কোন সনে প্রবর্তিত হয়? [পোস্টমাস্টার জেনারেল কার্যালয় (খুলনা অঞ্চল) এর মেইল অপারেটর : ২৩/ বাংলাদেশ বেতারের সহ-সম্পাদক : ১৯]

(ক) ১৪৯২ (খ) ১৫৯৮
(গ) ১৫৮৪ (ঘ) ১৪৮৫ উত্তর: গ

প্রচলিত বাংলা সন শুরু হয় - [খুলনা বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট): ১৭-১৮]

(ক) ১৫৫৬ খ্রি. (খ) ১৫৯৫ খ্রি.
(গ) ১৫৯৭ খ্রি. (ঘ) ১৫৯৯ খ্রি. উত্তর: ক

১০. ড. মুহম্মদ শহীদুল্লাহ কোন সালে বাংলা পঞ্জিকা সংস্কার করেন? [থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৯]

(ক) ১৯৬৩ (খ) ১৯৬৫
(গ) ১৯৬৬ (ঘ) ১৯৬৮ উত্তর: গ

1st Baishak is generally celebrated on which English Calendar date?/ পহেলা বৈশাখ উদযাপিত হয় ইংরেজি পঞ্জিকার কোন তারিখে? [BB Asst. Director : 01]

ⓐ 21 February ⓑ 26 March
ⓒ 1 April ⓓ 14 April **Ans. d**

২৪ এপ্রিল ২০০৯ তারিখে বাংলা সনের কত তারিখ কোন মাস? [সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ০৯]

(ক) ৮ই বৈশাখ (খ) ৯ই বৈশাখ
(গ) ১০ই বৈশাখ (ঘ) ১১ই বৈশাখ উত্তর: ঘ

ব্যাখ্যা: ১৪ এপ্রিল পহেলা বৈশাখ হলে ২৪ এপ্রিল হবে ১১ বৈশাখ।

What is the season in Bangladesh now i.e. in the month of May?/ বাংলাদেশের মে মাসে কোন ঋতু থাকে? [Bangladesh Bank Asst. Director : 01]

ⓐ Autumn ⓑ Winter
ⓒ Spring ⓓ None of these **Ans. d**

ব্যাখ্যা: মে মাস গ্রীষ্মকালের (Summer) অন্তর্ভুক্ত।

১৪. বাংলা সনের ৩১ দিনের মাস কয়টি? [BBAL'র কার্গো হেলপার : ২৩]

(ক) ৪ মাস (খ) ৬ মাস
(গ) ৭ মাস (ঘ) ৫ মাস উত্তর: খ

১৫. শ্রাবণ মাসের আগের ও পরের মাস দুটো হলো- [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক (টিভি প্রশিক্ষণ) : ০৩]

(ক) ভাদ্র, আশ্বিন (খ) আষাঢ়, ভাদ্র
(গ) পৌষ, মাঘ (ঘ) জ্যৈষ্ঠ, আষাঢ় উত্তর: খ

১৬. As per the latest changes in Bengali Calendar, leap year is calculated in month- [PKB Officer : 21]

(ক) Boishakh (খ) Bhadro
(গ) Ashswin (ঘ) Falgun উত্তর: ঘ

১৭. রমনার বটমূলে পহেলা বৈশাখের বর্ষবরণ অনুষ্ঠানের আয়োজক- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৫ ইউনিট : সেট-১) : ১৫-১৬]

(ক) ছায়ানট (খ) প্রাচ্যনাট্য
(গ) নাট্যমণ্ডল (ঘ) কোনোটিই নয় উত্তর: ক

## সংগীত

### আধুনিক ও দেশাত্মবোধক গান

- *কফি হাউসের সেই আড্ডাটা আজ আর নেই........* । গীতিকার গৌরিপ্রসন্ন মজুমদার; শিল্পী মান্না দের (প্রকৃত নাম প্রবোধচন্দ্র দে) গাওয়া এই গানটির কফি হাউস কলকাতায় অবস্থিত।
- *ও রে নীল দরিয়া আমায় দেরে দে ছাড়িয়া.....* । গীতিকার মুকুল চৌধুরী; শিল্পী আবদুল জব্বার।
- *আমি বাংলার গান গাই..........* । গীতিকার, সুরকার ও প্রথম শিল্পী ছিলেন প্রতুল মুখোপাধ্যায়। বর্তমান শিল্পী - মাহমুদুজ্জামান বাবু।
- *আমার দেশের মাটির গন্ধে ভরে আছে সারা মন......* । গীতিকার মোহাম্মদ মনিরুজ্জামান; শিল্পী শাহনাজ রহমতুল্লাহ।
- *জন্ম আমার ধন্য হলো মাগো......* । গীতিকার নয়ীম গহর; সুরকার আজাদ রহমান এবং শিল্পী সাবিনা ইয়াসমিন।
- *নোঙর তোলো তোলো, সময় যে হলো হলো........* । গীতিকার নয়ীম গহর; সুরকার সমর দাস।
- *আকাশের ঐ মিটিমিটি তারার সাথে কইবো কথা.....* । গীতিকার আজিজুর রহমান।
- *নীড় ছোট ক্ষতি নেই, আকাশ তো বড় ....* । গীতিকার গৌরিপ্রসন্ন মজুমদার।

### MCQ Solution

১. 'কফি হাউসের সেই আড্ডাটা আজ আর নেই'– মান্না দের গাওয়া এই গানটির কফি হাউসটি কোথায়? [ঢাবি (খ ইউনিট) : ১৩-১৪]

(ক) কলকাতায় (খ) মুম্বাইয়ে
(গ) ঢাকায় (ঘ) বাঙ্গালোরে উত্তর: ক

Scanned with CamScanner

২. বিখ্যাত সঙ্গীত 'কফি হাউসের সেই আড্ডাটা' কার রচনা? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ২১-২২]
ⓚ মান্না দে ⓦ আলতাফ মাহমুদ
ⓖ গৌরী প্রসন্ন মজুমদার ⓖ ইমতিয়াজ বুলবুল উত্তর: গ

৩. বিখ্যাত শিল্পী মান্না দে-র প্রকৃত নাম কী? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বাংলা) : ১৩-১৪]
ⓚ প্রভাতকুমার দে ⓦ প্রবোধচন্দ্র দে
ⓖ প্রবোধচন্দ্র দত্ত ⓖ প্রতুলকুমার দে উত্তর: খ

৪. 'ওরে নীল দরিয়া'- গানটি কোন শিল্পীর গাওয়া? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৭ ইউনিট) : ১২-১৩]
ⓚ সৈয়দ আব্দুল হাদী ⓦ বশির আহমেদ
ⓖ আপেল মাহমুদ ⓖ আব্দুল জব্বার উত্তর: ঘ

৫. 'আমি বাংলার গান গাই, আমি বাংলায় গান গাই' গানের সুরকার ও গীতিকার কে? [দুদকের সহকারী পরিচালক : ২০]
ⓚ প্রতুল মুখোপাধ্যায় ⓦ গৌরি প্রসন্ন মজুমদার
ⓖ মাহমুদুর রহমান ⓖ নচিকেতা ঘোষ উত্তর: ক

৬. 'আমি বাংলার গান গাই'-এর প্রথম গায়ক- [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]
ⓚ সুবীর নন্দী ⓦ প্রতুল বন্দ্যোপাধ্যায়
ⓖ মাহমুদুজ্জামান বাবু ⓖ আবদুল জব্বার উত্তর:

৭. 'আমার দেশের মাটির গন্ধে ভরে আছে সারা মন' গানটির রচয়িতা- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]
ⓚ খান আতাউর রহমান ⓦ গাজী মাজহারুল আনোয়ার
ⓖ মোহাম্মদ মনিরুজ্জামান
ⓖ মোহাম্মদ রফিকুজ্জামান উত্তর: গ

৮. 'জন্ম আমার ধন্য হলো মাগো'- কালজয়ী এ গানটির গীতিকার কে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ই ইউনিট) : ১৫-১৬]
ⓚ নয়ীম গহর ⓦ মোহাম্মদ মনিরুজ্জামান
ⓖ গোবিন্দ হালদার ⓖ আব্দুল লতিফ উত্তর: ক

৯. 'জন্ম আমার ধন্য হলো'- গানটির সুরকার কে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৬ ইউনিট) : ১২-১৩]
ⓚ আজাদ রহমান ⓦ সত্য সাহা
ⓖ সমর দাস ⓖ আলাউদ্দিন আলী উত্তর: ক

১০. 'নোঙর তোলো তোলো, সময় যে হলো হলো'- গানটি কে রচনা করেছেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ৮ ইউনিট : সেট ৪) : ১৫-১৬]
ⓚ গোবিন্দ হালদার ⓦ আব্দুল গাফফার চৌধুরী
ⓖ আব্দুল জব্বার ⓖ নয়ীম গহর উত্তর: ঘ

১১. রুনা লায়লা ও সাবিনা ইয়াসমিন কোন ধারার শিল্পী? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৭ ইউনিট) : ১২-১৩]
ⓚ উচ্চাঙ্গ ⓦ লোকসংগীত
ⓖ আধুনিক গান ⓖ বাউল গান উত্তর: গ

১২. 'আকাশের ঐ মিটিমিটি তারার সাথে কইবো কথা'- এ গানটির রচয়িতা কে? [ইসলামী বিশ্ববিদ্যালয় (সি-ইউনিট; সেট-১) : ১১-১২]
ⓚ সত্য সাহা ⓦ আবু হেনা মোস্তফা কামাল
ⓖ গাজী মাজহারুল ইসলাম ⓖ কবি আজিজুর রহমান উত্তর: ঘ

১৩. 'নীড় ছোট ক্ষতি নেই, আকাশ তো বড় ...... গানটির গীতিকার কে? [দুদক এর উপ-সহকারী পরিচালক : ২০]
ⓚ সত্যব্রত বিশ্বাস ⓦ গৌরিপ্রসন্ন মজুমদার
ⓖ নচিকেতা ঘোষ ⓖ হেমন্ত মখোপাধ্যায় উত্তর: খ

রাগসঙ্গীত



*ওস্তাদ আলাউদ্দিন খাঁ (১৮৬২-১৯৭২ খ্রি.)* ব্রাহ্মণবাড়িয়া জেলার শিবপুর গ্রামে জন্মগ্রহণ করেন। ভারতীয় উপমহাদেশের রাগসংগীতকে তিনিই সর্বপ্রথম পাশ্চাত্যের শ্রোতাদের নিকট পরিচিত করান। ইংল্যান্ডের রানি তাঁকে 'সুরসম্রাট' খেতাব দেন। সরোদ ছিল তাঁর শাস্ত্রীয় সংগীতের বাহন। তাঁর সন্তান ওস্তাদ আলী আকবর খাঁ ও অন্নপূর্ণাদেবী নিজ নিজ ক্ষেত্রে উজ্জ্বল নক্ষত্র হিসাবে প্রতিষ্ঠিত। আচার্যের বিখ্যাত শিষ্য হলেন পণ্ডিত রবি শংকর।

*বারীণ মজুমদার (১৯২১-২০০১ খ্রি.)* ছিলেন বাংলাদেশের একজন সংগীত-অধ্যক্ষ ও প্রখ্যাত উচ্চাঙ্গ সংগীত শিল্পী। তিনি ঢাকার কাকরাইলে দেশের প্রথম সংগীত মহাবিদ্যালয় 'কলেজ অব মিউজিক' প্রতিষ্ঠা করেন।

## MCQ Solution

১. 'সুর সম্রাট' কাকে বলা হয়? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি১ উপ ইউনিট) : ২৪-২৫/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৫-১৬]
ⓚ ওস্তাদ আয়াত আলী খাঁ
ⓦ ওস্তাদ আলাউদ্দিন খাঁ
ⓖ ওস্তাদ আকবর আলী খাঁ
ⓖ ওস্তাদ বড়ে গোলাম আলী খাঁ উত্তর: খ

২. ওস্তাদ আলাউদ্দিন খাঁর জন্মস্থান? [BPDB'র নিরাপত্তা প্রহরী : ২৩/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চারুকলা) : ১৮-১৯/ প্রাথমিক প্রধান শিক্ষক (ক্রিসানথিমাম) : ১২]
ⓚ রাজশাহী ⓦ ঢাকার বিক্রমপুর
ⓖ ময়মনসিংহের গৌরিপুর
ⓖ ব্রাহ্মণবাড়িয়ার শিবপুর উত্তর: ঘ

৩. ওস্তাদ আলাউদ্দিন খাঁ কি যন্ত্র বাজাতেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৭-১৮/ রাজশাহী বিশ্ব:(এ ইউনিট) : ১৭-১৮]
ⓚ তানপুরা ⓦ সরোদ
ⓖ গিটার ⓖ বেহালা উত্তর: খ

৪. উপমহাদেশের রাগ সংগীতকে সর্বপ্রথম কে পাশ্চাত্যে পরিচিত করান? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ব: (বি ইউনিট) : ১৪-১৫]
ⓚ ওস্তাদ আয়াত আলী খান
ⓦ আব্বাস উদ্দিন আহম্মেদ
ⓖ ওস্তাদ আলাউদ্দিন খাঁ ⓖ আবদুল আলীম উত্তর: গ

Scanned with CamScanner

[illegible] আলী আকবর খাঁর [illegible]
[illegible]
[illegible] খাঁ (খ) আলাউদ্দিন খাঁ
[illegible] আলি খাঁ (ঘ) বিলায়েত খাঁ উত্তর: ক
[illegible] সংগীতশিল্পী [illegible]
[illegible]
[illegible] (খ) শেখ আবদুল করিম
[illegible] (ঘ) আবদুল আলিম উত্তর: ক
[illegible] প্রথম সংগীত মহাবিদ্যালয় প্রতিষ্ঠা করেন -
[illegible] বিশ্ববিদ্যালয় [illegible]
[illegible] (খ) আহমেদ ইমতিয়াজ বুলবুল
[illegible] (ঘ) বারীণ মজুমদার উত্তর: ঘ
[illegible] প্রথম সংগীত মহাবিদ্যালয় কোথায় অবস্থিত?
[illegible]
[illegible] (খ) ব্রাহ্মণবাড়িয়া
[illegible] (ঘ) চট্টগ্রাম উত্তর: গ

[illegible] সংগীত

[illegible] লোকসংগীতের মধ্যে ভাটিয়ালি, বাউলগান, [illegible], জারি, সারি, মুর্শিদি গান, মাইজভাণ্ডারি, [illegible], পুথিগান, গম্ভীরা, আলকাপ, গাজীর গান, [illegible], পালকির গান, ঘাটুগান, সাম্পানের গান, পটগান, [illegible] কীর্তন, বিয়ের গান, মেয়েলি গান, ধুইয়া গান, লেটো [illegible] গান বিশেষভাবে উল্লেখযোগ্য।

[illegible] : 'ভাটি' শব্দটিকে কেন্দ্র করে ভাটিয়ালি গানের [illegible] নদীমাতৃক বাংলাদেশের ভাটির চলমান স্রোতের [illegible] পালে বাতাস লাগিয়ে মাঝিরা যে গান গাইত তা-ই [illegible] এ গানের উৎপত্তি টাঙ্গাইল, ময়মনসিংহ, সিলেট [illegible] ভাটির মাঝির কণ্ঠের জনপ্রিয় গান 'মন মাঝি [illegible] আমি আর বাইতে পারলাম না ....'।

[illegible] : উত্তরবঙ্গে প্রচলিত ভাওয়াইয়া গানের উৎপত্তি 'ভাব' [illegible] (নিচু জমি) শব্দ থেকে। এ গানের জন্মস্থান রংপুর [illegible] কুচবিহার জেলা। ভাওয়াইয়া গানের মধ্যে 'ওকি [illegible]', 'কোন দ্যাশে যান মইশাল বন্দুরে' ইত্যাদি [illegible]। প্রাচ্য ভাষাবিদ ও লোকসাহিত্য গবেষক স্যার [illegible] গ্রিয়ার্সন সর্বপ্রথম এ অঞ্চলের বিভিন্ন স্থান থেকে [illegible] প্রচলিত ভাওয়াইয়া গান সংগ্রহ করেন।

[illegible] রংপুর অঞ্চলের একটি গান। এটি মূলত [illegible] একটি শাখা।

গম্ভীরা বৃহত্তর রাজশাহী অঞ্চলের গান। অবিভক্ত ভারতের মালদহ জেলায় এর উৎপত্তি। দেশ বিভাগের পর গম্ভীরা গানের শিল্পীরা চাঁপাইনবাবগঞ্জ শহরে চলে আসেন। তখন থেকে এ অঞ্চলেই এ গানের বিকাশ ঘটে ও চর্চা অব্যাহত থাকে। ধারণা করা হয় যে, গম্ভীরা উৎসবের প্রচলন হয়েছে শিবপূজাকে কেন্দ্র করে। শিবের এক নাম 'গম্ভীর' তাই শিবের বন্দনাগীতিই হলো গম্ভীরা গান। আদিতে গম্ভীরা ছিল দুই প্রকারের - আদ্যের গম্ভীরা ও পালা গম্ভীরা। পালা গম্ভীরা মূলত একটি নাট্যমূলক উপস্থাপনা।

আলকাপ রাজশাহী অঞ্চলের পালাগানের একটি শাখা।

মাইজভাণ্ডারি : চট্টগ্রামের ফটিকছড়ির মাইজভাণ্ডারি তরিকার পীর সৈয়দ আহমদ উল্লাহর (১৮২৬-১৯০৬) আধ্যাত্মিকতা ও অলৌকিকতা কেন্দ্রিক গানের নাম হচ্ছে মাইজভাণ্ডারি গান।

সারি গান : নৌকা বাইচে অংশগ্রহণকারী প্রতিযোগীরা সারিবদ্ধভাবে বসে বৈঠা টানার তালে তালে এ গান গায় বলে এর নাম হয়েছে সারি গান। এটি সিলেট ও ময়মনসিংহসহ ভাটি অঞ্চলের গান।

পালাগান কাহিনীমূলক লোকগীতি। এ গানের উৎসভূমি ময়মনসিংহ।

ঘাটুগান বৃহত্তর ময়মনসিংহ ও সিলেটের হাওড় অঞ্চলে প্রচলিত একপ্রকার লোকগীতি। ঘাটে ঘাটে নৌকা ভিড়িয়ে এ গান গাওয়া হয় বলে এর নাম হয়েছে ঘাটের গান বা ঘাটু গান। প্রধানত বর্ষা মৌসুমে যখন নদী-নালা, খাল-বিল পানিতে ভরা থাকে, তখন নৌকায় ঘাটু গানের আসর বসে।

সাম্পানের গান চট্টগ্রাম অঞ্চলের একটি জনপ্রিয় লোকসংগীত। চট্টগ্রামে নৌকাকে বলা হতো সাম্পান। তাই সাম্পানকে কেন্দ্র করে এই গানের উৎপত্তি।

জারি : কারবালার মর্মান্তিক ঘটনা (Tragedy) কে স্মরণ করে এক ধরনের আহাজারিমূলক সুরে সাধারণত নৃত্য সহযোগে জারিগান পরিবেশিত হয়ে থাকে। ময়মনসিংহ, নেত্রকোণা ও কিশোরগঞ্জে জারিগানের আসর হয়। ঢাকা ও সিলেট অঞ্চলেও জারি গানের প্রচলন আছে।

গাজীর গান বা গাজীর পালা গাজী-কালু-চম্পাবতীর কাহিনী নিয়ে আবর্তিত হয়। দক্ষিণবঙ্গের বাঘসঙ্কুল অঞ্চলে গাজী বাঘের অধিষ্ঠাতারূপে পরিগণিত। সেখানে গাজীর গান গেয়ে বাঘের আক্রমণ থেকে পরিত্রাণ কামনা করা হয়। এ গানের উৎপত্তি ফরিদপুর অঞ্চলে।

ধুপ ফরিদপুর অঞ্চলের নৃত্য।

বল যশোর অঞ্চলের নৃত্য।

Scanned with CamScanner

বাউল গান মূলত তত্ত্বভিত্তিক। আধ্যাত্মিক বিষয় নিয়ে বাউল গান রচিত হয়ে থাকে। বাউল গানের স্রষ্টা ফকির লালন শাহ। বাংলাদেশের কুষ্টিয়া ও যশোর জেলা এ গানের উদ্ভবস্থল। হরিনাথ এবং রবীন্দ্রনাথ বাউল গানের প্রতি শিক্ষিত সমাজের দৃষ্টি আকর্ষণ করেন।

লোক সংগীত শিল্পী

*লালন ফকির* মানবতাবাদী মরমী কবি। তিনি ১৭৭২ খ্রিষ্টাব্দে ঝিনাইদহ জেলার হরিশপুর গ্রামে জন্মগ্রহণ করেন। ছেলেবেলায় অসুস্থ অবস্থায় তার পরিবার তাকে ত্যাগ করে। তখন সিরাজ সাঁই নামের এক মুসলমান বাউল তাঁকে আশ্রয় দেন এবং সুস্থ করে তোলেন। লালন শাহকে 'বাউল সম্রাট' হিসাবেও অভিহিত করা হয়। আধ্যাত্মিক ভাবধারায় তিনি গান রচনা করেন। তাঁর রচিত গানগুলোকে লালন গীতি বা লালন সংগীত বলা হয়। লালন কুষ্টিয়া জেলার ছেউড়িয়া গ্রামে একটি আখড়া গড়ে তোলেন, যেখানে তিনি তাঁর শিষ্যদের শিক্ষা দিতেন। ১৮৯০ সালের ১৭ অক্টোবর কুষ্টিয়ায় নিজ আখড়ায় মৃত্যুবরণ করেন। লালনের আখড়া ছেউড়িয়ায় পরবর্তীতে লালন জাদুঘর প্রতিষ্ঠিত হয়। ২০০৪ সালে বিবিসি জরিপকৃত সর্বকালের সর্বশ্রেষ্ঠ ২০ জন বাঙালির মধ্যে লালন শাহের অবস্থান ছিল ১২ তম।



বিখ্যাত কয়েকটি লালনগীতি :

* "খাঁচার ভিতর অচিন পাখী ......... ।"
* "আমার বাড়ীর কাছে আরশী নগর, এক পরশী বসত করে।"
* "সব লোকে কয় লালন কি জাত ....... কেউ মালা, কেউ তসবি গলায়, তাইতো ........ "
* "জাত গেল জাত গেল বলে..........."
* "আমি অপার হয়ে বসে আছি, ওহে দয়াময় পাড়ে লয়ে যাও আমায়......"
* "সহজ মানুষ ভজে দেখ নারে মন দিব্যজ্ঞানে।"
* "আমার ঘরের চাবি পরের হাতে কেমনে খুলিয়ে সে ধন দেখব চোখেতে / আপন ঘরে বোঝাই সোনা, পরে করে লেনা দেনা....... "
* "সময় গেলে সাধন হবে না......"
* "সত্য বল সুপথে চল ওরে আমার মন......"
* "সাঁই আমার কখন খেলে কোন খেলা, জীবের কি সাধ্য আছে গুণে পড়ে তাই বলা।"

লালন সংগীতের বিখ্যাত শিল্পীদের মধ্যে ফরিদা পারভীন এর নাম বিশেষ উল্লেখযোগ্য।

*দেওয়ান হাসন রাজা* ১৮৫৪ সালে সুনামগঞ্জে জন্মগ্রহণ করেন। হাসন রাজাকে 'মরমি কবি' বলা হয়। হাসন রাজার বিখ্যাত গানের পঙক্তি-

* "লোকে বলে, বলে রে, ঘর বাড়ী ভালা নায় আমার......"
* "মাটির পিঞ্জিরার মাঝে বন্দী হইয়ারে.................."
* "নেশা লাগিল রে, বাঁকা দু'নয়নে নেশা লাগিল রে............"

*শাহ আবদুল করিম* (১৫ ফেব্রুয়ারি, ১৯১৬ - ১২ সেপ্টেম্বর, ২০০৯) 'বাউল সম্রাট' হিসেবে খ্যাত। তিনি সুনামগঞ্জের দিরাই উপজেলার ধল গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ২০০১ সালে একুশে পদক লাভ করেন। তাঁর রচিত গ্রন্থ- আফতাব সঙ্গীত, গণসঙ্গীত, ধলমেলা, ভাটির চিঠি, কালনীর ঢেউ, কালনীর কূলে প্রভৃতি। তাঁর কিছু অবিস্মরণীয় গান-

* গাড়ি চলে না, চলে না, চলে না রে.............
* আগে কি সুন্দর দিন কাটাইতাম.................

*আব্বাস উদ্দীন আহমদ* (১৯০১ -১৯৫৯ খ্রি.) পশ্চিমবঙ্গের কুচবিহার জেলার অন্তর্গত বলরামপুরে জন্মগ্রহণ করেন। বিখ্যাত এই লোকসংগীত শিল্পী ভাওয়াইয়া, চটকা, জারি, সারি, ভাটিয়ালি, মুর্শিদী প্রভৃতি গানের জন্য খ্যাতি লাভ করেন। তাঁকে ভাওয়াইয়া গানের সম্রাট বলা হয়। তাঁর আত্মজীবনীমূলক গ্রন্থ 'আমার শিল্পী জীবনের কথা'। তাঁর কন্যা ফেরদৌসী রহমানও একজন বরেণ্য সংগীত শিল্পী। ফেরদৌসীর গাওয়া বিখ্যাত লোকসংগীত 'ও কি ও বন্ধু কাজল ভ্রমরা রে..........।'

*আবদুল আলীম* ছিলেন পল্লীগীতির মুকুটহীন সম্রাট। তিনি পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদের তালিবপুর গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর কিছু অবিস্মরণীয় গান-

* নাইয়ারে নায়ের বাদাম তুইলা .....................
* এই যে দুনিয়া কিসেরও লাগিয়া...................

*ভূপেন হাজারিকা* ভারতীয় সঙ্গীত জগতের পুরোধা ব্যক্তিত্ব। জন্ম ভারতের আসামে। তিনি 'ব্রহ্মপুত্রের চারণকবি' হিসেবে পরিচিত। তাঁর অবিস্মরণীয় গান, "মানুষ মানুষের জন্য...... "।

*আব্দুর রহমান বয়াতি* বাংলাদেশের একজন প্রসিদ্ধ লোকসংগীত শিল্পী। "মন আমার দেহঘড়ি সন্ধান করি কোন মিস্ত্রী বানাইয়াছে ...." গানের জন্য তিনি অমর হয়ে আছেন।

*শেখ ওয়াহিদুর রহমান* সমকালীন বাংলাদেশের লোকগীতির একজন জীবন্ত কিংবদন্তী ও বাউল সাধক। তাঁর জনপ্রিয় গান "পরাণের বান্ধব রে বুড়ি হইলাম তোর কারণে ....."

*বারী সিদ্দিকী* (১৯৫৪-২০১৭) বাংলাদেশের একজন খ্যাতিমান লোকসংগীত শিল্পী ও বংশীবাদক। তিনি নেত্রকোণার হাওর অঞ্চলের গানকে জনপ্রিয় করে তোলেন।

*আব্দুল কুদ্দুস বয়াতি* বাংলাদেশের একজন লোকসংগীত শিল্পী। তিনি নেত্রকোণা জেলার কেন্দুয়া উপজেলার বাসিন্দা।

মুকুন্দরাম চক্রবর্তী একজন লোকসংগীত শিল্পী। তিনি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা ও সংগীত বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান।

## MCQ Solution

১. লোকের মুখে প্রচলিত হয়ে যে গান সর্বসাধারণের কাছে জনপ্রিয়তা অর্জন করে, তাকে কোন ধরনের গান বলা হয়? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (AP ইউনিট) : ১৭-১৮]
ক কবিগান খ লোকগান
গ প্রগশালী সঙ্গীত ঘ ভাটিয়ালি গান উত্তর: খ

২. 'ভাটিয়ালি' গান বাংলাদেশের কোন কোন অঞ্চলের গান? [১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৪]
ক ঢাকা ও সিলেট খ ময়মনসিংহ ও সিলেট
গ ময়মনসিংহ ও রংপুর ঘ রংপুর ও দিনাজপুর উত্তর: খ

৩. ভাটির টানে দাঁড় বেয়ে মাঝি যে গান গায় তাকে কি বলে? [কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ০৯-১০]
ক ভাওয়াইয়া খ ভাটিয়ালি
গ বাউল ঘ ঝুমুর উত্তর: খ

৪. ভাটিয়ালি গান কোন পেশার সাথে সম্পৃক্ত? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (গুবিজ্ঞান) : ১৩-১৪]
ক গাড়োয়ান খ দারোয়ান
গ মাঝি-মাল্লা ঘ শাঁখারি উত্তর: গ

৫. 'মন মাঝি তোর বৈঠা নেরে আমি আর বাইতে পারলাম না'- কোন ধরনের লোকসংগীত? [চবি (চারুকলা) : ১৮-১৯]
ক বাউল খ ভাওয়াইয়া
গ ভাটিয়ালি ঘ মুর্শিদি ও মারফতি উত্তর: গ

৬. বাংলাদেশের উত্তরাঞ্চলের বিখ্যাত লোকসংগীত - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট : গ্রুপ এ-১) : ১৭-১৮]
ক ভাটিয়ালি খ ভাওয়াইয়া
গ কীর্তন ঘ লালনগীতি উত্তর: খ

৭. 'ভাওয়াইয়া' কোন অঞ্চলের (গান) লোকসংগীত? [প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২৫/ BBAL'র এডমিন অ্যাসিস্ট্যান্ট : ২৩]
ক রাজশাহী খ রংপুর
গ কুষ্টিয়া ঘ ময়মনসিংহ উত্তর: খ

৮. ভাওয়াইয়া গান প্রথম সংগ্রহ করেন কে? [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি ইউনিট; সেট-এ) : ১৫-১৬]
ক ড. দীনেশচন্দ্র সেন খ আব্দুল করিম সাহিত্য বিশারদ
গ মনসুর বয়াতি ঘ স্যার জর্জ গ্রিয়ার্সন উত্তর: ঘ

৯. ও কি গাড়িয়াল ভাই কত রব আমি পন্থের দিকে চাইয়া রে- কোন ধরনের গান? [সাধারণ বিমা কর্পোরেশনের অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার : ১৯]
ক চটকা গান খ ভাটিয়ালি
গ ভাওয়াইয়া ঘ ঝুমুর গান উত্তর: গ

১০. 'চটকা' বাংলাদেশের কোন অঞ্চলের গান? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট-সেট ১) : ১৯-২০]
ক উত্তরবঙ্গ খ দক্ষিণবঙ্গ
গ পূর্ববঙ্গ ঘ পার্বত্য চট্টগ্রাম উত্তর: ক

১১. 'চটকা' বাংলাদেশের কোন অঞ্চলের গান? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৫ ইউনিট : সেট-১) : ১৫-১৬]
ক রংপুর খ রাজশাহী
গ ময়মনসিংহ ঘ চট্টগ্রাম উত্তর: ক

১২. 'গম্ভীরা' কোন অঞ্চলের গান? [জগন্নাথ বি (খ-ইউনিট) : ১০-১১]
ক উত্তরবঙ্গ খ দক্ষিণবঙ্গ
গ ময়মনসিংহ ঘ চট্টগ্রাম উত্তর: ক

১৩. 'গম্ভীরা' গান কি? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৩-১৪]
ক গাজির গান খ ভাটিয়ালি গান
গ শিবের গাজন ঘ ভাওয়াইয়া গান উত্তর: গ

১৪. গম্ভীরা গানের উৎপত্তি কোথায়? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৪]
ক রংপুর খ মালদহ
গ চাঁপাইনবাবগঞ্জ ঘ দিনাজপুর উত্তর: খ

১৫. 'গম্ভীরা' বাংলাদেশের কোন অঞ্চলের লোকসংগীত? [১২তম বিসিএস/ শিল্প মন্ত্রণালয়ের অফিস সহকারী কাম-কম্পিউটার : ২৩]
ক পার্বত্য চট্টগ্রাম খ সিলেট
গ রাজশাহী ঘ রংপুর উত্তর: গ

১৬. 'গম্ভীরা' বাংলাদেশের কোন অঞ্চলের লোকসংগীত? [৩১তম বিসিএস/ চবি (পার্বত্য অর্থনীতি) : ২৪-২৫/ পিএসসির সহকারী ডাটা অফিসার : ২২]
ক চট্টগ্রাম খ রাঙ্গামাটি
গ জামালপুর ঘ চাঁপাইনবাবগঞ্জ উত্তর: ঘ

১৭. গম্ভীরা কি ধরনের গান? [জগন্নাথ বি (এফ ইউনিট) : ০৯-১০]
ক জারি গান খ পালা গান
গ ঘেটুগান ঘ মারফত গান উত্তর: খ

১৮. রাজশাহী অঞ্চলের একটি নাট্যমূলক উপস্থাপনা - [কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]
ক রয়ানী খ গাজীর গান
গ গম্ভীরা ঘ পালা গান উত্তর: গ

১৯. বাংলা লোকসাহিত্য সংশ্লিষ্ট 'আলকাপ' হলো এক প্রকার- [সমন্বিত ৭ ব্যাংকের সিনিয়র অফিসার : ২১]
ক কর্মসংগীত খ পালাগান
গ সারিগান ঘ বিবেকের গান উত্তর: খ

২০. 'আলকাপ গান' কোন অঞ্চলের? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-১ ইউনিট) : ১২-১৩]
ক রাজশাহী খ বরিশাল
গ সিলেট ঘ রংপুর উত্তর: ক

২১. নিচের কোনটি বাংলাদেশের লোকসংগীতের একটি ধরন নয়? [কুষ্টিয়া বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ক ভাটিয়ালি খ গম্ভীরা
গ ঠুংরি ঘ জারি সারি উত্তর: গ

২২. মাইজভাণ্ডারি বাংলাদেশে কোন অঞ্চলের গান- [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এ ইউনিট; শিফট-২) : ১৭-১৮]
ক সিলেট খ রংপুর
গ ময়মনসিংহ ঘ চট্টগ্রাম উত্তর: ঘ

Scanned with CamScanner

২৩. নৌকাবাইচ প্রতিযোগিতার সময় পরিবেশিত গানের নাম? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৮-১৯]
ক সারিগান খ জারিগান
গ ভাটিয়ালি গান ঘ যাত্রাগান উত্তর: ক

২৪. 'সারিগান' বলতে কি বুঝ? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-২ ইউনিট) : ১২-১৩]
ক কোরাস গান খ শাড়ি পড়ে যে গান গাওয়া হয়
গ সারিবদ্ধ হয়ে গাওয়া চটুল ছন্দের কোরাস লোকসংগীত
ঘ সারি সারি ভাবে দাঁড়িয়ে গাওয়া গান উত্তর: গ

২৫. কোনটি ময়মনসিংহ ও সিলেট জেলার ভাটি অঞ্চলে প্রচলিত লোকগীতি? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৯-২০]
ক গাজির গান খ যাত্রা গান
গ সারি গান ঘ ঘাটু গান উত্তর: গ

২৬. পালাগান মূলত কোন অঞ্চলের গান? [বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ডাটা এন্ট্রি অপারেটর : ১৯]
ক নেত্রকোণা খ রংপুর
গ চট্টগ্রাম ঘ কুমিল্লা উত্তর: ক

২৭. পালাগান বা কিস্সা প্রধানত কোন অঞ্চলের? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ) : ০৯-১০]
ক ময়মনসিংহ খ কুমিল্লা
গ চট্টগ্রাম ঘ খুলনা উত্তর: ক

২৮. 'ঘাটুগান' কোন অঞ্চলের? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ই ইউনিট) : ১৯-২০]
ক রাজশাহী খ নোয়াখালী
গ ময়মনসিংহ ঘ রংপুর উত্তর: গ

২৯. 'ঘেটু গান' বাংলাদেশের কোন অঞ্চলের ঐতিহ্য? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৫-১৬]
ক হাওড় খ বরেন্দ্র
গ পাহাড়ি ঘ উপকূল উত্তর: ক

৩০. এর মধ্যে কোন প্রকার গান কেবল বর্ষাকালে পরিবেশিত হয়? [শাবিপ্রবি (এ ইউনিট) : ১৮-১৯]
ক গম্ভীর গান খ সারি গান গ যাত্রা গান
ঘ ঘাটু গান ঙ বাউল গান উত্তর: ঘ

৩১. 'সাম্পানের গান' কোন অঞ্চলের? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-২ ইউনিট) : ১২-১৩]
ক রাজশাহী খ রংপুর
গ ময়মনসিংহ ঘ চট্টগ্রাম উত্তর: ঘ

৩২. 'জারিগান' কোন বিষয়বস্তু নিয়ে পরিবেশিত? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ২০-২১]
ক রামায়ণের কাহিনি খ কুরুক্ষেত্রের যুদ্ধ
গ কারবালার ট্রাজেডি ঘ সমসাময়িক বিষয় উত্তর: গ

৩৩. বাংলাদেশের একটি আঞ্চলিক নৃত্য 'জারি' হলো- [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা : ১৫]
ক সিলেট অঞ্চলের খ ঢাকা অঞ্চলের
গ যশোর অঞ্চলের ঘ রংপুর অঞ্চলের উত্তর: ক,খ

৩৪. ঢাকা-ময়মনসিংহ অঞ্চলের ঐতিহ্যবাহী নৃত্যের নাম নিচের কোনটি? [ঢাবি (এ ইউনিট, গ্রুপ-২) : ২১-২২/ পুলিশ সার্জেন্ট (খ-ইউনিট) : ১৭-১৮]
ক ঝুমুর খ ধুপ
গ জারি ঘ ধুনুচি উত্তর: গ

৩৫. বাঘের আক্রমণ থেকে পরিত্রাণ পেতে গাওয়া হয়- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৯-২০]
ক বাউল গান খ গাজির গান
গ নেটোর গান ঘ জারি গান উত্তর: খ

৩৬. 'গাজীর গান'-এর গাজী কে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ০৫-০৬]
ক নন্দিগ্রামের জমিদার খ খোয়াজ খিজিরের শিষ্য
গ কুমিরের দেবতা ঘ বাঘের অধিকর্তা উত্তর: ঘ

৩৭. বাউল গানকে কি সাহিত্য বলে? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন মেডিকেল অফিসার : ০৩]
ক বজ্রযান সাহিত্য খ তত্ত্ব সাহিত্য
গ মৌন সাহিত্য ঘ গৌণ সাহিত্য উত্তর: ঘ

৩৮. বাউল গানের বিশেষত্ব কি? [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক : ০৯]
ক মরমীবাদ খ মারেফাত
গ আধ্যাত্ম বিষয়ক ঘ প্রেম বিষয়ক উত্তর: গ

৩৯. বাউল মতের প্রতি শিক্ষিত মহলকে উৎসুক করে তোলেন কে? [জনতার ডিজিটাল মনিটরিং এর সার্ভে অ্যাসিস্ট্যান্ট : ১০]
ক লালন ফকির খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ মাধব বিবি ঘ ফকির শাহজাহান উত্তর: খ

৪০. উনিশ শতকের সর্বাপেক্ষা খ্যাতনামা বাউল কে? [মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সহকারী পরিসংখ্যান কর্মকর্তা : ৯৮]
ক পাগলা কানাই খ হাসন রাজা
গ আব্বাস উদ্দিন ঘ লালন শাহ্ উত্তর: ঘ

৪১. লালন ফকিরের জন্মস্থান কোথায়? [গ্রামীণ ব্যাংক এর সিনিয়র অফিসার : ২৫/ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী পরিচালক কর্মকর্তা : ১৭]
ক কুষ্টিয়া খ ঝিনাইদহ
গ মেহেরপুর ঘ নদীয়া উত্তর: খ

৪২. লালন ফকির সমধিক পরিচিত- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৬-১৭/ রাজশাহী বিশ্ব: (কেন্দ্রের) : ০৮-০৯]
ক বাউল খ আউল
গ সুফি ঘ দরবেশ হিসেবে উত্তর: ক

৪৩. লালন শাহ ছিলেন একজন- [ঢাবি অধিভুক্ত ৭ কলেজ (কলা ও সমাজ বিজ্ঞান) : ১৮-১৯]
ক গীতি কবি খ লোক কবি
গ মরমি কবি ঘ কোনোটিই নয় উত্তর: গ

৪৪. লালন-এর গানকে বলা হয় - [জাককানইবি (খ-ইউনিট) : ১০-১১]
ক ঝুমুর খ ভাওয়াইয়া
গ গজল ঘ লালন-গীতি উত্তর: ঘ

৪৫. ছেঁউড়িয়া কেন বিখ্যাত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪-১৫]
ক রবীন্দ্রনাথের কুঠিবাড়ি খ লালন ফকিরের আখড়া
গ প্রাচীন বৌদ্ধ মন্দির ঘ বনাঞ্চল উত্তর: খ

৪৬. লালন শাহের আখড়া কোথায় অবস্থিত? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ৮) : ১৬-১৭]
ⓚ সিলেট ⓑ চট্টগ্রাম
ⓖ রাজশাহী ⓓ কুষ্টিয়া **উত্তর: ঘ**

৪৭. লালন শাহের মাজার কোন জেলায়? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্মচারী : ১৩]
ⓚ কুষ্টিয়া ⓑ সাতক্ষীরা
ⓖ নওগাঁ ⓓ বগুড়া **উত্তর: ক**

৪৮. লালন শাহ্ মৃত্যুবরণ করেন কত সালে? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ক ইউনিট - সেট ১) : ১১-১২]
ⓚ ১৮৯০ ⓑ ১৮৯১
ⓖ ১৮৮৫ ⓓ ১৮৮০ **উত্তর: ক**

৪৯. লালন জাদুঘর কোথায় অবস্থিত? [মহিলা বিষয়ক অধিদপ্তরের উপজেলা মহিলা কর্মকর্তা : ০৫]
ⓚ সোনারগাঁ ⓑ ময়নামতি
ⓖ রাজশাহী ⓓ কুষ্টিয়া **উত্তর: ঘ**

৫০. বিবিসি জরিপকৃত সর্বকালের সর্বশ্রেষ্ঠ ২০ জন বাঙালির মধ্যে লালন শাহের অবস্থান কততম? [ইসলামী বিশ্ববিদ্যালয় (সি-ইউনিট; সেট- কর্ণফুলী): ০৬-০৭]
ⓚ ১১তম ⓑ ১২তম
ⓖ ১৩তম ⓓ ১৪তম **উত্তর: খ**

৫১. লালন সংগীতের বিশিষ্ট শিল্পী কে? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট - সেট ১) : ০৮-০৯]
ⓚ আব্দুল হাদী ⓑ শবনম মুশতারী
ⓖ ফরিদা পারভীন ⓓ পাপিয়া মুশতারী **উত্তর: গ**

৫২. 'কেউ মালা, কেউ তসবি গলায়, তাইতো জাত ভিন্ন বলায়' এই পংক্তি নিচের একজনের - [১৭তম বিসিএস]
ⓚ লালন শাহ ⓑ সিরাজ সাঁই
ⓖ মদন বাউল ⓓ পাগলা কানাই **উত্তর: ক**

৫৩. 'খাঁচার ভিতর অচিন পাখী কেমনে আসে যায়'- এ পংক্তিটি- [BIWTA'র সহকারী পরিচালক : ২৩/ বাংলাদেশ টেলিভিশন-এর প্রযোজক : ০৬]
ⓚ বৈষ্ণব পদাবলীর অন্তর্গত
ⓑ বাউল পদাবলীর অন্তর্গত
ⓖ শাক্ত পদাবলীর অন্তর্গত ⓓ কোনটিই নয় **উত্তর: খ**

৫৪. 'খাঁচার ভিতর অচিন পাখি কেমনে আসে যায়'- মরমি গানটির রচয়িতা কে? [সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী : ১৯]
ⓚ হাছন রাজা ⓑ লালন শাহ
ⓖ পাগলা কানাই ⓓ কাঙ্গাল হরিনাথ **উত্তর: খ**

৫৫. "বাড়ীর কাছে আরশীনগর, সেথায় এক পড়শী বসত করে ...." এই পঙক্তিটি কার লেখা? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ই ইউনিট) : ১৯-২০/ ICT বিভাগের সহকারী প্রোগ্রামার : ১৭]
ⓚ পাগলা কানাই ⓑ সিরাজ সাঁই
ⓖ লালন শাহ ⓓ মদন বাউল **উত্তর: গ**

৫৬. 'সহজ মানুষ ভজে দেখ নারে মন দিব্যজ্ঞানে' গানটির — গীতিকার - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট-সেট ১) : ১৬-১৭] —
ⓚ লালন ফকির ⓑ হাসন রাজা
ⓖ শাহ্ আব্দুল করিম ⓓ রাধারমন দত্ত **উত্তর: ক**

৫৭. 'আমার ঘরের চাবি পরের হাতে'- গানটির রচয়িতা কে? [৩৮তম বিসিএস/ বাংলাদেশ নৌবাহিনী এর অদক্ষ শ্রমিক : ১৫]
ⓚ লালন শাহ ⓑ হাসন রাজা
ⓖ পাগলা কানাই ⓓ রাধারমণ দত্ত **উত্তর: ক**

৫৮. "আপন ঘরে বোঝাই সোনা
পরে করে লেনা দেনা"- চরণ দুটির রচয়িতা কে? [উপজেলা বা থানা শিক্ষা অফিসার : ০৪]
ⓚ প্রমথ চৌধুরী ⓑ নির্মলেন্দু গুণ
ⓖ হাসন রাজা ⓓ লালন শাহ **উত্তর: ঘ**

৫৯. 'আমি অপার হয়ে বসে আছি' কার রচনাংশ? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (গণযোগাযোগ ও সাংবাদিকতা) : ০৫-০৬]
ⓚ হাছন রাজার ⓑ লালন ফকিরের
ⓖ পাগলা কানাইয়ের ⓓ মনজুশাহের **উত্তর: খ**

৬০. 'সময় গেলে সাধন হবে না' গানটির রচয়িতা কে? [ইসলামী বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট; সেট-২) : ১৭-১৮]
ⓚ পাগলা কানাই ⓑ হাসন রাজা
ⓖ শাহ আব্দুল করিম ⓓ লালন শাহ **উত্তর: ঘ**

৬১. 'সত্য বল সুপথে চল ওরে আমার মন' কার কথা? [ইসলামী বিশ্ববিদ্যালয় (সি-ইউনিট; সেট-পদ্মা): ০৪-০৫]
ⓚ কায়কোবাদ ⓑ কাজী নজরুল ইসলাম
ⓖ মীর মশাররফ হোসেন ⓓ লালন ফকির **উত্তর: ঘ**

৬২. 'সাঁই আমার কখন খেলে কোন খেলা, জীবের কি সাধ্য আছে গুণে পড়ে তাই বলা।' কার রচনা? [ইসলামী বিশ্ববিদ্যালয় (সি-ইউনিট; সেট-পদ্মা): ০৪-০৫]
ⓚ রবীন্দ্রনাথ ⓑ নজরুল
ⓖ লালন শাহ্ ⓓ পাগলা কানাই **উত্তর: গ**

৬৩. 'জাত গেল জাত গেল বলে, একি আজব কারখানা, সত্য কাজে কেউ নয় রাজী, সবই দেখি তা না না না'- লালন এই গানে কোন ব্যবস্থার প্রতিবাদ করেছেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান) : ১৩-১৪]
ⓚ শ্রেণি বৈষম্যের ⓑ বর্ণ বৈষম্যের
ⓖ লিঙ্গীয় বৈষম্যের ⓓ কোনোটিই নয় **উত্তর: খ**

৬৪. 'মরমী কবি' কে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি২ উপ ইউনিট) : ২৪-২৫/ জাককানইবি (এপি- ইউনিট) : ১৭-১৮/ খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক : ১২]
ⓚ হাসন রাজা ⓑ সুলতান মিয়াজী
ⓖ আলাউদ্দিন খাঁ ⓓ ঈসা খাঁ **উত্তর: ক**

৬৫. মরমি সাধক হাসন রাজা কত সালে জন্মগ্রহণ করেন? [ইউনিয়ন পরিষদ সচিব : ২৩]
**উত্তর:** ১৯৫৪ সালে।

Scanned with CamScanner

৬৬. "লোকে বলে, বলে রে, ঘর-বাড়ি ভালা না আমার" এ মরমী গানটি কার? [ইসলামী বিশ্ববিদ্যালয় (সি-ইউনিট; সেট-১) : ১০-১১]
ক) লালন ফকির খ) হাসন রাজা
গ) পাগলা কানাই ঘ) ফকির আলমগীর উত্তর: খ

৬৭. 'মাটির পিঞ্জিরার মাঝে বন্দী হইয়া রে' গানটির গীতিকার কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৬-১৭]
ক) লালন ফকির খ) হাসন রাজা
গ) শাহ্ আব্দুল করিম ঘ) রাধারমণ দত্ত উত্তর: খ

৬৮. নেশা লাগিল রে, বাঁকা দু'নয়নে নেশা লাগিল রে.....কার গান? [জাককানইবি (এপি ইউনিট) : ১৮-১৯]
ক) লালন সাঁই খ) শাহ আব্দুল করিম
গ) হাসন রাজা ঘ) আব্দুর রহমান বয়াতি উত্তর: গ

৬৯. বাংলা সংগীতে বাউল সম্রাট কাকে বলা হয়? [স্বাস্থ্য মন্ত্রণালয়ের মেডিকেল টেকনোলজিস্ট : ২৩/ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী : ১৯]
ক) লালন শাহ খ) শাহ্ আবদুল করিম
গ) কানাই লাল শীল ঘ) হাসন রাজা উত্তর: ক,খ

৭০. বাউল সম্রাট শাহ আব্দুল করিমের জন্মস্থান কোথায়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি১ ইউনিট) : ২০-২১]
ক) সুনামগঞ্জ খ) মৌলভীবাজার
গ) কিশোরগঞ্জ ঘ) মুন্সীগঞ্জ উত্তর: ক

৭১. বাউল সম্রাট শাহ আব্দুল করিমের বাড়ি কোন উপজেলায়? [ডিসি কার্যালয়, মৌলভীবাজার এর নাজির : ২২]
উত্তর: দিরাই উপজেলায়।

৭২. বাউল সম্রাট শাহ আব্দুল করিম কোন সালে ২১শে পদক লাভ করেন? [ডিসি অফিস, সুনামগঞ্জ এর অফিস সহকারী : ২৩]
উত্তর: ২০০১ সালে।

৭৩. শাহ আবদুল করিম রচিত গ্রন্থ- [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা : ১৮]
ক) ধলমেলা খ) সারাদুপুর
গ) ছায়া হরিণ ঘ) নতুন সকাল উত্তর: ক

৭৪. 'গাড়ি চলে না চলে না রে'- গানটির রচয়িতা কে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি১ উপ-ইউনিট) : ২৪-২৫/ জাহাঙ্গীরনগর বিশ্ব: (সাংবাদিকতা) : ১৩-১৪]
ক) বাপ্পা মজুমদার খ) সঞ্জীব চৌধুরী
গ) হাছন রাজা ঘ) শাহ আব্দুল করিম উত্তর: ঘ

৭৫. 'আগে কি সুন্দর দিন কাটাইতাম....' এই জনপ্রিয় লোকসংগীতের গীতিকার কে? [চবি (বি ইউনিট) : ১৭-১৮]
ক) লালন শাহ খ) হাসন রাজা
গ) শাহ আবদুল করিম ঘ) রমেশ শীল উত্তর: গ

৭৬. 'আগে কি সুন্দর দিন কাটাইতাম'- এই গানটির সুরকার কে? [গ্রামীণ ব্যাংক এর শিক্ষানবিশ কেন্দ্র ব্যবস্থাপক : ২৫]
ক) শাহ আবদুল করিম খ) সত্য সাহা
গ) সঞ্জীব চৌধুরী ঘ) বাপ্পা মজুমদার উত্তর: ক

৭৭. বাউল সংগীতসাধক শাহ্ আব্দুল করিমের মৃত্যুর তারিখ - [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৯-১০]
ক) ১২ই সেপ্টেম্বর, ২০০৯ খ) ১৩ই সেপ্টেম্বর, ২০০৯
গ) ১৪ই সেপ্টেম্বর, ২০০৯ ঘ) ১৫ই সেপ্টেম্বর, ২০০৯ উত্তর: ক

৭৮. সংগীত শিল্পী আব্বাসউদ্দিন আহমেদ কত সালে জন্মগ্রহণ করেন? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ক) ১৯০১ খ) ১৯১০
গ) ১৯১৭ ঘ) ১৮৮৯ উত্তর: ক

৭৯. আব্বাস উদ্দীন - [চবি (বি ইউনিট) : ২১-২২/ রাবি (এ ইউনিট) : ১২-১৩]
ক) নৃত্যশিল্পী খ) বাংলাদেশ বরেণ্য লোকসংগীত শিল্পী
গ) গীতিকার ঘ) সুরকার উত্তর: খ

৮০. ভাওয়াইয়া গানের সম্রাট কে? [জাককানইবি (এফ ইউনিট) : ০৮-০৯]
ক) শচীনদেব বর্মণ খ) হেমন্ত মুখোপাধ্যায়
গ) আব্বাসউদ্দীন আহমদ ঘ) ফেরদৌসী রহমান উত্তর: গ

৮১. আমার শিল্পী জীবনের কথা–বইটির লেখক কে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি১ ইউনিট-সেট ১)) : ১৯-২০]
ক) আব্বাসউদ্দীন আহমদ খ) হেমন্ত মুখোপাধ্যায়
গ) রবিশঙ্কর ঘ) মান্না দে উত্তর: ক

৮২. ফেরদৌসী রহমান কে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৭ ইউনিট) : ১২-১৩]
ক) সেতার বাদক খ) বরেণ্য সংগীত শিল্পী
গ) সুরকার ঘ) নৃত্য শিল্পী উত্তর: খ

৮৩. 'ও কি ও বন্ধু কাজল ভ্রমরা রে' গানটির শিল্পী কে? [কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (এফ ইউনিট) : ০৯-১০]
ক) ফরিদা পারভীন খ) আব্বাস উদ্দিন আহমেদ
গ) নীনা হামিদ ঘ) ফেরদৌসী রহমান উত্তর: ঘ

৮৪. আবদুল আলীম কোন গানের শিল্পী হিসেবে অধিক পরিচিত [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ই ইউনিট) : ১৬-১৭]
ক) রবীন্দ্র সংগীত খ) লোকসংগীত
গ) নজরুল সংগীত ঘ) শাস্ত্রীয় সংগীত উত্তর: খ

৮৫. শিল্পী আবদুল আলীম নিম্নোক্ত কোন সংগীতে খ্যাতি অর্জন করেছেন? [জাহাঙ্গীরনগর বিশ্ব: (কলা) : ১২-১৩]
ক) পল্লীগীতি খ) রবীন্দ্র সংগীত
গ) লালনগীতি ঘ) ভাওয়াইয়া উত্তর: ক

৮৬. 'এই যে দুনিয়া কিসেরও লাগিয়া' গানের মূল গায়ক - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ৮ ইউনিট : সেট ৩) : ১৫-১৬]
ক) হাসন রাজা খ) শাহ আবদুল করিম
গ) আবদুল আলীম ঘ) আব্বাস উদ্দিন উত্তর: গ

৮৭. Who is known as the 'poet of Brahmaputra'? [সমন্বিত ৭ ব্যাংক অফিসার (ক্যাশ) : ২৩]
ক) Shyamal Mitra খ) Bhupen Hazarika
গ) Abbas Uddin ঘ) Manna Dey উত্তর: খ

৮৮. 'মন আমার দেহঘড়ি' গানটির শিল্পী কে? [চবি (বি ইউনিট) : ১৩-১৪]
ক) দিলরুবা খান খ) কিরণ চন্দ্র রায়
গ) আবদুর রহমান বয়াতি ঘ) কুদ্দুস বয়াতি উত্তর: গ

৮৯. "প্রাণের বান্ধব রে বুড়ি হইলাম তোর কারণে।"— গানটির গীতিকার কে? [৩৫তম বিসিএস]
ক) শাহ আবদুল করিম খ) রাধারমন
গ) শেখ ওয়াহিদ ঘ) কুদ্দুস বয়াতি উত্তর: গ

Scanned with CamScanner

১০. নেত্রকোণার হাওর অঞ্চলের গানসমূহে জনপ্রিয় করে তোলেন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৬ ইউনিট) : ১২-১৩]
ⓐ বারী সিদ্দিকী ⓑ আনুশেহ্
ⓒ মমতাজ ⓓ এন্ড্রু কিশোর উত্তর: ক

১১. কুদ্দুস বয়াতি কোন অঞ্চলের বাসিন্দা? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ১২-১৩]
ⓐ ময়মনসিংহ ⓑ নেত্রকোণা
ⓒ কিশোরগঞ্জ ⓓ নরসিংদী উত্তর: খ

১২. প্রাতিষ্ঠানিক সংগীত শিক্ষার ক্ষেত্রে অগ্রগণ্য নাম - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৭ ইউনিট) : ১২-১৩]
ⓐ ফরিদা পারভীন ⓑ সৈয়দ আবদুলহাদী
ⓒ মৃদুলকান্তি চক্রবর্তী ⓓ কমল দাশগুপ্ত উত্তর: গ

১৩. ফরিদপুর অঞ্চলের ঐতিহ্যবাহী নৃত্যের নাম কি? [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড -এর সহকারী পরিচালক (প্রশাসন) : ১৬]
ⓐ জারি ⓑ ধূপ
ⓒ বল ⓓ ঝুমুর উত্তর: খ

১৪. 'বল নৃত্য' বাংলাদেশের কোন অঞ্চলের নৃত্য? [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (বি-ইউনিট; সেট ২) : ১৪-১৫]
ⓐ রংপুর ⓑ কুমিল্লা
ⓒ যশোর ⓓ সিলেট উত্তর: গ

## বাদ্য

আমাদের দেশীয় সংগীতের সাথে বাদ্যযন্ত্র হিসেবে সাধারণত হারমোনিয়াম, একতারা, দোতারা, ঢোল, বাঁশি, ডুগডুগি, সারিন্দা ইত্যাদি ব্যবহার করা হয়ে থাকে। এছাড়াও খোল, মাদল, করতাল, মন্দিরা, খঞ্জনী ইত্যাদিও লোকজ বাদ্যযন্ত্র হিসেবে ব্যবহৃত হয়। তবে আধুনিক সংগীতকাররা বিদেশি বাদ্যযন্ত্র যেমন- কীবোর্ড, ড্রামস, গীটার ইত্যাদির ব্যবহার করেন।

তানপুরা মূলত উচ্চাঙ্গ সংগীতের যন্ত্র হিসেবে ব্যবহৃত হয়ে থাকে। তানপুরা তৈরি করা হয় সেতারের মতো দেখতে লাউয়ের খোলের উপর একটি ডান্ডি যুক্ত করে এবং তাতে চারটি তার লাগিয়ে।

## MCQ Solution

১. 'হারমোনিয়াম' কি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৬ ইউনিট) : ১২-১৩]
ⓐ সংগীত বাদ্যযন্ত্র ⓑ এক প্রকার কাঠের বাক্স
ⓒ তানপুরা ⓓ তবলা উত্তর: ক

২. 'একতারা'- বাদ্যযন্ত্রটি কোন সংগীতের অনুষঙ্গ বাদ্যযন্ত্র? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৬ ইউনিট) : ১২-১৩]
ⓐ নজরুল সংগীত ⓑ বাউল গান
ⓒ পপ সংগীত ⓓ আধুনিক গান উত্তর: খ

৩. দোতারা কি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৬ ইউনিট) : ১২-১৩]
ⓐ এক প্রকার সংগীত ⓑ লোকসংগীত অনুষঙ্গ যন্ত্র
ⓒ এক প্রকার নৃত্য ⓓ একটি কাব্য উত্তর: খ

৪. কোনটি আমাদের দেশীয় বাদ্যযন্ত্র? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৪-১৫]
ⓐ গিটার ⓑ পিয়ানো
ⓒ কী-বোর্ড ⓓ দোতারা উত্তর: ঘ

৫. কোনটি দেশি বাদ্যযন্ত্র? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট - সেট ১) : ১৩-১৪]
ⓐ গীটার ⓑ একতারা
ⓒ পিয়ানো ⓓ হার্প উত্তর: খ

৬. 'সারিন্দা' একজাতীয়- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি) ইউনিট) : ১৮-১৯]
ⓐ লোক গান ⓑ ঢোলক জাতীয় বাদ্যযন্ত্র
ⓒ বিশেষ অঞ্চলের গান ⓓ তার বিশিষ্ট বাদ্যযন্ত্র উত্তর: ঘ

৭. খোল, মাদল, করতাল, মন্দিরা, খঞ্জনী এগুলো হলো- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ১২-১৩]
ⓐ রাগ-রাগিনী ⓑ লোকজ বাদ্যযন্ত্র
ⓒ লোকসংগীত ⓓ লোকজ অলংকার উত্তর: খ

৮. 'তানপুরা' যন্ত্রের কয়টি তার থাকে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪-১৫]
ⓐ ২টি ⓑ ৬টি
ⓒ ৪টি ⓓ একটিও নয় উত্তর: গ

৯. বাংলা একাডেমি প্রকাশিত 'সংগীত কোষ' গ্রন্থের রচয়িতা কে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ৬ ইউনিট) : ১২-১৩]
ⓐ অরুণকুমার গোস্বামী ⓑ মৃদুলকান্তী চক্রবর্তী
ⓒ করুণাময় গোস্বামী ⓓ শাম্মী আখতার উত্তর: গ

## নাটক

বাংলাদেশের নাটকের দল গুলোর মধ্যে সিএটি, থিয়েটার, আরণ্যক, ঢাকা থিয়েটার, নাট্যকেন্দ্র প্রধান। সেন্টার ফর এশিয়ান থিয়েটার (সিএটি) বাংলাদেশের প্রথম প্রতিষ্ঠিত পেশাদারি নাট্যদল।

**বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশন** দেশের নাট্যদলসমূহের একটি কেন্দ্রীয় সংগঠন। নাট্যকর্মীদের পেশাগত স্বার্থ সংরক্ষণ ও সুযোগ-সুবিধা সৃষ্টি করা এর প্রধান লক্ষ্য। নিবর্তনমূলক *অভিনয় নিয়ন্ত্রণ আইন*, ১৮৭৬ বাতিলের ক্ষেত্রে সংগঠনটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ২০০১ সালের ৩০ জানুয়ারি বাংলাদেশের জাতীয় সংসদে আইনটি রদ করা হয়।

**সঙযাত্রা** টাঙ্গাইলের এক ধরনের হাস্যরসাত্মক বা ব্যঙ্গাত্মক নাট্যাভিনয়রীতি।

**সেলিম-আল দীন মুক্তমঞ্চ** জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠ সংলগ্ন জায়গায় অবস্থিত।

**নাটক সরণি :** ২০০৫ সালে মহিলা সমিতি নাট্যমঞ্চের জন্য বিখ্যাত ঢাকার বেইলি রোডের নামকরণ করা হয় 'নাটক সরণি'।

Scanned with CamScanner

## MCQ Solution

১. নিচের কোনগুলি নাটকের দলের নাম? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব) : ১৩-১৪]
ⓚ নাগরিক নাট্যসম্প্রদায়, বহুবচন, খেলাঘর, তির্যক
ⓛ নাগরিক নাট্যসম্প্রদায়, নাট্যকেন্দ্র, ছায়ানট, সময়
ⓜ থিয়েটার, আরণ্যক, ঢাকা থিয়েটার, নাট্যকেন্দ্র
ⓝ থিয়েটার, নাট্যচক্র, দেশাল, প্রাচ্য উত্তর: গ

২. সি.এ.টি - এর পূর্ণরূপ - [জগন্নাথ বি (খ-ইউনিট - সেট ২) : ১০-১১]
ⓚ সেন্টার ফর এশিয়ান থিয়েটার
ⓛ কোস্ট এরিয়া ফর টেকার
ⓜ কাব ফর এশিয়ান টিম ⓝ সবগুলো উত্তর: ক

৩. 'গ্রুপ থিয়েটার ফেডারেশন' কি? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব) : ১৩-১৪]
ⓚ গ্রুপ ভিত্তিক নাটকের একটি রীতি
ⓛ বাংলাদেশের পেশাদারি নাট্য সংগঠনগুলোর একটি ফোরাম
ⓜ আমেরিকার একটি নাট্যদলের নাম
ⓝ বাংলাদেশের প্রথম নাট্যদলের নাম উত্তর: খ

৪. বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশন কি? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ই ইউনিট) : ১৬-১৭]
ⓚ একটি রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ⓛ একটি বাণিজ্যিক প্রতিষ্ঠান
ⓜ গ্রুপ থিয়েটার গুলোর একটি সংগঠন
ⓝ একটি বহুজাতিক প্রতিষ্ঠান উত্তর: গ

৫. 'অভিনয় নিয়ন্ত্রণ আইন' কত সালে বাতিল করা হয়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব) : ১৩-১৪]
ⓚ ১৯৯৭ সালে ⓛ ২০০০ সালে
ⓜ ২০০১ সালে ⓝ ২০০৩ সালে উত্তর: গ

৬. সঙযাত্রা কোন অঞ্চলের ঐতিহ্যবাহী নাটক? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ২০-২১]
ⓚ টাঙ্গাইল ⓛ কুমিল্লা
ⓜ সিলেট ⓝ রাজশাহী উত্তর: ক

৭. 'মুক্তমঞ্চ' কোথায় অবস্থিত? [জাহাঙ্গীরনগর বিঃ (নাট্যতত্ত্ব) : ০৯-১০]
ⓚ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ⓛ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
ⓜ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ⓝ ঢাকা বিশ্ববিদ্যালয় উত্তর: খ

৮. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অবস্থিত মুক্তমঞ্চের নাম - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৫ ইউনিট) : ১৫-১৬]
ⓚ রবীন্দ্রসরোবর মুক্তমঞ্চ ⓛ বটমূল মুক্তমঞ্চ
ⓜ সেলিম আল দীন মুক্তমঞ্চ
ⓝ জহির রায়হান মুক্তমঞ্চ উত্তর: গ

৯. বেইলি রোড এর নতুন নাম- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ) : ০৯-১০]
ⓚ থিয়েটার এভিনিউ ⓛ নাট্য সদন
ⓜ নাটক সরণি ⓝ ব্রডওয়ে উত্তর: গ

১০. নিচের কোনগুলো বাংলাদেশের নাট্য-আঙ্গিক? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নাটক ও নাট্যতত্ত্ব) : ১৩-১৪]
ⓚ হাস্তর, মাদারগান, গম্ভীরা, ভাওনা
ⓛ গাজীরগান, জারিগান, গীতিকা পালা, পুতুলনাচ
ⓜ হাস্তর, রাম যাত্রা, যক্ষগান, গবরা
ⓝ গাজীরগান, জারিগান, পুতুল নাচ, ভাওনা উত্তর: খ

১১. Mime maestro Partha Pratim Majumder was born in the district of - [Agrani Bank Ltd Senior Officer : 11]
ⓐ Faridpur ⓑ Comilla ⓒ Bogra
ⓓ Netrokona ⓔ Pabna Ans. e

ব্যাখ্যা: পার্থ প্রতিম মজুমদার একজন জনপ্রিয় মূকাভিনয় শিল্পী। ১৯৫৪ সালের ১৮ জানুয়ারি পাবনা জেলার কলাচাঁদপাড়ায় তাঁর জন্ম।

## চারু ও কারু শিল্প

### চারুকলা

*চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়*

১৯৪৮ 'গভর্নমেন্ট আর্ট ইনস্টিটিউট' নামে যাত্রা শুরু করে। শিল্পাচার্য জয়নুল আবেদিন ছিলেন এর প্রধান প্রতিষ্ঠাতা ও প্রথম অধ্যক্ষ।

১৯৫৬ মাজহারুল ইসলামের নান্দনিক নকশায় শাহবাগস্থ বর্তমান ভবনে স্থানান্তরিত হয়।

১৯৬৩ প্রথম শ্রেণির কলেজ (পূর্ব পাকিস্তান চারু ও কারুকলা মহাবিদ্যালয়) এ উন্নীত করা হয়।

১৯৮৩ 'চারুকলা ইনস্টিটিউট' নামে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাঠামোর আওতাভুক্ত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনুষদের মর্যাদা লাভ করে।

১৯৮৯ চারুকলা অনুষদের উদ্যোগে বাংলা বর্ষবরণ উপলক্ষে 'মঙ্গল শোভাযাত্রা' এর সূচনা হয়।

*চারুকলা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়*

২০১২ বিভাগটি যাত্রা শুরু করে।

*চারুকলা ইনস্টিটিউট, খুলনা বিশ্ববিদ্যালয়*

১৯০৪ শিল্পী শশীভূষণ পালের উদ্যোগে খুলনায় 'মহেশ্বর পাশা স্কুল অব আর্ট' নামে যাত্রা শুরু করে।

২০০৯ খুলনা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইনস্টিটিউট এর মর্যাদা লাভ করে।

## MCQ Solution

১. ঢাকার চারুকলা ইনস্টিটিউট প্রতিষ্ঠা করেন - [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ১২-১৩]
ⓚ সফিউদ্দিন আহমেদ ⓛ জয়নুল আবেদিন
ⓜ কাইয়ুম চৌধুরী ⓝ কামরুল হাসান উত্তর: খ

Scanned with CamScanner

২. ঢাকার প্রথম গভর্নমেন্ট আর্ট ইনস্টিটিউট প্রতিষ্ঠা হয় কত সালে? [জাহাঙ্গীরনগর বিশ্ব: (সি ইউনিট - সেট ১) : ১৬-১৭]
ক ১৯৪৭ সালে খ ১৯৪৮ সালে
গ ১৯৮৪ সালে ঘ ১৯৪৩ সালে উত্তর: খ

৩. চারুকলা ইনস্টিটিউট (বর্তমানে চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়) কত সালে প্রতিষ্ঠিত হয়? [রাবি (আই ইউনিট) : ১৬-১৭]
ক ১৯৫০ খ ১৯৪৮
গ ১৯৬০ ঘ ১৯৪৫ উত্তর: খ

৪. কত সালে আর্ট ইনস্টিটিউট কলেজে রূপান্তরিত হয়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট - সেট ৭) : ১৬-১৭]
ক ১৯৫৬ সালে খ ১৯৫৩ সালে
গ ১৯৫৪ সালে ঘ ১৯৬৩ সালে উত্তর: ঘ

৫. কত সালে আর্ট কলেজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি ইনস্টিটিউট হিসাবে অন্তর্ভুক্ত হয়? [জাহাঙ্গীরনগর বিশ্ব: (সি ইউনিট - সেট ৮) : ১৬-১৭]
ক ১৯৮৪ সালে খ ১৯৮৩ সালে
গ ১৯৪৮ সালে ঘ ১৯৫৪ সালে উত্তর: খ

৬. চারুকলা অনুষদ ভবনের স্থপতি - [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১২-১৩]
ক পটুয়া কামরুল হাসান খ শিল্পাচার্য জয়নুল আবেদিন
গ মাজহারুল ইসলাম ঘ মাজহারুল আনোয়ার উত্তর: গ

৭. ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের উদ্যোগে বাংলা বর্ষবরণ উপলক্ষে 'মঙ্গল শোভাযাত্রা' কোন সাল থেকে শুরু? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ২০-২১]
ক ১৯৭৯ খ ১৯৪৮
গ ১৯৮৯ ঘ ১৯৯০ উত্তর: গ

৮. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে চারুকলা বিভাগ কত সালে যাত্রা শুরু করে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি১ ইউনিট) : ২০-২১]
ক ২০১১ খ ২০১৩
গ ২০১২ ঘ ২০১৪ উত্তর: গ

৯. 'মহেশ্বর পাশা স্কুল অব ফাইন আর্ট' কত সালে প্রতিষ্ঠিত হয়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৭-১৮]
ক ১৯০১ খ ১৯০৫
গ ১৯০৪ ঘ ১৯১০ উত্তর: গ

চিত্রকলা

বাংলাদেশের বিশ্ববরণ্য চিত্রশিল্পীদের মধ্যে উল্লেখযোগ্য হলেন- জয়নুল আবেদিন, এস.এম. সুলতান, কামরুল হাসান, হাশেম খান, শাহাবুদ্দিন আহমেদ, শফিউদ্দিন আহমেদ, মুর্তজা বশীর, শিশির ভট্টাচার্য, রশীদ চৌধুরী, রনবী, মুস্তফা মনোয়ার প্রমুখ।

শিল্পাচার্য জয়নুল আবেদিন (১৯১৪ - ১৯৭৬ খ্রি.) বাংলাদেশের শ্রেষ্ঠ চিত্রশিল্পী। তিনি ১৯১৪ সালের ২৯ ডিসেম্বর তৎকালীন ময়মনসিংহ জেলার কিশোরগঞ্জ মহকুমার কেন্দুয়ায় জন্মগ্রহণ করেন। তাঁর বিখ্যাত চিত্রকর্মের মধ্যে রয়েছে -

- ম্যাডোনা ৪৩ : কালো কালি ও তুলিতে আঁকা। ১৯৪৩ খ্রিষ্টাব্দে বাংলার ভয়াবহ দুর্ভিক্ষ (পঞ্চাশের মন্বন্তর) এর চিত্র। দুর্ভিক্ষের ছবি এঁকে তিনি আন্তর্জাতিক খ্যাতি অর্জন করেন।
- সংগ্রাম : ক্যানভাসে তেলরং। শ্রমজীবী মানুষের জীবনসংগ্রামের চিত্র।
- নবান্ন : ৬৫ ফুট দীর্ঘ স্ক্রল।
- মনপুরা ৭০ : ২০ ফুট দীর্ঘ স্ক্রল। ভোলা জেলার চর মনপুরায় ১৯৭০ সালের প্রলয়ংকারী ঘূর্ণিঝড়ের তাণ্ডব প্রত্যক্ষ করার পর ১৯৭৪ সালে তিনি চিত্রকর্মটি অঙ্কন করেন।
- নাই দেয়া : জলরং।
- দুই মুখ : শেষ চিত্রকর্ম। মৃত্যুর মাত্র কদিন আগে ঢাকার পিজি হাসপাতালে শুয়ে চিত্রকর্মটি অঙ্কন করেন।

জয়নুল আবেদিনের বিখ্যাত চিত্রকর্ম


দুর্ভিক্ষ (Famine)


মইটানা (Harrowing)


বিদ্রোহী গরু (Rebel Cow)


সাঁওতাল রমণী (Santhal Women)


সংগ্রাম (The Struggle)

তাঁর অন্যান্য চিত্রকর্মের মধ্যে 'গরুর গাড়ি', 'গুনটানা', 'বিদ্রোহী গরু', 'সাঁওতাল রমনী', 'গায়ের বধু', 'দুমকার ছবি', 'প্রসাধন', 'পাইন্যার মা' প্রভৃতি উল্লেখযোগ্য। ১৯৭৩ সালে দিল্লি বিশ্ববিদ্যালয় থেকে তাঁকে সম্মানসূচক ডি লিট উপাধি দেওয়া হয়। ১৯৭৫ সালে সরকারি উদ্যোগে ময়মনসিংহ শহরে স্থাপিত হয় 'শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা'। ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদে স্থাপিত হয়েছে 'জয়নুল আর্ট গ্যালারি'। ১৯৭৫ সালে তাঁকে জাতীয় অধ্যাপক হিসেবে নিয়োগ দেয়া হয়। বাংলাদেশের শিল্পীদের মধ্যে তিনিই প্রথম জাতীয় অধ্যাপক হওয়ার গৌরব অর্জন করেন।

Scanned with CamScanner

**চিত্রশিল্পী কামরুল হাসান** (১৯২১ - ১৯৮৮ খ্রি.) নিজেকে পটুয়া বলতেন। তিনি তরুণ বয়সেই ব্রতচারী আন্দোলনে ঝাঁপিয়ে পড়েন। ব্রতচারী আন্দোলনে খাঁটি বাঙালি গড়ে তোলার জন্য 'মুকুল ফৌজ' নামে শিশুকিশোর সংগঠন প্রতিষ্ঠা করেন। কামরুল হাসান মুজিবনগর সরকারের আর্ট ও ডিজাইন বিভাগের পরিচালক ছিলেন। স্বাধীনতা যুদ্ধকালীন সময়ে জেনারেল ইয়াহিয়ার মুখের ছবি দিয়ে আঁকা পোস্টারটি 'এই জানোয়ারদের



তিন কন্যা



উঁকি



দেশ আজ বিশ্ব বেহায়ার খপ্পরে




এই জানোয়ারদের হত্যা করতে হবে

হত্যা করতে হবে' (Annihilate these Demons) খুব বিখ্যাত। কামরুল হাসান ১৯৭২ সালে তৎকালীন সরকারের অনুরোধে শিবনারায়ণ দাশ কর্তৃক ডিজাইনকৃত পতাকার বর্তমান রূপ দেন। তিনি ১৯৮৮ সালে স্বৈরশাসক এরশাদকে ব্যঙ্গ করে 'দেশ আজ বিশ্ব বেহায়ার খপ্পরে' পোস্টারটি স্কেচ আঁকেন। তাঁর বিখ্যাত চিত্রকর্ম 'তিন কন্যা', 'রায়বেঁশে নৃত্য', 'উঁকি দেয়া', 'নবান্ন', 'নাইওর', 'বাংলার রূপ', 'জেলে', 'প্যাঁচা', 'শিয়াল', 'বাংলাদেশ', 'গণহত্যার আগে ও পরে' ইত্যাদি। তিনি বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের মনোগ্রাম অঙ্কন করেন।

**শেখ মোহাম্মদ (এস. এম) সুলতান** ১৯২৩ সালের ১০ আগস্ট নড়াইলের মাছিমদিয়ার এক দরিদ্র কৃষক পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পারিবারিক ডাকনাম লাল মিয়া। তাঁর বিখ্যাত চিত্রকর্ম 'হত্যাযজ্ঞ', 'জমি কর্ষণ', 'প্রথম বৃক্ষরোপণ (The first plantation)', 'চরদখল' (বোর্ডের উপর তেলরং), 'মাছ কাটা', 'ধান মাড়াই' ইত্যাদি। তিনি আবহমান বাংলার গ্রামীণ জীবন, চাষ-বাস, জেলে, কৃষক এবং কৃষি কাজের মধ্যেই যেন তাঁর চিত্রে জীবনের মূল সুর-ছন্দ খুঁজে পেয়েছিলেন। সুলতান 'খাকসার আন্দোলন' নামে একটি সেবামূলক সংগঠনের সঙ্গে যুক্ত ছিলেন। শেষ বয়সে নড়াইলের নিজবাড়ীতে তিনি শিশুদের জন্য 'শিশুস্বর্গ' ও 'চারুপীঠ' নামে দুটি চিত্রাঙ্কন প্রতিষ্ঠান গড়ে তোলেন। নড়াইলের চিত্রা নদীর পাড়ে মাছিমদিয়ায় রয়েছে এস এম সুলতানের স্মৃতি সংগ্রহশালা। শিল্পকলার ক্ষেত্রে তাঁর অবদানের জন্য বাংলাদেশ সরকার তাঁকে রেসিডেন্ট আর্টিস্টের সম্মান প্রদান করে।

**সফিউদ্দিন আহমেদকে** বাংলাদেশের আধুনিক ছাপচিত্রের জনক বলা হয়। ছাপচিত্রের পাশাপাশি তিনি জলরং এবং তেল রং -এর কাজেও দক্ষতা দেখিয়েছেন। তাঁর উল্লেখযোগ্য চিত্রকর্মের মধ্যে রয়েছে 'জলের নিনাদ', 'মেলার পথে' প্রভৃতি। নব্বইয়ের দশকে তিন বছরের মতো সময়ে তিনি নিরবিচ্ছিন্নভাবে বেশ কিছু রেখচিত্র আঁকেন যা ব্ল্যাক সিরিজ বা কালো চিত্রমালা নামে পরিচিত।

**শাহাবুদ্দিন আহমেদ** বাংলাদেশের একজন বিখ্যাত চিত্রশিল্পী। মুক্তিযুদ্ধে তিনি প্লাটুন কমান্ডার হিসেবে নেতৃত্ব দেন। চিত্রকলায় অসামান্য অবদানের জন্য ফরাসি সরকার তাঁকে 'Knight in the order of Fine Arts and Humanities' সম্মানে ভূষিত করে।

**মোহাম্মদ কিবরিয়া** বাংলাদেশের আধুনিক বিমূর্ত ধারার জনক। ২০০৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় তাঁকে 'প্রফেসর ইমেরিটাস' পদে নিযুক্ত করে।

**মুর্তজা বশীর** একাধারে চিত্রশিল্পী, লেখক ও ভাষা আন্দোলনের সক্রিয় কর্মী। তাঁর 'রক্তাক্ত ২১' ভাষা আন্দোলনের উপর আঁকা প্রথম চিত্রকর্ম। বাংলাদেশের স্বাধিকার সংগ্রামকে মনে রেখে তিনি এঁকেছেন এপিটাফ সিরিজ। তিনি ছিলেন প্রখ্যাত ভাষাবিদ ড. মুহম্মদ শহীদুল্লাহর পুত্র। মুর্তজা বশীর ২০১৯ সালে সত্তুতিতে 'স্বাধীনতা পদক ২০১৯' লাভ করেন।

**রশীদ চৌধুরী** ছিলেন মূলত ট্যাপেস্ট্রি শিল্পী। বয়ন শিল্পের এক ভিন্নতর মাধ্যমের নাম ট্যাপেস্ট্রি। ট্যাপেস্ট্রির পাশাপাশি তিনি তাঁর চিত্রকর্মে তেলরঙ, টেম্পারা, গুয়াশ ও জলরঙের ব্যবহার করেন।

**মুস্তফা মনোয়ার** বাংলাদেশের একজন গুণী চিত্রশিল্পী। দ্বিতীয় সাফ গেমসের প্রতীক 'মিশুক' নির্মাণ এবং ঢাকা কেন্দ্রীয় শহিদ মিনারের পিছনে লাল রঙের সূর্যের প্রতিরূপ স্থাপনায় তাঁর




সৃজনশীল প্রতিভার পরিচয় মেলে। শিক্ষামূলক কার্টুন 'মীনা' তাঁর অমর সৃষ্টি। মীনা দক্ষিণ এশিয়ার বিভিন্ন ভাষায় নির্মিত একটি জনপ্রিয় টিভি কার্টুন ধারাবাহিক এবং কমিক বই। সামাজিক সচেতনতা বাড়ানোর লক্ষ্যে ইউনিসেফের সহযোগিতায় 'মীনা' কার্টুন তৈরি করা হয়। মীনার জনপ্রিয়তা এবং গ্রহণযোগ্যতার জন্য সার্কের পক্ষ থেকে ২৪ সেপ্টেম্বর 'মীনা দিবস' ঘোষণা করা হয়।

**রফিকুন্নবী** উপনাম রনবী (Ranabi) বাংলাদেশের খ্যাতনামা ব্যঙ্গচিত্রশিল্পী (Cartoonist)। 'টোকাই' নামক কার্টুন চরিত্রটি তার অনবদ্য সৃষ্টি।



টোকাই

**শিশির ভট্টাচার্য** দৈনিক 'প্রথম আলো' পত্রিকার মূল কার্টুনশিল্পী।

## MCQ Solution

১. বাংলাদেশের শ্রেষ্ঠ চিত্রশিল্পী কে? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৬]
ক কামরুল হাসান খ এসএম সুলতান
গ জয়নুল আবেদিন ঘ কাইয়ুম চৌধুরী উত্তর: গ

Scanned with CamScanner

২. শিল্পাচার্য জয়নুল আবেদিন কত সালে জন্মগ্রহণ করেন - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ১৭-১৮]
ক ১৯১৩ খ ১৯১৪
গ ১৯১৫ ঘ ১৯১৬ উত্তর: খ

৩. শিল্পাচার্য জয়নুল আবেদিন কোথায় জন্মগ্রহণ করেন? [কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ১৪-১৫]
ক চট্টগ্রামে খ ঢাকায়
গ কুমিল্লায় ঘ ময়মনসিংহে উত্তর: ঘ

৪. শিল্পাচার্য বলতে কাকে বুঝায়? [রাজশাহী বিশ্ব: (আই ইউনিট) : ১৬-১৭]
ক জয়নুল আবেদিন খ কামরুল হাসান
গ হাশেম খান ঘ আমিনুল ইসলাম উত্তর: ক

৫. 'ম্যাডোনা-৪৩' কি? [বরিশাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৫-১৬/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (গামা) : ১৪]
ক প্রখ্যাত মডেল খ একটি বিখ্যাত ভাস্কর্য
গ অস্কার জয়ী ফিল্ম ঘ একটি চিত্রকর্ম উত্তর: ঘ

৬. 'ম্যাডোনা ১৯৪৩' হলো- [ডিটিই'র ইঞ্জিনিয়ারিং কলেজ'র অফিস সহায়ক : ২১]
ক কামরুল হাসানের চিত্রকর্ম খ রশীদ চৌধুরীর টেরাকোটা
গ জয়নুল আবেদিনের চিত্রকর্ম
ঘ জহির রায়হানের চলচ্চিত্র উত্তর: গ

৭. বাংলার ১৯৪৩ সালের দুর্ভিক্ষের উপর ছবি এঁকে বিখ্যাত হন কোন শিল্পী? [২০তম বিসিএস/ DNCRP'র ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর : ২৪]
ক শিল্পী কামরুল হাসান খ শিল্পাচার্য জয়নুল আবেদিন
গ শিল্পী এস এম সুলতান ঘ শিল্পী শাহাবুদ্দিন উত্তর: খ

৮. 'পঞ্চাশের মন্বন্তর'- এর চিত্র এঁকে বিখ্যাত হয়েছেন কোন শিল্পী? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ০৯-১০]
ক রশীদ চৌধুরী খ হাশেম খান গ শাহাবুদ্দিন
ঘ জয়নুল আবেদিন ঙ যামিনী রায় উত্তর: ঘ

৯. শিল্পাচার্য জয়নুল আবেদিন 'দুর্ভিক্ষের চিত্রমালা' এঁকেছিলেন কোন মন্বন্তরকে অবলম্বন করে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪-১৫]
ক ছিয়াত্তরের মন্বন্তর খ তেতাল্লিশের মন্বন্তর
গ চুয়াত্তরের মন্বন্তর ঘ সত্তরের মন্বন্তর উত্তর: খ

১০. জয়নুল আবেদিনের দুর্ভিক্ষ-চিত্রমালা কোন কালিতে আঁকা? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৯-২০]
ক কালো ও সবুজ খ কালো ও হলুদ
গ শুধু কালো ঘ কালো ও লাল উত্তর: গ

১১. The series of sketches known as 'Famine Sketches' was drawn by - / 'দুর্ভিক্ষের চিত্রমালা' এঁকেছিলেন কোন শিল্পী? [Bangladesh Bank Assistant Director : 14]
ⓐ S. M. Sultan ⓑ Qaiyum Chowdhury
ⓒ kamrul Hassan ⓓ Zainul Abedin Ans: d

১২. 'গরুর গাড়ি' চিত্রকর্মটি কার? [রাজশাহী বিশ্ব: (এ ইউনিট) : ২১-২২]
ক হাশেম খান খ কামরুল হাসান
গ জয়নুল আবেদিন ঘ এস এম সুলতান উত্তর: গ

১৩. 'বিদ্রোহী' চিত্রটি কার আঁকা? [জাককানইবি (এপি- ইউনিট) : ১৭-১৮]
ক শিল্পী আব্দুর রাজ্জাক খ শিল্পাচার্য জয়নুল আবেদিন
গ শিল্পী হাশেম খান ঘ শিল্পী আমিনুল ইসলাম উত্তর: খ

১৪. 'সংগ্রাম' চিত্রকর্মের শিল্পী- [DMCL'র প্রভাষক : ২৫/ ঢাকা বিশ্ববিদ্যালয় (চারুকলা) : ২৪-২৫/ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সহকারী প্রোগ্রামার : ১৭]
ক এসএম সুলতান খ জয়নুল আবেদিন
গ কামরুল হাসান ঘ যামিনী রায় উত্তর: খ

১৫. শিল্পাচার্য জয়নুল আবেদিনের আঁকা বিখ্যাত চিত্র সংগ্রাম এর মূল উপজীব্য বিষয় - [ঢাবি (চ ইউনিট) : ১২-১৩]
ক গরুর গাড়ি ঠেলা খ মানুষের দৈনন্দিন জীবন
গ রাস্তার কাদা-পানি ঘ বাঁচা মরার লড়াই উত্তর: ঘ

১৬. শিল্পাচার্য জয়নুল আবেদিনের সংগ্রাম চিত্রটি কোন মাধ্যমে আঁকা? [খুলনা বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট): ১৭-১৮]
ক জলরং খ টেম্পারা
গ গোয়াশ ঘ তেলরং উত্তর: ঘ

১৭. শিল্পাচার্য জয়নুল আবেদিনের 'সংগ্রাম' পেইন্টিং কিসের উপর আঁকা? [জাহাঙ্গীরনগর বিশ্ব: (সি ইউনিট) : ১৬-১৭]
ক ক্যানভাসের উপর খ বোর্ডের উপর
গ কাঠের উপর ঘ পটের উপর উত্তর: ক

১৮. 'নবান্ন' স্ক্রলচিত্রটি কার আঁকা? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ২২-২৩]
ক জয়নুল আবেদিন খ কামরুল হাসান
গ আমিনুল ইসলাম ঘ আনোয়ারুল হক উত্তর: ক

১৯. 'মনপুরা-৭০' কি? [২৬তম বিসিএস/ CGA'র অফিস সহায়ক : ২২]
ক একটি উপজেলা খ একটি নদী বন্দর
গ একটি উপন্যাস ঘ একটি চিত্রশিল্প উত্তর: ঘ

২০. 'মনপুরা-৭০' চিত্রকর্মের শিল্পী কে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি১ ইউনিট - সেট ৩) : ১৫-১৬]
ক কামরুল হাসান খ এস.এম. সুলতান
গ সফিউদ্দিন আহমেদ ঘ জয়নুল আবেদিন উত্তর: ঘ

২১. শিল্পাচার্য জয়নুল আবেদিনের 'মনপুরা ৭০' চিত্রকর্মটির বিষয়বস্তু কী? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ২০-২১]
ক দুর্ভিক্ষ খ জলোচ্ছ্বাস
গ নবান্ন ঘ মুক্তিযুদ্ধ উত্তর: খ

২২. শিল্পাচার্য জয়নুল আবেদিনের বিখ্যাত চিত্রকর্ম 'মনপুরা ৭০' কোন সালে আঁকা? [ঢাবি (চ ইউনিট) : ১৩-১৪]
ক ১৯৭২ খ ১৯৭০
গ ১৯৭৪ ঘ ১৯৭৩ উত্তর: গ

২৩. জয়নুল আবেদিনের আঁকা শেষ ছবি কোনটি? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৬-১৭]
ক মুখ খ দুই মুখ
গ সংগ্রাম ঘ মুখ চতুষ্টয় উত্তর: খ

২৪. 'পাইন্যার মা' কি? [জাককানইবি (খ ইউনিট - সেট ১) : ১৩-১৪]
ক চলচ্চিত্র খ উপন্যাস
গ কবিতা ঘ চিত্রকর্ম উত্তর: ঘ

Scanned with CamScanner

২৫. নিচের কোনটি জয়নুল আবেদিনের সৃষ্ট চিত্রকর্ম? [পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী : ১৮]
ক দুর্ভিক্ষ খ সংগ্রাম
গ মইটানা ঘ সবগুলোই **উত্তর: ঘ**

২৬. কোনটি শিল্পাচার্য জয়নুল আবেদিনের চিত্রকর্ম নয়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সাংবাদিকতা) : ১৩-১৪]
ক দুঃসহ জীবন খ সংগ্রাম
গ নবান্ন ঘ গায়ের বধু **উত্তর: ক**

২৭. শিল্পী জয়নুল আবেদিন সংগ্রহশালাটি কোথায়? [৩৩তম বিসিএস]
ক ঢাকায় খ ময়মনসিংহে
গ চট্টগ্রামে ঘ নড়াইলে **উত্তর: খ**

২৮. শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা প্রতিষ্ঠিত হয় কত সালে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪-১৫]
ক ১৯৭৫ খ ১৯৭৬
গ ১৯৭৭ ঘ ১৯৭৮ **উত্তর: ক**

২৯. জয়নুল আর্ট গ্যালারি কোথায় অবস্থিত? [রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) : ০৬]
ক ঢাকা খ ময়মনসিংহ
গ সোনারগাঁও ঘ কিশোরগঞ্জ **উত্তর: ক**

৩০. বাংলাদেশের শিল্পীদের মধ্যে জাতীয় অধ্যাপক হওয়ার গৌরব অর্জন করেন? [ঢাবি (চ ইউনিট) : ১৫-১৬]
ক কামরুল হাসান খ কাইয়ুম চৌধুরী
গ সফিউদ্দিন আহমেদ ঘ জয়নুল আবেদিন **উত্তর: ঘ**

৩১. কোন জন প্রধানত চিত্রশিল্পী হিসেবে খ্যাতিমান? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ই ইউনিট) : ১৬-১৭]
ক হামিদুজ্জামান খান খ সৈয়দ আব্দুলাহ্ খালিদ
গ শামীম শিকদার ঘ কামরুল হাসান **উত্তর: ঘ**

৩২. 'এই জানোয়ারদের হত্যা করতে হবে' (Annihilate these demons) পোস্টারটি কার আঁকা? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (চারুকলা) : ২৪-২৫/ ঢাবি (চ ইউনিট) : ২১-২২/ বিসিক এর প্রমোশন অফিসার : ২১]
ক কামরুল হাসান খ মোহাম্মদ কিবরিয়া
গ রফিকুন নবী ঘ হাশেম খান **উত্তর: ক**

৩৩. 'এই জানোয়ারদের হত্যা করতে হবে' শীর্ষক ব্যঙ্গচিত্রটি আঁকা হয়েছিল - [ঢাবি (চ ইউনিট) : ১২-১৩]
ক বইয়ের প্রচ্ছদ হিসেবে খ সৃজনশীল তেলচিত্র হিসেবে
গ প্রচারপত্রের জন্য ঘ দেয়ালচিত্র হিসেবে **উত্তর: গ**

৩৪. ইয়াহিয়া ব্যঙ্গাত্মক চিত্রটি কে এঁকেছিলেন? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ১২-১৩]
ক জয়নুল আবেদিন খ এস এম সুলতান
গ শামসুর রাহমান ঘ কামরুল হাসান **উত্তর: ঘ**

৩৫. কোনটি কামরুল হাসানের পোস্টারের সঠিক 'ক্যাপশান'? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ১৬-১৭]
ক ANNIHILATE THESE DEMONS
খ KILLED THESE DEMONS
গ ANNIHILATE THE DEMONS
ঘ KILLED THE DEMONS **উত্তর: ক**

৩৬. বাংলাদেশে কোন চিত্রশিল্পী নিজেকে 'পটুয়া' বলেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট; শিফট ৪) : ২৩-২৪]
ক জয়নুল আবেদিন খ কামরুল হাসান
গ সফিউদ্দিন আহমেদ ঘ আবদুল বাসেত **উত্তর: খ**

৩৭. ব্রতচারী আন্দোলনের সঙ্গে যুক্ত শিল্পী- [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ২১-২২]
ক কামরুল হাসান খ রফিকুন নবী
গ নিতুন কুন্ডু ঘ মুর্তজা বশীর **উত্তর: ক**

৩৮. 'মুকুল ফৌজ' কে গড়ে তোলেন? [ঢাকা বিশ্ব: (চ ইউনিট) : ১৭-১৮]
ক জয়নুল আবেদিন খ কামরুল হাসান
গ আবুল বারক আল্ভী ঘ এস এম সুলতান **উত্তর: খ**

৩৯. মুজিবনগর সরকারের তথ্য ও প্রচার মন্ত্রণালয়ের আর্ট ও ডিজাইন বিভাগের পরিচালক ছিলেন- [ঢাকা বিশ্ব: (চ ইউনিট) : ১৫-১৬]
ক দেবদাস চক্রবর্তী খ নিতুন কুণ্ডু
গ কামরুল হাসান ঘ কাইয়ুম চৌধুরী **উত্তর: গ**

৪০. 'দেশ আজ বিশ্ব বেহায়ার খপ্পরে' - এ পোস্টারের রূপকার কে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৩-১৪]
ক এস এস সুলতান খ জয়নুল আবেদিন
গ কামরুল হাসান ঘ শাহাবুদ্দিন **উত্তর: গ**

৪১. 'দেশ আজ বিশ্ব বেহায়ার খপ্পরে'- এটি কি? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (জি ইউনিট) : ০৯-১০]
ক পোস্টার খ চিত্রকর্ম
গ ভাস্কর্য ঘ ম্যুরাল **উত্তর: ক**

৪২. 'দেশ আজ বিশ্ব বেহায়ার খপ্পরে' - কী ধরনের শিল্পকর্ম? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৮-১৯]
ক দেয়ালচিত্র খ প্রচ্ছদচিত্র
গ ব্যঙ্গচিত্র ঘ ফলকচিত্র **উত্তর: গ**

৪৩. বিখ্যাত চিত্রকর্ম 'তিন কন্যা' - এর চিত্রকর কে? [৩৫তম বিসিএস/ চবি (বি১ উপ-ইউনিট) : ২৪-২৫/ BPSC'র ইন্সট্রাক্টর : ২৩]
ক জয়নুল আবেদিন খ এস এম সুলতান
গ কামরুল হাসান ঘ রফিকুন্নবী **উত্তর: গ**

৪৪. 'রায়বেঁশে নৃত্য' শিল্পকর্মটি কার? [BREB'র সহকারী পরিচালক : ১৬]
ক রশিদ চৌধুরী খ কামরুল হাসান
গ রফিকুন নবী ঘ জয়নুল আবেদিন **উত্তর: খ**

৪৫. 'উঁকি' কোন বিখ্যাত শিল্পীর শিল্পকর্ম? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ১৬-১৭]
ক শিল্পী জয়নুল আবেদিন খ শিল্পী আমিনুল ইসলাম
গ শিল্পী এস.এম. সুলতান ঘ শিল্পী কামরুল হাসান **উত্তর: ঘ**

৪৬. বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের মনোগ্রাম কার আঁকা? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি১ ইউনিট) : ১৯-২০]
ক শিল্পী কামরুল হাসান খ শিল্পী কাজী আবুল কাশেম
গ শিল্পী আব্দুল মুক্তাদির ঘ শিল্পী কাইয়ুম চৌধুরী **উত্তর: ক**

৪৭. এস.এম সুলতান একজন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) : ১৪-১৫]
ক কবি খ চলচ্চিত্রকার
গ চিত্রশিল্পী ঘ গায়ক **উত্তর: গ**

Scanned with CamScanner

৪৮. এস.এম সুলতান জন্ম গ্রহণ করেন কত সালে? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]
ক ১৯২৩ সালের ১০ আগস্ট খ ১৯২৩ সালের ১০ অক্টোবর
গ ১৯২৫ সালের ১৫ আগস্ট
ঘ ১৯২৫ সালের ১৫ অক্টোবর উত্তর: ক

৪৯. লাল মিয়া কোন শিল্পীর ডাকনাম- [রাজশাহী বিশ্ব: (এ ইউনিট) : ২১-২২]
ক মোহাম্মদ কিবরিয়া খ মুর্তজা বশীর
গ এস এম সুলতান ঘ আমিনুল ইসলাম উত্তর: গ

৫০. কৃষক পরিবার ছবিটি কোন শিল্পীর আঁকা? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি ইউনিট) : ১৪-১৫]
ক শিল্পী জয়নুল আবেদিন খ শিল্পী এস.এম. সুলতান
গ শিল্পী কামরুল হাসান ঘ শিল্পী হাশেম খান উত্তর: খ

৫১. চিত্রকলায় আবহমান বাংলার মানুষের রূপকার - [রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ-৬ ইউনিট) : ১২-১৩]
ক কনকচঁপা চাকমা খ সত্যজিৎ রায়
গ এস.এম সুলতান ঘ মনিরুল ইসলাম উত্তর: গ

৫২. এস.এম সুলতানের শিল্পকর্ম কোনটি? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ১২-১৩]
ক জমি কর্ষণ খ টোকাই
গ সাঁওতাল দম্পতি ঘ মনপুরা উত্তর: ক

৫৩. প্রথম বৃক্ষরোপণ কি? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১২-১৩]
ক বৃক্ষরোপন কর্মসূচী খ বনাঞ্চলে পালিত উৎসব
গ পরিবেশবাদী আন্দোলন ঘ চিত্রশিল্প উত্তর: ঘ

৫৪. 'দ্য ফার্স্ট প্ল্যান্টেশন' শিল্পকর্মটি কার? [ঢাবি (ঘ ইউনিট) : ২০ -২১]
ক জয়নুল আবেদিন খ কামরুল হাসান
গ মুর্তজা বশীর ঘ এস. এম. সুলতান উত্তর: ঘ

৫৫. এস. এম সুলতানের শিল্পকর্ম কোনটি? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চারুকলা) : ২৪-২৫/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (চারুকলা) : ২৪-২৫]
ক দুর্ভিক্ষ খ পাইন্যার মা
গ বিজয় ঘ প্রথম বৃক্ষরোপণ উত্তর: ঘ

৫৬. বোর্ডের ওপর তেলরঙে 'চর দখল' ছবিটি কার আঁকা? [NSI এর ওয়াচার কনস্টেবল (ফিল্ড স্টাফ) : ২১]
ক এস. এম. সুলতান খ জয়নুল আবেদিন
গ মুর্তজা বশীর ঘ হাশেম খান উত্তর: ক

৫৭. 'মাছ কাটা' চিত্রটি কার আঁকা? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি৯ ইউনিট) : ১৫-১৬]
ক এস এম সুলতান খ মোহাম্মদ কিবরিয়া
গ আমিনুল ইসলাম ঘ কাইয়ুম চৌধুরী উত্তর: ক

৫৮. শিশুস্বর্গ কি? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ব: (এপি- ইউনিট) : ১৭-১৮]
ক চিত্রাঙ্কন প্রতিষ্ঠান খ ভাসমান হাসপাতাল
গ শিক্ষা প্রতিষ্ঠান ঘ শিশুপার্ক উত্তর: ক

৫৯. শিল্পী এস এম সুলতান নিজের বাড়িতে গড়ে তোলেন - [বাংলাদেশ সুপ্রীম কোর্টের প্রটোকল অফিসার : ২৩/ জাবি (সি ইউনিট) : ১৪-১৫]
ক শিশুপাঠ খ শিশু নিকেতন
গ চারুস্বর্গ ঘ শিশুস্বর্গ উত্তর: ঘ

৬০. এস এম সুলতান কোন আন্দোলনের সাথে যুক্ত ছিলেন? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (এপি ইউনিট) : ১৮-১৯]
ক খাকসার আন্দোলন খ তেভাগা আন্দোলন
গ ভাষা আন্দোলন ঘ ব্রতচারী আন্দোলন উত্তর: ক

৬১. সফিউদ্দিন আহমেদ কোন দেশের চিত্রশিল্পী? [জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]
ক পাকিস্তান খ বাংলাদেশ
গ ভারত ঘ শ্রীলংকা উত্তর: খ

৬২. বাংলাদেশ ছাপচিত্রের গুরু হিসাবে কাকে অভিহিত করা হয়- [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (চারুকলা) : ২৪-২৫/ ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৫-১৬]
ক হাবিবুর রহমান খ মোহাম্মদ কিবরিয়া
গ সফিউদ্দিন আহমেদ ঘ রশিদ চৌধুরী উত্তর: গ

৬৩. 'মেলার পথে' শীর্ষক চিত্রকর্মের শিল্পী- [ঢাবি: (চারুকলা) : ২২-২৩]
ক রশিদ চৌধুরী খ সফিউদ্দিন আহমেদ
গ জয়নুল আবেদিন ঘ হামিদুর রহমান উত্তর: খ

৬৪. 'জলের নিনাদ' ছবিটি কোন শিল্পীর আঁকা? [রাবি (আই ইউনিট) : ১৭-১৮]
ক জয়নুল আবেদিন খ এস.এম.সুলতান
গ সফিউদ্দিন আহমেদ ঘ কামরুল হাসান উত্তর: গ

৬৫. ব্লাক সিরিজ বা কালো চিত্রমালা'র শিল্পী- [ঢাবি (চ ইউনিট) : ১২-১৩]
ক সফিউদ্দিন আহমেদ খ এস এম সুলতান
গ আমিনুল ইসলাম ঘ আব্দুর রাজ্জাক উত্তর: ক

৬৬. বাংলাদেশের মুক্তিযুদ্ধে প্লাটুন কমান্ডার হিসেবে নেতৃত্ব দিয়েছিলেন কোন চিত্রশিল্পী? [মেডিকেল ভর্তি : ২৩-২৪]
ক শাহাবুদ্দিন আহমেদ খ হামিদুজ্জামান
গ আমিনুল ইসলাম ঘ জামাল আহমেদ উত্তর: ক

৬৭. বাংলাদেশের কোন চিত্রশিল্পী ফ্রান্সের সর্বোচ্চ উপাধি 'Knight in the order of Fine Arts and Humanities' লাভ করেন? [জাবি (সি১ ইউনিট) : ১৮-১৯]
ক শাহাবুদ্দিন আহমেদ খ সমরজিৎ রায় চৌধুরী
গ হামেশ খান ঘ মুর্তজা বশীর উত্তর: ক

৬৮. বাংলাদেশে বিমূর্ত শিল্পধারায় কার প্রভাব সবচেয়ে বেশি? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৮-১৯]
ক মোহাম্মদ কিবরিয়া খ কাজী আব্দুল বাসেত
গ মুর্তজা বশীর ঘ আবদুর রাজ্জাক উত্তর: ক

৬৯. বাংলাদেশের চিত্রশিল্পীদের মধ্যে ইমেরিটাস অধ্যাপক হবার গৌরব অর্জন করেন- [ঢাবি (চ ইউনিট) : ১৬-১৭]
ক জয়নুল আবেদিন খ মোহাম্মদ কিবরিয়া
গ সফিউদ্দীন আহমেদ ঘ কাইয়ুম চৌধুরী উত্তর: খ

৭০. শিল্পী মুর্তজা বশীর সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছিলেন—[ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫]
ক মুক্তিযুদ্ধে খ স্বৈরাচার-বিরোধী আন্দোলনে
গ ছয় দফা আন্দোলনে ঘ ভাষা আন্দোলনে উত্তর: ঘ

৭১. ভাষা আন্দোলনের উপর আঁকা প্রথম ছবি 'রক্তাক্ত ২১'-এর চিত্রশিল্পী কে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডি ইউনিট) : ২৪-২৫]
ক সাহাবুদ্দিন আহমেদ খ আমিনুল ইসলাম
গ মনিরুল ইসলাম ঘ মুর্তজা বশীর উত্তর: ঘ

Scanned with CamScanner

৭২. 'এপিটাফ' কোন শিল্পীর সিরিজ চিত্রকর্ম? [রাবি (আই ইউনিট) : ১৭-১৮]
ⓚ রুবেন্স ⓐ কাইয়ুম চৌধুরী
ⓖ কামরুল হাসান ⓖ মুর্তজা বশীর উত্তর: ঘ

৭৩. ট্যাপেস্ট্রি মাধ্যমটি বাংলাদেশের শিল্পকলায় জনপ্রিয় করে তোলেন – [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ২১-২২]
ⓚ শিল্পী কামরুল হাসান ⓐ শিল্পী রশিদ চৌধুরী
ⓖ শিল্পী হাশেম খান ⓖ শিল্পী তাজুল ইসলাম উত্তর: খ

৭৪. শিল্পী রশিদ চৌধুরী মূলত একজন- [রাবি (এ ইউনিট) : ১৯-২০]
ⓚ চিত্রশিল্পী ⓐ ছাপচিত্রী
ⓖ ভাস্কর ⓖ ট্যাপেস্ট্রি শিল্পী উত্তর: ঘ

৭৫. রশিদ চৌধুরী কোন শিল্প-মাধ্যমে শিল্পী হিসেবে বিখ্যাত? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি২ ইউনিট) : ১০-১১]
ⓚ ছাপচিত্র ⓐ তেল রং
ⓖ ভাস্কর্য ⓖ বয়নশিল্প উত্তর: ঘ

৭৬. মুস্তফা মনোয়ার হলেন একজন- [DOE'র ল্যাবরেটরি অ্যাটেনডেন্ট : ২০]
ⓚ চিত্রশিল্পী ⓐ কারুশিল্পী
ⓖ স্থাপত্যশিল্পী ⓖ ভাস্কর্যশিল্পী উত্তর: ক

৭৭. বাংলায় শিক্ষামূলক কার্টুন সিরিজ 'মীনা' কোন শিল্পীর সৃষ্টি? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ৪-পালি) : ১৪-১৫]
ⓚ তানভীর কবির ⓐ মুস্তফা মনোয়ার
ⓖ রফিকুন নবী ⓖ মৃণাল হক উত্তর: খ

৭৮. বাংলাদেশে অনুষ্ঠিত সাফ গেমসের প্রতীক মিশুকের নির্মাতা কে? [১১তম বিসিএস]
ⓚ মোস্তফা মনোয়ার ⓐ হামিদুজ্জামান খান
ⓖ শামীম সিকদার ⓖ আবদুল্লাহ খালেদ উত্তর: ক

৭৯. মিশুকের স্থপতি কে? [পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব : ১৩]
ⓚ মোস্তফা মনোয়ার ⓐ হামিদুর রহমান
ⓖ শামীম সিকদার ⓖ হামিদুজ্জামান খান উত্তর: ক

৮০. ব্যঙ্গচিত্রশিল্পী হিসেবে অধিক পরিচিত- [ঢাবি (খ ইউনিট) : ০২-০৩]
ⓚ রফিকুন্নবী ⓐ হাশেম খান
ⓖ কাইয়ুম চৌধুরী ⓖ এসএম সুলতান উত্তর: ক

৮১. 'টোকাই' (Tokai) চরিত্রটি কোন শিল্পীর সৃষ্টি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইউনিট-এ : গ্রুপ-১) : ২০-২১/ জাবি (সি১ ইউনিট) : ১৮-১৯]
ⓚ শিল্পী কাইয়ুম চৌধুরী ⓐ শিল্পী কালিদাস কর্মকার
ⓖ শিল্পী শিশির ভট্টাচার্য ⓖ শিল্পী রফিকুন্নবী উত্তর: ঘ

৮২. 'প্রথম আলো' দৈনিক পত্রিকার মূল কার্টুনশিল্পী কে? [কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০-১১]
ⓚ আলোকেশ ঘোষ ⓐ মামুনুর রশিদ
ⓖ শিশির ভট্টাচার্য ⓖ হাশেম খান উত্তর: গ

## বাংলাদেশের কারু ও লোকশিল্প

*তাঁত ও বয়ন শিল্প* এর সুনাম বহুকালের। প্রাচীন বাংলার দুকুল কাপড়ের বেশ খ্যাতি ছিল। কৌটিল্য বলেছেন, পুণ্ড্রদেশের (উত্তরবঙ্গ) দুকূল শ্যামবর্ণ এবং মণির মতো মসৃণ। এ দেশের মসলিন ও জামদানিরও রয়েছে বিশ্বজোড়া খ্যাতি। ব্রহ্মপুত্র নদের তীরবর্তী কোন কোন এলাকায় ফুটি নামে এক প্রকার তুলা জন্মাত। এর সুতা থেকে তৈরি হতো সবচেয়ে সূক্ষ্ম মসলিন বস্ত্র। মসলিন মুগল সম্রাটদের বিলাসের বস্তু ছিল। হস্তচালিত তাঁত শিল্পেরই ফসল ঢাকাই মসলিন। আর সূক্ষ্ম জমিনের ওপর দুটি তোলা বিচিত্র সব নকশামণ্ডিত মসলিনের নাম হচ্ছে জামদানি। জামদানি মূলত মসলিনেরই অংশ। সময়ের প্রয়োজনে মসলিন, জামদানি কালের আবর্তে বিলীন হলেও 'মসলিন' এর একটি ছোট টুকরো এখনও জাতীয় জাদুঘরে সংরক্ষিত আছে। বিশ্ব কারুশিল্প পরিষদ (World Crafts Council) জামদানি শিল্পের পীঠস্থান হিসেবে নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁকে World Crafts City এর মর্যাদা দিয়েছে। ঢাকাই মসলিনের মতো বিখ্যাত ছিল কুমিল্লার খাদি কাপড়। খদ্দর (খাদি) গুজরাটি শব্দ। তুলা থেকে প্রথমে হাতে কাটা হয় সুতা। তারপর সেই সুতা থেকে হাতে চালানো তাঁতে বোনা হয় খাদি কাপড়। কোনো বিয়ে বা জমকালো অনুষ্ঠানে মেয়েদের প্রথম পছন্দের তালিকায় থাকে বেনারশী শাড়ির নাম। বর্তমানে ঢাকার মিরপুরের ১১ ও ১২ নম্বর বেনারশী পল্লী হিসেবে ব্যাপকভাবে পরিচিত।

*নকশিকাঁথা* : বাংলাদেশের যশোর অঞ্চলের নকশিকাঁথা শীর্ষস্থানীয়।

*মৃৎশিল্প* : সখের হাঁড়ি হচ্ছে মাটির তৈরি পাত্র। রাজশাহীর কতিপয় কুমার পরিবার তৈরি করে। সরাচিত্র মাটির তৈরি চালুনের মতো বড় আকারের ঢাকনা। কুমাররা নরম এঁটেল মাটি হাত দিয়ে টিপে টিপে যে পুতুল তৈরি করে তাকে টেপা পুতুল বলে।

*শীতলপাটি* তৈরি হয় মুর্তা নামক গুল্ম জাতীয় উদ্ভিদের ছাল থেকে।

## MCQ Solution

১. দেশীয় উৎপন্ন জিনিস দিয়ে দেশের মানুষের হাতে তৈরি প্রয়োজনীয় দ্রব্যকে কি বলে? [DGFP'র পরিবারকল্যাণ প্রশিক্ষণার্থী : ১৩]
ⓚ লোক শিল্প ⓐ শিল্পজাত দ্রব্য
ⓖ রফতানিজাত দ্রব্য ⓖ কুটির শিল্প উত্তর: ক

২. বাংলাদেশে কোন শিল্পের সুনাম বহুকালের? [সমবায় অধিদপ্তরের মাঠ সহকারী : ১৮]
ⓚ কারু শিল্প ⓐ তাঁত শিল্প
ⓖ কাঁসা শিল্প ⓖ মৃৎ শিল্প উত্তর: খ

৩. কোন গ্রন্থে বাংলার প্রাচীন বয়নশিল্পের উল্লেখ পাওয়া যায়? [ডাক অধিদপ্তরের ইন্সপেক্টর অব পোস্ট অফিসেস : ২৪/ কুবি (বি ইউনিট) : ১৮-১৯]
ⓚ রামচরিত ⓐ কৌটিল্যের অর্থশাস্ত্র
ⓖ আর্যমঞ্জুশ্রীমূলকল্প ⓖ চর্যাপদ উত্তর: খ

৪. কোন আমলে প্রাচীন বাংলার গৌরব 'মসলিন কাপড়' ঢাকায় তৈরি হত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ⓚ পাল আমলে ⓐ মুগল আমলে
ⓖ সেন আমলে ⓖ ইংরেজ আমলে উত্তর: খ

৫. কোনটি মুগল বাদশাহদের বিলাসের বস্তু ছিল? [পরিবার পরিকল্পণা অধিদপ্তর পরিবারকল্যাণ প্রশিক্ষণার্থী : ১৩]
ⓚ মসলিন ⓐ জামদানি
ⓖ নকশিকাঁথা ⓖ খাট-পালঙ্ক উত্তর: ক

Scanned with CamScanner

৬. **ইতিহাস খ্যাত 'মসলিন' এর একটি ছোট টুকরো এখনও সংরক্ষিত আছে?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ⓚ মুক্তিযুদ্ধ জাদুঘরে ⓛ বরেন্দ্র জাদুঘরে
ⓖ লালবাগ দুর্গে ⓘ জাতীয় জাদুঘরে **উত্তর: ঘ**

৭. **মসলিন কাপরের সুতা তৈরিতে কোন তুলা ব্যবহার করা হয়?** [বশেমুরবিপ্রবি (ঘ ইউনিট) : ১৯-২০]
ⓚ ফুটি কার্পাস ⓛ মিহি কার্পাস
ⓖ রেশম কার্পাস ⓘ গুটি কার্পাস **উত্তর: ক**

৮. **Which city is known as 'Cratf city of Jamdani?** [UCB Probationary Officer : 20]
ⓐ Mymenshing ⓑ Gazipur
ⓒ Narsingdi ⓓ Narayangonj **Ans. d**

৯. **'খদ্দর' শব্দ বাংলা ভাষায় এসেছে-** [জনতা ব্যাংক লি. (AEO) : ১৫]
ⓚ গুজরাটি থেকে ⓛ হিন্দি থেকে
ⓖ উর্দু থেকে ⓘ বর্মি থেকে **উত্তর: ক**

১০. **খাদি কাপড়ের অন্যতম বৈশিষ্ট্য কি?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তর পরিবারকল্যান (FWV) প্রশিক্ষণার্থী : ১৩]
ⓚ এটি অত্যন্ত টেকসই ⓛ এটি সাধারণ মানুষের ব্যবহার্য
ⓖ এটি অত্যন্ত কমদামের ⓘ এটি হাতের তৈরি **উত্তর: ঘ**

১১. **ঢাকা শহরের কোন এলাকায় বেনারশী শাড়ি তৈরি হয়?** [শ্রম অধিদপ্তরে শ্রম কর্মকর্তা : ০৩]
ⓚ ডেমরা ⓛ টঙ্গী
ⓖ মিরপুর ⓘ তাঁতীবাজার **উত্তর: গ**

১২. **কোন অঞ্চলের নকশিকাঁথা শীর্ষস্থানীয়?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি) উপ-ইউনিট) : ২৪-২৫/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) : ২২-২৩]
ⓚ যশোর ⓛ রাজশাহী
ⓖ ফরিদপুর ⓘ চট্টগ্রাম **উত্তর: ক**

১৩. **সখের হাঁড়ি কোন শিল্প বৈশিষ্ট্যের জন্য সমাদৃত?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৮-১৯]
ⓚ মৃৎশিল্প ⓛ বয়নশিল্প
ⓖ চিত্রশিল্প ⓘ ভাস্কর্যশিল্প **উত্তর: ক**

১৪. **'সখের হাঁড়ি' কোন অঞ্চলের লোক শিল্প?** [রাবি (আই ইউনিট) : ১৭-১৮]
ⓚ রাজশাহী ⓛ যশোর
ⓖ ঢাকা ⓘ ময়মনসিংহ **উত্তর: ক**

১৫. **সখের হাঁড়ি এক ধরনের-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ২১-২২]
ⓚ ঐতিহ্যবাহী লোকশিল্প ⓛ ক্ষুদ্র নৃ- গোষ্ঠীর কারুকর্ম
ⓖ আধুনিক মৃৎশিল্প ⓘ ধাতব শিল্প **উত্তর: ক**

১৬. **'টেপা পুতুল'- এর মূল উপকরণ কোনটি?** [ঢাবি (চ ইউনিট) : ২০-২১]
ⓚ কাঠ ⓛ কাপড়
ⓖ তুলা ⓘ মাটি **উত্তর: ঘ**

১৭. **'শীতল পাটি' তৈরি হয় কি দিয়ে?** [ঢাকা বিশ্ব: (চ ইউনিট) : ১৭-১৮]
ⓚ বাঁশ গাছের বাকল ⓛ পৈতার গাছের বাকল
ⓖ মূর্তা গাছের বাকল ⓘ বেত গাছের বাকল **উত্তর: গ**

## ভাস্কর্য

বাংলাদেশের বিখ্যাত ভাস্কর্যশিল্পীদের মধ্যে উল্লেখযোগ্য হলেন- সৈয়দ মাইনুল হোসেন, নিতুন কুণ্ডু, হামিদুজ্জামান খান, আজিজুল জলিল পাশা, নভেরা আহমেদ, মৃণাল হক, সৈয়দ আবদুল্লাহ খালিদ, আবদুর রাজ্জাক, শামীম সিকদার, প্রভৃতি।

**নিতুন কুণ্ডু** (১৯৩৫ - ২০০৬ খ্রি.) বাংলাদেশের একজন বিখ্যাত ভাস্কর, চিত্রশিল্পী এবং নকশাবিদ। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মুক্তিযুদ্ধভিত্তিক ভাস্কর্য 'সাবাস বাংলাদেশ' তাঁর অমর কীর্তি। ঢাকার কাওরানবাজারের 'সার্ক ফোয়ারা' এবং ঢাকার হাইকোর্ট সংলগ্ন 'কদম ফোয়ারা' তাঁর উল্লেখযোগ্য শিল্পকর্ম।

**আজিজুল জলিল পাশা** এর উল্লেখযোগ্য ভাস্কর্য 'দোয়েল চত্বর' এবং 'শাপলা চত্বর'। 'দোয়েল চত্বর' ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল সংলগ্ন সড়কদ্বীপে স্থাপিত দোয়েল পাখির একটি ভাস্কর্য। 'শাপলা চত্বর' ঢাকার মতিঝিল এলাকায় স্থাপিত শাপলা ফুলের একটি ভাস্কর্য।

**হামিদুজ্জামান খান** (১৯৪৬ - বর্তমান) এর ভাস্কর্যগুলোর মধ্যে বঙ্গভবনের 'পাখি পরিবার', ১৯৮৮ সালে সিউল অলম্পিকের 'স্টেপস' (সিঁড়ি) এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে মুক্তিযুদ্ধভিত্তিক স্মারক ভাস্কর্য 'সংশপ্তক' উল্লেখযোগ্য।


সংশপ্তক

**নভেরা আহমেদ** বাংলাদেশের প্রথম মহিলা ভাস্কর। তিনি বাংলাদেশে আধুনিক ভাস্কর্য শিল্পের পথিকৃৎ। পঞ্চাশের দশকের মধ্যভাগ থেকে ষাটের দশকের প্রারম্ভে ভাস্কর্য শিল্পে নভেরার উত্থান। তাঁর উল্লেখযোগ্য ভাস্কর্যের মধ্যে রয়েছে 'চাইল্ড ফিলোসফার', 'ইকারুস', 'পরিবার (অন্য নাম - কাউ উইথ টু ফিগারস)', 'জেব্রা ক্রসিং', 'এক্সটার্মিনেটিং এঞ্জেল', 'যুগল' প্রভৃতি।

**শামীম শিকদার** বাংলাদেশের একজন খ্যাতনামা মহিলা ভাস্কর। ঢাকা বিশ্ববিদ্যালয়ে অবস্থিত 'স্বোপার্জিত স্বাধীনতা' ও 'স্বাধীনতা সংগ্রাম' ভাস্কর্য দু'টি তাঁর অমর কীর্তি।

**মৃণাল হক** 'গোল্ডেন জুবিলী টাওয়ার', 'রাজসিক বিহার' এবং 'দুর্জয়' ভাস্কর্য নির্মাণের জন্য সর্বাধিক পরিচিত। ২০০৩ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তি উপলক্ষে নির্মিত হয় 'গোল্ডেন জুবিলী টাওয়ার'। ঢাকা মহানগরীর ৪০০ বছর পূর্তি উপলক্ষে কাজী নজরুল ইসলাম এভিনিউ'র হোটেল ইন্টার কন্টিনেন্টালের সামনে নির্মাণ করা হয় 'রাজসিক বিহার'। ঢাকার রাজারবাগ পুলিশ লাইনে স্থাপিত হয়েছে মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য 'দুর্জয়'।


রাজসিক বিহার

Scanned with CamScanner

## MCQ Solution

১. নিতুন কুণ্ডু একজন প্রখ্যাত - [রাজশাহী বিশ্ব: (এ-৬ ইউনিট) : ১২-১৩]
ক নাট্যকার খ সংগীতকার
গ ভাস্কর ঘ চলচ্চিত্রকার উত্তর: গ

২. 'সাবাস বাংলাদেশ' ভাস্কর্যটি কোথায় অবস্থিত? [৩৩তম বিসিএস/ বাংলাদেশ নির্বাচন কমিশন অফিস সহায়ক : ২৩/ EMRD'র কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২২]
ক টি এস সি মোড়ে খ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে
গ রেডক্রস ময়দানে ঘ ঢাকা বিশ্ববিদ্যালয়ে উত্তর: খ

৩. 'সাবাস বাংলাদেশ' ভাস্কর্যটির শিল্পী বা ভাস্কর কে? [৪২তম বিসিএস (বিশেষ)/ ২৬তম বিসিএস/ BPSC'র সিনিয়র স্টাফ নার্স : ২৪]
ক হামিদুজ্জামান খ নিতুন কুণ্ডু
গ মৃণাল হক ঘ শামিম শিকদার উত্তর: খ

৪. সার্ক ফোয়ারার ভাস্কর কে? [পল্লী উন্নয়ন বোর্ড - এর মাঠকর্মী : ১৪]
ক রাশা খ মৃণাল হক
গ নিতুন কুণ্ডু ঘ হামিদুর রহমান উত্তর: গ

৫. Where is the monument "Sangshaptak" Situated? [Janangirnagar University (C Unit - Set 1) : 16-17]
Or,
'সংশপ্তক' ভাস্কর্যটি কোথায় অবস্থিত? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইউনিট-এ : গ্রুপ-১) : ২০-২১/ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার : ৯৩]
ⓐ At University of Dhaka
ⓑ At Rajshahi University
ⓒ At Khulna University
ⓓ At Janangirnagar University Ans. d

৬. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অবস্থিত সংশপ্তক ভাস্কর্যটির বিষয়বস্তু কি? [জবি (সি ইউনিট) : ১৪-১৫]
ক ভাষা আন্দোলন খ স্বৈরাচার বিরোধী আন্দোলন
গ মুক্তিযুদ্ধ ঘ ৬৯-এ গণঅভ্যুত্থান উত্তর: গ

৭. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগারের সম্মুখে স্থাপিত ভাস্কর্য 'সংশপ্তক' এর ভাস্কর - [জাহাঙ্গীরনগর বিশ্ব: (কলা) : ১২-১৩]
ক আবদুর রাজ্জাক খ মৃণাল হক
গ হামিদুজ্জামান খান ঘ শামীম শিকদার উত্তর: গ

৮. ১৯৮৮ সালের সিউল অলিম্পিকে বাংলাদেশের কোন ভাস্করের শিল্পকর্ম প্রদর্শনীতে স্থান পায়? [১০তম বিসিএস]
ক শামীম শিকদার খ সৈয়দ আব্দুল্লাহ খালিদ
গ হামিদুজ্জামান খান ঘ আব্দুস সুলতান উত্তর: গ

৯. 'স্টেপস' ভাস্কর্যটি সিউল অলিম্পিকের পার্কে স্থান পেয়েছিল। এর ভাস্কর এর নাম- [১৭তম বিসিএস/ হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের অডিটর : ২২]
ক নভেরা আহমেদ খ হামিদুজ্জামান খান
গ আব্দুল্লাহ খালেদ ঘ সুলতানুল ইসলাম উত্তর: খ

১০. দোয়েল চত্বরের স্থপতি কে? [SFDF'র মাঠ সংগঠক : ২৩]
ক শামীম শিকদার খ আজিজুল জলিল পাশা
গ রফিক আজম ঘ নিতুন কুণ্ডু উত্তর: খ

১১. ঢাকা মতিঝিলের শাপলা চত্বরের স্থপতি কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি১ ইউনিট) : ১৮-১৯]
ক লুই আই কান খ আজিজুল জলিল পাশা
গ মজহারুল ইসলাম ঘ হামিদুর রহমান উত্তর: খ

১২. নভেরা আহমেদের পরিচয় কী হিসাবে? [৪৫তম বিসিএস/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি১ ইউনিট) : ১৮-১৯]
ক কবি খ নাট্যকার
গ কণ্ঠশিল্পী ঘ ভাস্কর উত্তর: ঘ

১৩. বাংলাদেশের আধুনিক ভাস্কর্য শিল্পের পথিকৃৎ কে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (চারুকলা) : ২৪-২৫/ ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ২০-২১]
ক নভেরা আহমেদ খ সৈয়দ আবদুল্লাহ খালিদ
গ আবদুর রাজ্জাক ঘ হামিদুজ্জামান খান উত্তর: ক

১৪. পঞ্চাশের দশকের বিখ্যাত নারী শিল্পী কে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৭-১৮]
ক নভেরা আহমেদ খ নাজলী লায়লা মনসুর
গ শামীম শিকদার ঘ ফরিদা জামান উত্তর: ক

১৫. 'চাইল্ড ফিলোসফার' ভাস্কর্যের ভাস্কর কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি৭ ইউনিট : সেট ১ : শিফট ৩) : ১৫-১৬]
ক লিওনার্দো দ্য ভিঞ্চি খ হেনরি ম্যুর
গ নভেরা আহমেদ ঘ শামীম শিকদার উত্তর: গ

১৬. 'ইকারুস' ভাস্কর্যের ভাস্কর কে? [বাংলাদেশ রেলওয়ে বুকিং সহকারী : ২৪/ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি৭ ইউনিট) : ১৫-১৬]
ক লিওনার্দো দ্যা ভিঞ্চি খ হেনরি ম্যুর
গ নভেরা আহমেদ ঘ শামীম শিকদার উত্তর: গ

১৭. 'কাউ উইথ টু ফিগারস' শীর্ষক প্রাঙ্গণ ভাস্কর্যটি কার গড়া? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি১ ইউনিট) : ২০-২১/ ঢাবি (চ-ইউনিট): ১৮-১৯]
ক নভেরা আহমেদ খ সৈয়দ আব্দুল্লাহ খালিদ
গ আবদুর রাজ্জাক ঘ হামিদুজ্জামান খান উত্তর: ক

১৮. বাংলাদেশের খ্যাতনামা মহিলা ভাস্করের নাম কি? [কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট) : ১২-১৩]
ক রেবেকা সুলতানা খ সুলতানা জলি
গ শামীম শিকদার ঘ নাজমা আক্তার উত্তর: গ

১৯. স্বোপার্জিত স্বাধীনতা কোথায় অবস্থিত? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি-৫ ইউনিট : সেট-১) : ১৫-১৬]
ক রাজশাহী বিশ্ববিদ্যালয় খ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
গ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ঘ ঢাকা বিশ্ববিদ্যালয় উত্তর: ঘ

২০. 'স্বোপার্জিত স্বাধীনতা'র স্থপতির নাম- [SBC'র জুনিয়র অফিসার : ২৪/ BPSC সচিবালয়ের অফিস সহায়ক : ২৪]
ক মৃণাল হক খ নিতুন কুণ্ডু
গ শামীম শিকদার ঘ কাইয়ুম চৌধুরী উত্তর: গ

২১. মুক্তিযুদ্ধভিত্তিক ভাস্কর্য 'স্বাধীনতার সংগ্রাম' কোথায় স্থাপিত? [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার : ১৭]
ক চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
গ খুলনা বিশ্ববিদ্যালয় ঘ ঢাকা বিশ্ববিদ্যালয় উত্তর: ঘ

Scanned with CamScanner

২২. 'স্বাধীনতা সংগ্রাম' ভাস্কর্যটির স্থপতি কে? [CGA'র নিরীক্ষক : ২৩]
ক) শামল চৌধুরি খ) শামীম শিকদার
গ) তৌফিক হাসান ঘ) তানভীর কবির উত্তর: খ

২৩. Who is the sculptor of the sculpture *'Rajoshik Bihar'*? / 'রাজসিক বিহার' ভাস্কর্যটির ভাস্কর কে? [Mercantile Bank Ltd. Probationary Officer : 10]
a) Mahbubur Rahman
b) Nitun Kundu c) Rasha
d) Mrinal Sen e) None of these Ans. e

২৪. 'গোল্ডেন জুবিলি টাওয়ার' এর অবস্থান কোথায়? [জাতীয় সমাজ কল্যাণ পরিষদের প্রোগ্রাম অফিসার ও প্রটোকল অফিসার : ০৬]
ক) ঢাকা খ) চট্টগ্রাম
গ) রাজশাহী ঘ) খুলনা উত্তর: গ

২৫. রাজারবাগ পুলিশ লাইনে 'দুর্জয়' ভাস্কর্যটির শিল্পী কে? [১৭তম বিসিএস/ CAAB এর ইন্সপেক্টর : ২১]
ক) হামিদুর রহমান খ) মৃণাল হক
গ) শামিম শিকদার ঘ) নভেরা আহমেদ উত্তর: খ

### সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

একুশে পদক ভাষা আন্দোলনে আত্মদানকারী শহিদদের স্মৃতির উদ্দেশ্যে সরকার কর্তৃক প্রবর্তিত একটি বেসামরিক পুরস্কার। ১৯৭৬ সালে জিয়াউর রহমান এ পুরস্কার প্রবর্তন করেন। এ পুরস্কারের জন্য বিবেচ্য ক্ষেত্রগুলি হলো সাহিত্য, সাংবাদিকতা, শিক্ষা, গবেষণা, অর্থনীতি ও দারিদ্র্য বিমোচন, শিল্প-সংস্কৃতি, সংগীত, নৃত্য, চারুকলা, নাট্যাভিনয়, ভাস্কর্য ও ভাষা আন্দোলনে অবদান। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উল্লেখযোগ্য প্রতিষ্ঠান-

- **গণগ্রন্থাগার অধিদপ্তর** : সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার (পূর্বনাম বাংলাদেশ কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরি) ঢাকার শাহবাগে অবস্থিত। ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার' দিবস হিসেবে পালিত হয়।
- **আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর** ঢাকার শেরেবাংলা নগরের আগারগাঁও-এ অবস্থিত।
- **জাতীয় গ্রন্থকেন্দ্র** গুলিস্তানের গোলাপ শাহ মাজারের নিকট অবস্থিত।
- **কপিরাইট অফিস** : বাংলাদেশে কপিরাইট আইন প্রণীত হয় ২০০০ সালে।
- **বাংলা একাডেমি** বাঙালি জাতিসত্তার প্রতীক। ভাষা আন্দোলনের প্রেক্ষাপটে ১৯৫৫ সালের ৩ ডিসেম্বর (১৩৬২ বঙ্গাব্দের ১৭ অগ্রহায়ণ) ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে অবস্থিত বর্ধমান হাউসে এটি প্রতিষ্ঠিত হয়। বাংলা ভাষা ও সাহিত্য বিষয়ে প্রতিষ্ঠানটি সর্বাধিক খ্যাতি লাভ করেছে। এর স্বপ্নদ্রষ্টা ছিলেন ড. মুহাম্মদ শহীদুল্লাহ। ১৯৫৬ সালে ড. মুহাম্মদ এনামুল হক বাংলা একাডেমির প্রথম পরিচালকের দায়িত্বভার গ্রহণ করেন। স্বাধীনতা যুদ্ধের পর ১৯৭২ সালে বাংলা একাডেমির প্রধান নির্বাহী হিসেবে মহাপরিচালকের পদ সৃষ্টি করা হয় এবং অধ্যাপক মযহারুল ইসলাম প্রথম মহাপরিচালক নিযুক্ত হন। একাডেমির মূল মিলনায়তনের নাম আবদুল করিম সাহিত্য বিশারদ মিলনায়তন।

বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার প্রবর্তন করা হয় ১৯৬০ সালে। বাংলা ভাষা ও সাহিত্য ক্ষেত্রে সামগ্রিক অবদানের জন্য লেখকদের সৃজনী প্রতিভার স্বীকৃতি স্বরূপ এ পুরস্কার প্রদান করা হয়। প্রতি বছর ফেব্রুয়ারি মাসে বর্ধমান হাউস প্রাঙ্গনে আয়োজিত হয় ঐতিহ্যবাহী অমর একুশে গ্রন্থমেলা (একুশে বইমেলা)। ১৯৭২ সালে বাংলা একাডেমি প্রাঙ্গণে মেলা শুরু হয়, তবে বাংলা একাডেমি আনুষ্ঠানিকভাবে প্রতিবছর বইমেলার আয়োজন করার জন্য ১৯৭৮ সালে দায়িত্ব গ্রহণ করে। গ্রন্থমেলার উদ্বোধনী অনুষ্ঠানে বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার প্রদান করা হয়। বর্ধমান হাউসের দ্বিতীয় তলায় রয়েছে নজরুল স্মৃতিকক্ষ। বর্ধমান হাউসের ঠিক সামনে বিশালাকার বটগাছের নিচে রয়েছে নজরুল মঞ্চ। বাংলা একাডেমি বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের সার্ধশত জন্মবার্ষিকী উপলক্ষে ২০১০ সাল থেকে রবীন্দ্র পুরস্কার প্রবর্তন করে।

বাংলা একাডেমি থেকে প্রকাশিত পত্রিকা-

| পত্রিকার নাম | ধরন |
|---|---|
| উত্তরাধিকার | ১৯৭৩ সালে মাসিক পত্রিকা হিসেবে প্রথম প্রকাশিত হয়। বর্তমানে ত্রৈমাসিক পত্রিকা হিসাবে প্রকাশিত হয়। |
| বাংলা একাডেমি পত্রিকা | গবেষণামূলক ত্রৈমাসিক। |
| ধানশালিকের দেশ | ত্রৈমাসিক কিশোর পত্রিকা |
| বাংলা একাডেমি বিজ্ঞান পত্রিকা | ষাণ্মাসিক |
| বাংলা একাডেমি জার্নাল | ইংরেজি ভাষায় প্রকাশিত ষাণ্মাসিক পত্রিকা |
| বাংলা একাডেমি বার্তা | অনিয়মিত ত্রৈমাসিক। |
| বাংলা একাডেমি ফোকলোর পত্রিকা | ষাণ্মাসিক |
| বাংলা একাডেমি অনুবাদ পত্রিকা | |

- বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রতিষ্ঠিত হয় ১৯৭৪ সালে। ঢাকার সেগুনবাগিচায় এর প্রধান কার্যালয় অবস্থিত। ১৯৭৫ সালে শিল্পকলা একাডেমির উদ্যোগে প্রথম জাতীয় চারুকলা প্রদর্শনীর যাত্রা শুরু হয়। শিল্পকলা একাডেমির বিশাল চত্বরে প্রশাসনিক ভবনের পাশাপাশি রয়েছে অত্যাধুনিক জাতীয় নাট্যশালা।

Scanned with CamScanner

১৫. বাংলা একাডেমির মূল মিলনায়তনটি কার নামে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]
ক ড. মুহাম্মদ শহীদুল্লাহ খ আবদুল করিম সাহিত্য বিশারদ
গ ভাষা-শহিদ বরকত ঘ শামসুর রাহমান উত্তর: খ

১৬. 'নজরুল স্মৃতিকক্ষ' কোথায় নির্মাণ করা হয়েছে? [কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (গ ইউনিট) : ১১-১২]
ক বাংলা একাডেমিতে খ চারুকলা ইনস্টিটিউটে
গ কলা ভবনে ঘ ময়মনসিংহে উত্তর: ক

১৭. 'নজরুল মঞ্চ' কোথায় অবস্থিত? [দুদকের সহকারি পরিচালক : ২০]
ক এশিয়াটিক সোসাইটিতে খ কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে
গ বাংলা একাডেমিতে ঘ ঢাকা বিশ্ববিদ্যালয় উত্তর: গ

১৮. বাংলা একাডেমির প্রথম মহাপরিচালক কে ছিলেন? [২৬তম বিসিএস/ বাংলা একাডেমি এর প্রুফ এডিটর : ২৩/ CAAB'র উপ-সহ: প্রকৌশলী : ২১]
ক প্রফেসর আব্দুল হাই খ ড. মুহাম্মদ শহীদুল্লাহ
গ কাজী মোতাহার হোসেন ঘ ড. এনামুল হক উত্তর:
ব্যাখ্যা: বাংলা একাডেমির প্রথম মহাপরিচালক ছিলেন অধ্যাপক মযহারুল ইসলাম (২ জুন, ১৯৭২ - ১২ আগস্ট, ১৯৭৪)।

১৯. 'বাংলা একাডেমি' সাহিত্য পুরস্কার কবে থেকে প্রবর্তিত হয়? [NIPORT'র অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক : ২৩]
ক ১৯৬০ সাল খ ১৯৬১ সালে
গ ১৯৬২ সালে ঘ ১৯৬৪ সালে উত্তর: ক

২০. বাংলাদেশে সাহিত্যে সর্বোচ্চ পুরস্কার কোনটি? [চতুর্দশ বেসরকারি প্রভাষক নিবন্ধন (কলেজ) : ১৭]
ক একুশে পদক খ স্বাধীনতা দিবস পুরস্কার
গ বাংলা একাডেমি পুরস্কার ঘ শিশু একাডেমি পুরস্কার উত্তর: গ

